The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 905 | 16 January 2026 | শুক্রবার ০২ মাঘ অগ্রহায়ণ ১৪৩২


Three Muslim Brotherhood Branches labeled as Terrorist Organizations
→ Page 19

Tax Returns Filling Starts on January 26
→ Page 18



U.S. Expands Mandatory Entry Airports for Visa Bond Holders from Three to Nine
→ Page 18

Moutushi Biswas returns with short film 'Muktir Opare'
→ Page 19


# নির্বাচনী ব্যালট জেএফকে'র গুদামে বস্তাবন্দি

মনোয়ারুল ইসলাম







বাংলাদেশের ত্রয়োদশ সংসদ নির্বাচনের পোস্টাল ব্যালট পেপার নিয়ে কেলেংকারি ঘটে গেল। প্রবাসী বাংলাদেশি ভোটারদের নামে আসা হাজারো ব্যালট পেপার নিউইয়র্কের জেএফকে বিমানবন্দরের পোস্টাল বিভাগ বস্তাবন্দী করে ফেলে রাখে। পোস্টাল ডিপার্টমেন্টের গুদামে থাকা শতাধিক ব্যালট ইতোমধ্যে গার্বেজ করা হয়েছে। বিলির অযোগ্য আখ্যায়িত করে অবশিষ্ঠ ব্যালট গুলো রাখা হয়েছিল স্টোরেজে। নির্দিষ্ট সময় পর তা গার্বেজ হিসেবে ফেলে দেবার প্রস্তুতি নেয় মার্কিন পোস্টাল বিভাগ। বাংলাদেশি আমেরিকান এক পোস্টাল কর্মির নজরে আসে বিষয়টি। তিনি কৌতুহল নিয়ে তা পোস্টাল ডিপার্টমেন্টের সিনিয়র অফিসারের নজরে আনেন। তিনি এই ব্যালট পেপারের গুরুত্ব তুলে ধরেন। নজরে আনা হয় নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট ও ওয়াশিংটন দূতাবাসের। টনক নড়ে উর্ধ্বতন কর্তপক্ষের। জরুরী ভিত্তিতে ইউএস পোস্টাল ডিপার্টমেন্ট, বাংলাদেশের নির্বাচন কমিশন ও দূতাবাসের কর্মকর্তাদের মধ্যে জুম মিটিং অনুষ্ঠিত হয়। কেন এমনটি হলো তা জানার চেষ্টা করা হয়।

এ ব্যাপারে নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হকের দৃষ্টি আকর্ষন করলে তিনি ↘ এরপর ৪১ পৃষ্ঠায়



## নিউইয়র্কে খালেদা জিয়া স্মরণে নাগরিক শোকসভা

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বাংলাদেশের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্মরণে নাগরিক শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ৯ জানুয়ারি শুক্রবার সন্ধ্যায় কুইন্সের আগ্রা প্যালেসে প্রবাসী বাংলাদেশি নাগরিক সমাজের উদ্যোগে এই শোকসভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তারা বেগম খালেদা জিয়ার জীবন ও কর্ম এবং অপসহীন রাজনৈতিক কর্মকান্ড নিয়ে আলোচনা ও স্মৃতিচারণ করে বলেন, বেগম খালেদা জিয়া ছিলেন জাতীয় ঐক্যের প্রতীক। বক্তারা খালেদা জিয়াকে একজন সৎ, নির্ভিক, দেশপ্রেমিক, দূরদর্শী সম্পন্ন রাজনীতক হিসেবে ↘ এরপর ৩৮ পৃষ্ঠায়

## বাংলাদেশিদের প্রবেশে ৯ বিমানবন্দর

### প্রতিবছর ৪ হাজার বাংলাদেশি ফেরত যান না

আজকাল রিপোর্ট



বাংলাদেশিরা ৯টি বিমান বন্দর দিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে পারবে। মার্কিন পররাষ্ট্র দপ্তর ভিসা বন্ডধারীদের জন্য বাধ্যতামূলক প্রবেশ বন্দরের তালিকা তিনটি বিমানবন্দর থেকে বাড়িয়ে নয়টি প্রধান আন্তর্জাতিক কেন্দ্রে উন্নীত করেছে। বর্ধিত এই নিয়ম অনুযায়ী, নির্দিষ্ট কিছু বি১/বি২ ভিজিটর ভিসা ধারীদের শুধুমাত্র নির্ধারিত বিমানবন্দর দিয়েই যুক্তরাষ্ট্রে প্রবশ ও প্রস্থান করতে হবে। এই পরিবর্তনটি পররাষ্ট্র দপ্তরের চলমান ভিসা বন্ড পাইলট প্রোগ্রামের একটি অংশ। যা এমন দেশগুলোর ভ্রমণকারীদের লক্ষ্য করে তৈরি করা হয়েছে যেখানে ভিজিটর ভিসার মেয়াদোত্তীর্ণ হওয়ার হার বেশি। কর্মকর্তারা বলছেন, এই সম্প্রসারণের উদ্দেশ্য হলো বন্ডের শর্তাবলী কঠোরভাবে মেনে ↘ এরপর ৪১ পৃষ্ঠায়




## ২৬ জানুয়ারি থেকে শুরু ট্যাক্স ফাইলিং

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে ট্যাক্স ফাইলিং শুরু হবে ২৬ জানুয়ারি। এ দিন থেকে করদাতারা তাদের ২০২৫ করবর্ষের ফেডারেল,স্টেট ও সিটির আয়কর রিটার্ন জমা দিতে পারবেন। ট্যাক্স ফাইলের শেষ সময় নির্ধারণ করা হয়েছে ১৫ এপ্রিল বুধবার ২০২৬।

চলতি কর মৌসুমে কার্যকর হচ্ছে ট্রাম্প প্রশাসনের আলোচিত 'ওয়ান, বিগ, বিউটিফুল বিলের একাধিক নতুন কর বিধান। এসব বিধানের ফলে করের ↘ এরপর ৫৩ পৃষ্ঠায়

## মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন'র দায়িত্ব গ্রহণ

আজকাল রিপোর্ট

বাংলাদেশে যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন গত সোমবার তার স্ত্রী ডিন ডাওকে সঙ্গে নিয়ে ঢাকায় পৌছেছেন। ↘ এরপর ৩৮ পৃষ্ঠায়



## গ্রেসি ম্যানসনে মামদানি

আজকাল রিপোর্ট

গ্রেসি ম্যানসনে উঠেছেন নিউইয়র্ক সিটির নবনির্বাচিত মেয়র জোহরান মামদানি। ১২ জানুয়ারি সোমবার স্ত্রী রামা দুওয়াজিকে নিয়ে এই সরকারি বাসভবনে ওঠেন তিনি। নতুন এই মেয়র ↘ এরপর ৪১ পৃষ্ঠায়



আরবি শিখুন,
বাচ্চাদের শেখান
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
Contact Us
TWO FREE SESSIONS!

GOLDEN AGE HOME CARE
PCA/HHA Home care & Skilled Nursing
718-775-7852

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায়
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
Mohammed Hasem, EA, MBA
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416








সাপ্তাহিক আজকাল
Friday, 16 January 2026, Issue 905, www.ajkalusa.com



# বাংলাদেশি দুই ছাত্রের সন্ধানে নেমেছে আইস

আজকাল রিপোর্ট

বাংলাদেশি দুইজন ছাত্র নিউইয়র্কের জ্যামাইকায় একজন বাংলাদেশির বাড়িতে এক রুম ভাড়া নিয়ে বসবাস করছিলেন। তারা পড়ালেখার পাশাপাশি অবসর সময়ে স্থানীয় রেস্টুরেন্টে চাকরি করতেন। বাড়ির মালিক শিহাব আবেদিন 'আজকাল'কে জানান, সম্প্রতি তিনি তার ছোট সন্তানকে নিয়ে স্কুলে যান সকাল সাড়ে ৭টায়। তিনি বের হয়ে যাবার পরপরই দুইজন ব্যক্তি বাসায় এসে দরজা খুলতে বলেন। আমার স্ত্রী দরজা খুলার সাথে সাথে তারা নিজেদের 'আইস পুলিশ' পরিচয় দিয়ে দুইজন ছাত্রের ব্যাপারে তথ্য জানতে চান। তারা কোন রুমে থাকেন তা দেখিয়ে দিতে বলেন। তিনি আইস পুলিশকে জানান, তারা গত মাসেই আমাদের বাসা ছেড়ে চলে গেছেন। কোথায় গিয়ে বাসা নিয়েছেন বা দেশে চলে গেছেন কি-না কিছুই আমি জানি না। তারা তখন নির্দেশ করেন তোমার স্বামীকে আসতে বলো। আমার স্ত্রী আইস পুলিশ জানিয়েছে যে, আমার স্বামী ছোট ছেলেকে নিয়ে স্কুলে গেছেন। আসতে কিছুটা দেরি হতে পারে। তখন আইস পুলিশরা বলেন, 'তোমার আইডি দেখাও'। তিনি ভেতরে ঢুকে পাসপোর্ট নিয়ে এসে তাদেরকে দেখালে তারা চলে যান।



বাড়ির মালিক জানান, বাংলাদেশের কুমিল্লা ও সিলেটের দুইজন শিক্ষার্থী 'স্টুডেন্ট ভিসায়' আমেরিকায় আসেন। তারা লেখাপড়ার পাশাপাশি চাকরি করতেন। ৫ মাস আগে তারা রুমটি ভাড়া নেন। পরবর্তী সময়ে তারা তাদের কাজের সুবিধার কথা জানিয়ে বাসা ছেড়ে চলে যান। তারপর থেকে তাদের সঙ্গে আর কোন যোগাযোগ নেই। তাদেরকে খুঁজতে কি কারণে আইস পুলিশ বাসা পর্যন্ত এরপর ২৭ পৃষ্ঠায়



# ওয়াশিংটনের ন্যাশনাল প্রেসক্লাবে খালেদা জিয়ার স্মরণসভা

আজকাল রিপোর্ট

ওয়াশিংটনের ন্যাশনাল প্রেসক্লাবে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার স্মরণে শোক সভার আয়োজন করা হয়েছে। গত ১২ জানুয়ারি এ সভার আয়োজন করেন ন্যাশনাল প্রেসক্লাবের সদস্য ও মেক্সিকোতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী।

অনুষ্ঠানে ওয়াশিংটনের কূটনৈতিক, সাংবাদিক ও নীতি নির্ধারকরা বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে বেগম জিয়ার রাজনৈতিক সংগ্রাম, আত্মত্যাগ এবং বাংলাদেশের সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠায় তাঁর ঐতিহাসিক ভূমিকার কথা তুলে ধরেন। স্মরণসভায় বক্তব্য রাখেন প্রেসক্লাবের নবনির্বাচিত ১১৯তম প্রেসিডেন্ট হিসেবে মার্ক শেফ, এপি'র এরপর ৩৪ পৃষ্ঠায়



# শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই'র নতুন কমিটি গঠন

আজকাল রিপোর্ট

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই, আমেরিকার নতুন কার্যকরি কমিটি গঠিত হয়েছে। ১৭ সদস্য বিশিষ্ট কমিটিতে সভাপতি ও সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছেন যথাক্রমে মনোয়ারুল ইসলাম ও প্রভাত বোস। ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন ৫ জানুয়ারি সোমবার সংগঠনের এক বর্ধিত সভায় এ কমিটি ঘোষণা করে। ড. গোলাম সামদানী তরফদারের নেতৃত্বে নির্বাচন কমিশনের অপর ২ জন সদস্য এরপর ২৪ পৃষ্ঠায়

# মুনার লিডারশীপ এডুকেশন সেশন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা (মুনা)'র লিডারশীপ এডুকেশন সেশনে আলোচকবৃন্দ বলেছেন, আল্লাহর দিকে ডাকা (দাওয়াত দেয়া) হচ্ছে সবচেয়ে বড় নবুয়তি কাজ। এ কাজের জন্য দিকনির্দেশনা দিয়েছেন বিশ্বনবি হযরত মুহাম্মদ (সাঃ)। দাওয়াত একজন মুমিন (ঈমানদার) এর জীবনের অন্যতম মিশন। মানুষের মাঝে ইসলামের দাওয়াত দেওয়া ঈমানের অপরিহার্য দাবী। গত ১১ জানুয়ারী দিনব্যাপী এডুকেশন সেশনে বক্তারা এসব কথা বলেন।

বক্তারা বলেন, দ্বীন ইসলামের মূল উদ্দেশ্য হচ্ছে মানুষকে আল্লাহর খাঁটি বান্দাহ হিসেবে গড়ে তোলা। ইবাদত বন্দেগী একমাত্র আল্লাহর জন্য নিবেদিত করা এবং তার পাশাপাশি উন্নত নৈতিক এরপর ২৭ পৃষ্ঠায়



# ইউএস বাংলাদেশ অ্যাডভোকেসি কাউন্সিলের আলোচনা সভা

আজকাল রিপোর্ট

বাংলাদেশের আগামী নির্বাচনে সিভিল সোসাইটির ভূমিকা নিয়ে ভার্জিনিয়ার আলেকজান্ড্রিয়ায় অবস্থিত ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে বাংলাদেশ অ্যাডভোকেসি কাউন্সিল (ইউবিএসি)। গত ১১ জানুয়ারি অনুষ্ঠিত এই 'দ্য আপকামিং ইলেকশন ২০২৬ অ্যান্ড দ্য রোল অব সিভিল সোসাইটি" শীর্ষক আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইউএস ইউবিএসি চেয়ারম্যান সামছুদ্দীন মাহমুদ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এরপর ৪০ পৃষ্ঠায়

# আটলান্টিক সিটিতে বিএএসজের সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

নিউজার্সি স্টেটের আটলান্টিক সিটিতে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সাউথ জার্সির (বিএএসজে) সভা অনুষ্ঠিত হয়েছে। ১৩ জানুয়ারি, মঙ্গলবার রাতে আটলান্টিক সিটির ২৭০৯, ফেয়ারমাউন্ট অ্যাভিনিউতে অবস্থিত বাংলাদেশ কমিউনিটি সেন্টারে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি জহিরুল ইসলাম বাবুল। সংগঠনের সাংগঠনিক সম্পাদক মোঃ শাহরিয়ার আহমেদ এর সঞ্চালনায় জাকিরুল ইসলাম খোকা, জহিরুল ইসলাম সেন্টু, সুব্রত চৌধুরী, মোঃ জাহিদ, মোঃ সিরাজ, মনিরুজ্জামান মনির, মোঃ আইয়ুব, বেলাল উদ্দিন, মোঃ ইকবাল প্রমুখ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় সংগঠনের নির্বাহী কমিটির এরপর ২৭ পৃষ্ঠায়



# যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের উদ্যোগে শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা গত ১০ জানুয়ারী জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্ট মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান।

যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ, নিউইয়র্ক স্টেট আওয়ামীলীগের যৌথ আয়োজনে অনুষ্ঠানে সহযোগীতা করে যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগ, আওয়ামী যুবলীগ, আওয়ামী এরপর ২৮ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# মব সংস্কৃতির অবসান চাই

দীর্ঘদিনের রাজনৈতিক অস্থিরতা ও টানাপড়েনের পর বাংলাদেশ একটি গুরুত্বপূর্ণ রূপান্তরকাল অতিক্রম করছে। এই সময়টিকে অনেকেই নতুন সম্ভাবনার সূচনা হিসেবে দেখছেন। একই সঙ্গে সমাজে জমে থাকা নানা ক্ষোভ ও অসন্তোষের প্রকাশও আমরা প্রত্যক্ষ করছি। এই প্রেক্ষাপটে কোথাও কোথাও জনতার অনিয়ন্ত্রিত আচরণ বা মব সহিংসতার ঘটনা উদ্বেগ সৃষ্টি করেছে। মব সহিংসতার মতো চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। রাজনীতির শালীন সংস্কৃতি রক্ষা করতে হবে। হাদি হত্যার বিচার দেশের ১৮ কোটি মানুষ চায়। তার মানে এই নয়, 'সাউয়া ও বালছাল' শ্লোগানের নামে হাদির আত্মাকে অপমানিত করতে হবে। একটি পরিবর্তনপর্বে এমন সামাজিক অস্থিরতা নতুন কিছু নয়। দীর্ঘ সময় ধরে জমে থাকা চাপ হঠাৎ প্রকাশ পেলে পরিস্থিতি সাময়িকভাবে জটিল হয়ে উঠতে পারে। তবে ইতিবাচক দিক হলো-রাষ্ট্রযন্ত্র, সরকার এবং আইনশৃঙ্খলা বাহিনী এই চ্যালেঞ্জগুলোকে গুরুত্বের সঙ্গে পর্যবেক্ষণ করছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ধাপে ধাপে পদক্ষেপ নিচ্ছে। আইনশৃঙ্খলা বাহিনী দীর্ঘদিন ধরে দেশের নিরাপত্তা ও স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। বর্তমান পরিবর্তনশীল বাস্তবতায় তাদের সামনে নতুন ধরনের চ্যালেঞ্জ এসেছে, যেখানে একদিকে জনমতের চাপ, অন্যদিকে আইনের শাসন বজায় রাখার দায়িত্ব-এই দুইয়ের মধ্যে ভারসাম্য রক্ষা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই প্রক্রিয়ায় বাহিনীগুলোকে আরও স্পষ্ট দিকনির্দেশনা, আইনি সুরক্ষা ও প্রাতিষ্ঠানিক সহায়তা দেওয়ার সুযোগ তৈরি হয়েছে।

> সরকার ও আইনশৃঙ্খলা বাহিনীকে আরও শক্তিশালী ও আত্মবিশ্বাসী করে তোলার মধ্য দিয়েই একটি নিরাপদ, ন্যায়ভিত্তিক ও গণতান্ত্রিক ভবিষ্যৎ নির্মাণ করা যাবে। আইনের শাসন প্রতিষ্ঠায় দৃঢ়তা, পেশাদারিত্ব ও জনগণের আস্থাই পারে মব সহিংসতার মতো চ্যালেঞ্জ মোকাবিলা করতে-এবং সেই পথেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে

৫ আগস্টের পর দেশের বিভিন্ন এলাকায় যে বিচ্ছিন্ন সহিংসতার ঘটনা ঘটেছে, সেগুলো রাষ্ট্রের জন্য একটি সতর্কবার্তা। এসব ঘটনা দেখিয়ে দেয় যে, আইনের শাসন আরও সুসংহত করা এবং জনগণের আস্থা আরও দৃঢ় করা কতটা জরুরি। সরকার ও প্রশাসনের জন্য এটি একটি সুযোগ-আইনের একচ্ছত্র প্রয়োগক্ষমতা আরও শক্তিশালী করার, এবং অপরাধ দমনে জিরো টলারেন্স নীতিকে কার্যকরভাবে বাস্তবায়নের।

বাংলাদেশের আইনশৃঙ্খলা বাহিনী পেশাদারিত্ব, সাহস ও ত্যাগের এক দীর্ঘ ঐতিহ্য বহন করে। সময়ের প্রয়োজনে তাদের সক্ষমতা আরও বাড়ানো, আধুনিক প্রশিক্ষণ ও মানসিক সহায়তা জোরদার করা এখন অপরিহার্য। একই সঙ্গে আইন প্রয়োগে রাজনৈতিক পরিচয় নির্বিশেষে সমান আচরণ নিশ্চিত করা হলে জনগণের আস্থা আরও দৃঢ় হবে।

সংখ্যালঘু ও প্রান্তিক জনগোষ্ঠীর নিরাপত্তা নিশ্চিত করা একটি দায়িত্বশীল রাষ্ট্রের অন্যতম প্রধান কর্তব্য। সরকার ও আইনশৃঙ্খলা বাহিনী এই বিষয়ে সচেতন এবং বিভিন্ন এলাকায় নিরাপত্তা জোরদারে উদ্যোগ নিচ্ছে। এসব উদ্যোগ আরও বিস্তৃত ও দৃশ্যমান হলে সমাজে একটি ইতিবাচক বার্তা পৌঁছাবে-রাষ্ট্র সবার জন্য সমানভাবে কাজ করছে। আইনের শাসন ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়-এটি সর্বজনস্বীকৃত সত্য। তাই সামাজিক স্থিতিশীলতা রক্ষা, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি এবং আন্তর্জাতিক অঙ্গনে দেশের ভাবমূর্তি সুদৃঢ় করতে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন অত্যন্ত জরুরি। বর্তমান বাস্তবতা সরকারকে সেই সুযোগই এনে দিয়েছে, যাতে প্রয়োজনীয় সংস্কার ও দৃঢ় পদক্ষেপের মাধ্যমে রাষ্ট্রের ভিত আরও মজবুত করা যায়। বাংলাদেশ আজ একটি গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে দাঁড়িয়ে। এই সময়টি যদি সঠিকভাবে কাজে লাগানো যায়, তবে আইনের শাসন, গণতন্ত্র ও সামাজিক স্থিতিশীলতার একটি শক্ত ভিত্তি তৈরি করা সম্ভব। সরকার ও আইনশৃঙ্খলা বাহিনীকে আরও শক্তিশালী ও আত্মবিশ্বাসী করে তোলার মধ্য দিয়েই একটি নিরাপদ, ন্যায়ভিত্তিক ও গণতান্ত্রিক ভবিষ্যৎ নির্মাণ করা যাবে। এই সংকটময় সময়ে গণমাধ্যম ও নাগরিক সমাজের দায়িত্বও অত্যন্ত গুরুত্বপূর্ণ। দায়িত্বশীল সাংবাদিকতা, সত্যনিষ্ঠ বিশ্লেষণ এবং গঠনমূলক সমালোচনা রাষ্ট্রকে সঠিক পথে এগোতে সহায়তা করে। সহিংসতা নয়, বরং আইনি ও গণতান্ত্রিক সমাধানকেই এগিয়ে নেওয়া এখন সময়ের দাবি। বাংলাদেশ আজ একটি গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে দাঁড়িয়ে। এই সময়টি যদি সঠিকভাবে কাজে লাগানো যায়, তবে আইনের শাসন, গণতন্ত্র ও সামাজিক স্থিতিশীলতার একটি শক্ত ভিত্তি তৈরি করা সম্ভব। সরকার ও আইনশৃঙ্খলা বাহিনীকে আরও শক্তিশালী ও আত্মবিশ্বাসী করে তোলার মধ্য দিয়েই একটি নিরাপদ, ন্যায়ভিত্তিক ও গণতান্ত্রিক ভবিষ্যৎ নির্মাণ করা যাবে। আইনের শাসন প্রতিষ্ঠায় দৃঢ়তা, পেশাদারিত্ব ও জনগণের আস্থাই পারে মব সহিংসতার মতো চ্যালেঞ্জ মোকাবিলা করতে-এবং সেই পথেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে।





# তিন তারকার মুখোমুখি

**মতিউর রহমান চৌধুরী**



বিরল সম্মান, বিরল খ্যাতি। অনেকটা ঈর্ষণীয়। বাংলাদেশের রাজনীতিতে নজিরবিহীন। এক পরিবারের তিনজন খ্যাতির শীর্ষে। একজন প্রেসিডেন্ট, একজন তিনবারের প্রধানমন্ত্রী। আরেকজন রাষ্ট্রক্ষমতায় যাওয়ার আগেই জনপ্রিয়তার মানদণ্ডে এগিয়ে। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, প্রয়াত বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের কথা বলছি। সৌভাগ্য হয়েছিল এই তিন রাজনৈতিক সেলিব্রেটির মুখোমুখি হওয়ার। এক নয় একাধিকবার। ১৯৮০ সনের কথা। আমি তখন সংবাদের সিনিয়র রিপোর্টার। বার্তা সম্পাদক বজলুর রহমান আমাকে নির্দেশ দিলেন প্রেসিডেন্ট জিয়ার বিশেষ ট্রেনে ঢাকা থেকে চট্টগ্রাম যেতে। তথ্য মন্ত্রণালয় থেকে আগেই নাম চাওয়া হয়েছিল। ভোরবেলা ট্রেন ছাড়লো। ছাড়ার মুহূর্তেই প্রেসিডেন্ট জিয়ার সাক্ষাৎকার নেয়ার জন্য বিএনপি'র প্রয়াত যুগ্ম মহাসচিব ড. ফেরদৌস আহমাদ কোরেশী ভাইকে অনুরোধ করলাম- আমি কি প্রেসিডেন্ট সাহেবের সঙ্গে কথা বলতে পারি? তিনি তখন দেশবাংলারও সম্পাদক। আমি দেশবাংলার চিফ রিপোর্টার ছিলাম। আমার সঙ্গে সম্পর্ক ছিল খুবই নিবিড়। ট্রেন ফেনী পৌঁছালো। যাত্রাবিরতি।

এর মধ্যে কোরেশী ভাই এসে বললেন, প্রেসিডেন্ট সাহেব তোমার সঙ্গে কথা বলবেন। আমি তখন অনেকটা জড়সড়। এরকম একজন জাঁদরেল সেনাকর্মকর্তা কাম রাজনীতিকের সঙ্গে কথা বলতে হবে। শুরুটাই বা কীভাবে করবো। প্রেসিডেন্ট জিয়ার নিরাপত্তা কর্মকর্তা আমাকে নিয়ে গেলেন বিশেষ ট্রেনের বিশেষ কামরায়। যেখানে প্রেসিডেন্ট বিশ্রাম নিচ্ছেন। কক্ষে প্রবেশ করতেই তিনি বললেন, ইয়াং ম্যান, নাস্তা খেয়েছেন? অনেকটা হালকা হলাম। ফের জিজ্ঞেস করলেন কী নাস্তা ছিল। পরোটা আর ভাজি। তাই নাকি! এটা তো দেখি আমার টেবিলেও আছে। সাদাসিধে জীবন। এ কারণেই মানুষের সঙ্গে মিশে গিয়েছিলেন। একটু আগেই তিনি জনগণের উদ্দেশ্যে বক্তব্য রেখেছেন। বলেছেন, দেশটা বেশ সংকটের মধ্যে দিয়েই যাচ্ছে। এই সংকট থেকে উত্তরণের একমাত্র পথ- গণঐক্য। তার ভাষায়, আমরা রাজনীতি নিয়ে সারাক্ষণই মেতে থাকি। রাজনীতি ভালো- আমি খারাপ বলছি না। কিন্তু দেশটাকে তো গড়তে হবে। আমি তখনো পুরোপুরি স্বাভাবিক হতে পারিনি। প্রেসিডেন্ট নিজেই বললেন, কী জানতে চান। দেশ, রাজনীতি এবং আপনার ভবিষ্যৎ পরিকল্পনা নিয়েই কথা বলতে চাই। নিজেই উত্তর দিতে শুরু করলেন। বললেন, প্রেক্ষাপট তো জানেনই। আমি কোন পরিস্থিতিতে দায়িত্ব নিয়েছি। রাজনৈতিক নেতারা অনেকটাই দিশাহারা। তারা জনগণকে কোনো দিশা দিতে পারছেন না। ঘটনাবহুল সময় পার করছি আমরা। সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নেয়াটাই হচ্ছে জরুরি। নেতাদের মধ্যে অনৈক্য। মানুষ চায় নতুন রাজনীতি। আমরা তাই নতুন রাজনীতি দিয়েছি জনগণের দরবারে। আপনার প্রশ্নটা কী? আপনি কীভাবে ক্ষমতা ভোগ করছেন? হেসে বললেন, ক্ষমতা! এতো শতকাঁটায় ভরা। মুহূর্তেই কাঁটাবিদ্ধ হয়। কিছুটা স্বস্তি, তারপর সামনে আসে ক্ষমতা ধরে রাখার চ্যালেঞ্জ। একটি রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে দেশটি স্বাধীন হয়েছে। মানুষের প্রত্যাশা তাই অনেক বেশি। মানুষ চায় রাতারাতি পরিবর্তন।

সেটা কি সম্ভব? নিজেই বললেন, অসম্ভবকে সম্ভব করতে হবে। এটাই এই মুহূর্তের চ্যালেঞ্জ। তাছাড়া আমরা আমাদের নেতাদের সম্মান করি না। রাজনীতির মারপ্যাঁচে তাদের অবদানকে খাটো করি প্রতিনিয়ত। তখনই জানতে চাইলাম বঙ্গবন্ধু সম্পর্কে তার ধারণা কী। এই প্রশ্নের জবাব তো সংবাদ পত্রিকাকে আগেই দিয়েছি। সহকর্মী আশরাফ খান তাকে প্রশ্ন করেছিলেন। জবাবে জিয়া বলেন, বঙ্গবন্ধু মহান নেতা। এনিয়ে বিতর্কের কী আছে! আমাকেও একই কথা বললেন। এটা সংবাদে শিরোনাম হয়েছিল। ট্রেন ছুটে চলেছে। অল্প সময় পরেই আবার আরেকটি স্টেশন। সেখানে তাকে কথা বলতে হবে। এর আগে চটজলদি চারটা প্রশ্ন করলাম। সাবলীল ভাষায় জবাব দিলেন। বললেন, যোগাযোগ রাখবেন। নিরাপত্তাকর্মীরা তখন আমাকে নিয়ে গেলেন অন্য কামরায়। দিনভর ট্রেনযাত্রা ভালোই কাটলো।

এরপর ৩৬ পৃষ্ঠায়

# মাহমুদুর রহমানের মিথ্যাচার ও ইতিহাস বিকৃতি

**গিয়াস আহমেদ**

বাংলাদেশের রাজনীতিতে ইতিহাস বিকৃতি একটি পুরনো রোগ। অনেকেই তাদের সুবিধামতো ইতিহাসকে বাঁকিয়ে উপস্থাপন করা, সত্যকে আড়াল করা এবং জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা নতুন নয়। সাম্প্রতিক সময়ে মাহমুদুর রহমান যেভাবে রাজনৈতিক ইতিহাস ও বাস্তব ঘটনাকে উদ্দেশ্য প্রণোদিতভাবে বিকৃত করে বক্তব্য দিচ্ছেন, তা শুধু রাজনৈতিক অসততা নয়, এটি জাতির স্মৃতির সঙ্গে নির্মম প্রতারণার শামিল। মাহমুদুর রহমান বলেছেন, শেখ মুজিবুর রহমান যেমন স্বাধীনতা যুদ্ধের নয় মাসের কোন খবর জানতেন না। যুদ্ধের পর তার বিশেষ দলীয় এবং ভারতীয় বন্ধুরা যা বলেছেন সেটাই তিনি সঠিক ইতিহাস ধরে নিয়েছিলেন। ঠিক তেমনি জনাব তারেক রহমান সাহেব ১৭ বছরের সঠিক খবর জানতেন না। কিন্তু বিশেষ মানুষের কথাই তিনি সঠিক ইতিহাস বলে ধরে নিয়েছেন।

প্রথমেই একটি মৌলিক ঐতিহাসিক সত্য স্মরণ করা জরুরি। শেখ মুজিবুর রহমান পাকিস্তানি সেনাবাহিনীর কাছে আত্মসমর্পণের পর পাকিস্তানের কারাগারে বন্দি ছিলেন। সেই সময়ে কোনো সামাজিক যোগাযোগমাধ্যম তো ছিলই না, এমনকি আন্তর্জাতিক সংবাদ প্রবাহও তার কাছে পৌঁছানোর সুযোগ ছিল না। যুদ্ধকালীন পুরো সময়ে তাকে বাংলাদেশের মুক্তিযুদ্ধের অগ্রগতি বা স্বাধীনতা অর্জনের খবর জানানো হয়নি। ইতিহাস সাক্ষ্য দেয় যে কারাগার থেকে মুক্তি পেয়ে লন্ডনে পৌঁছানো পর্যন্তও তিনি নিশ্চিতভাবে জানতেন না যে বাংলাদেশ একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করেছে। তাই তিনি সঠিক ইতিহাস জানতেন না। দলীয় চামচাদের দ্বারা প্রভাবিত হয়ে পথভ্রষ্ট হয়েছেন। এই ঐতিহাসিক বাস্তবতাকে অস্বীকার বা আড়াল করে আজকের তারেক রহমানের প্রেক্ষাপটের সঙ্গে তুলনা টানা নিছক বিভ্রান্তি ছড়ানোর অপচেষ্টা।

জনাব তারেক রহমান লন্ডনে অবস্থান করলেও বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতা থেকে কখনো বিচ্ছিন্ন ছিলেন না। তিনি ছিলেন মুক্ত জীবনে, সচেতন অবস্থানে এবং আধুনিক প্রযুক্তির পূর্ণ সুবিধা নিয়ে দেশের মানুষের সঙ্গে সংযুক্ত। সামাজিক যোগাযোগমাধ্যম, অনলাইন সভা, ভার্চুয়াল সম্মেলনের মাধ্যমে তিনি প্রতিদিন বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি পর্যবেক্ষণ করেছেন এবং দলীয় নেতাকর্মী, পেশাজীবী ও সাধারণ মানুষের সঙ্গে নিয়মিত মতবিনিময় করেছেন।



এই কারণেই শেখ হাসিনা সরকার তার বক্তব্য মূলধারার সংবাদপত্রে প্রকাশের ওপর অলিখিত ও লিখিত নিষেধাজ্ঞা জারি করেছিল। কিন্তু সামাজিক যোগাযোগমাধ্যমের যুগে কোনো নেতার কণ্ঠ চিরতরে স্তব্ধ করা সম্ভব নয়। রাষ্ট্রযন্ত্র ব্যবহার করেও শেখ হাসিনা সরকার তারেক রহমানের বক্তব্য জনগণের কাছে পৌঁছানো ঠেকাতে পারেনি।

বাস্তবতা হলো-শেখ হাসিনার কাছে তারেক রহমান কেবল একজন রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী ছিলেন না; তিনি ছিলেন আতঙ্কের প্রতীক। সে কারণেই তারেক রহমানের সঙ্গে কে কথা বলেছে, কে যোগাযোগ রাখছে, কারা তার বক্তব্য প্রচার করছে-এসব বিষয়ে গোয়েন্দা নজরদারি, হয়রানি ও ভয়ভীতি প্রদর্শনের নীতি গ্রহণ করা হয়।

২০২৩ সালের জানুয়ারির তথাকথিত নির্বাচনের আগেই তারেক রহমান স্পষ্টভাবে জাতির সামনে অবস্থান পরিষ্কার করেছিলেন। তিনি ঘোষণা দিয়েছিলেন যে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন না হলে বিএনপি সেই নির্বাচনে অংশ নেবে না। শুধু দলীয় সিদ্ধান্তেই তিনি থেমে থাকেননি; জনগণের প্রতিও তিনি বিনীত অনুরোধ রেখেছিলেন শেখ হাসিনার অধীনে নির্বাচনে অংশগ্রহণ না করার জন্য। জনগণ সেই আহ্বানে সাড়া দিয়েছিল। শুধু বিএনপিই নয়, কোনো স্বতন্ত্র প্রার্থীও সেই নির্বাচনে অংশ নেয়নি। তারেক রহমানের যোগ্য নেতৃত্বের কারণেই এটা সম্ভব হয়েছিল।

এই আন্দোলনের ফলাফল ছিল অনিবার্য- আওয়ামী লীগ নিজেদের দলীয় লোকজন দিয়ে একটি ডামি নির্বাচন আয়োজন করতে বাধ্য হয়। ক্ষমতার বৈধতা সংকট আরও গভীর হয় এবং জনগণ তারেক রহমানের নেতৃত্বের ওপর নতুন করে আস্থা স্থাপন করে।

আওয়ামী লীগ জানত-সুষ্ঠু, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন হলে বিএনপি দুই শতাধিক আসনে নিরঙ্কুশ বিজয় অর্জন করবে। এই উপলব্ধিই তাদের রাজনীতিকে আরও হিংস্র করে তোলে। ভারতীয় পরামর্শ ও অভ্যন্তরীণ স্বৈরাচারী মানসিকতার সমন্বয়ে তারা হত্যা, গুম, ক্রসফায়ার এবং হাজার হাজার মিথ্যা মামলার আশ্রয় নেয়। তবুও বিএনপির নেতাকর্মীরা দল ত্যাগ করেননি। ক্রসফায়ারের ভয়, কারাগারের যন্ত্রণা কিংবা দীর্ঘমেয়াদি নির্যাতন-কিছুই তাদের আন্দোলন থেকে বিচ্যুত করতে পারেনি।

বিএনপিকে ঠেকাতে গিয়ে আওয়ামী লীগ নিজেরাই ধ্বংস করেছে তথাকথিত '৭১-এর চেতনা'র মূল স্তম্ভগুলো-গণতন্ত্র, মৌলিক অধিকার, সংবাদমাধ্যমের স্বাধীনতা ও মানবাধিকার। অধিকাংশ গণমাধ্যম স্বেচ্ছায় আত্মসমর্পণ করেছে; কেউ ভয়ে, কেউ সুবিধার লোভে। যারা মাথা নত করেনি, তাদের কণ্ঠরোধ করা হয়েছে মামলা, হামলা ও রাষ্ট্রযন্ত্রের ভয় দেখিয়ে।

বেগম খালেদা জিয়া এর বিরুদ্ধে এরপর ২৪ পৃষ্ঠায়

> যতদিন বাংলাদেশ থাকবে, ততদিন জিয়া পরিবারের অবদান মানুষের হৃদয়ে অম্লান ও অবিস্মরণীয় হয়ে থাকবে। পরিসমাপ্তি টানার আগে বলতে চাই জনাব মাহমুদুর রহমান যে অভিযোগ করেছেন তা সত্য নয়। আপনার উপর যখন হামলা হয়েছিল তখনো তারেক রহমান লন্ডনে বসে তার তীব্র নিন্দা করেছেন। বাংলাদেশের সকল রাজনৈতিক নিপীড়নের বিরুদ্ধে তিনি সোচ্চার ছিলেন। অতএব জনাব মাহমুদুর রহমান আপনিই বাংলাদেশের সঠিক ইতিহাস জানেন না

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ইউরোপ কি পারবে ট্রাম্পের থাবা থেকে গ্রিনল্যান্ডকে বাঁচাতে

সরাফ আহমেদ



ইউরোপের সঙ্গে যুক্তরাষ্ট্রের উত্তেজনা নতুন পর্যায়ে পৌঁছেছে। কারণ, যুক্তরাষ্ট্রের গ্রিনল্যান্ড দখল পরিকল্পনা। বিশ্বরাজনীতিতে নিজেদের স্বার্থ ছাড়া কোনো কিছুর প্রতিবাদ না করাই যেন ইউরোপীয় রাজনীতির রেওয়াজ হয়ে দাঁড়িয়েছে। তবে এ মুহূর্তে গ্রিনল্যান্ড দখল নিয়ে যুক্তরাষ্ট্রের পরিকল্পনা ইউরোপ ও যুক্তরাষ্ট্রের মধ্যে সম্পর্ক উত্তেজনার নতুন স্তরে নিয়ে গিয়েছে।

হেলসিঙ্কি জিও-ইকোনমিকস সোসাইটির মহাসচিব ও হার্ভার্ডের অধ্যাপক জেল হিলেব্রান্ড পোহলের মতে, ইউরোপ যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে কখনই চাপ সৃষ্টি করতে পারে না। ইউরোপ যেন 'দন্তহীন কাগজে বাঘ'। আর জার্মানির প্রেসিডেন্ট ফ্রাঙ্ক-ভাল্টার স্টাইনমেয়ার বলেছেন, বিশ্ব যেন লুটেরাদের আড্ডায় পরিণত না হয়। ভেনেজুয়েলার প্রসঙ্গ সরাসরি না তুললেও তিনি যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে মূল্যবোধ ভঙ্গের অভিযোগ এনেছেন।

ডেনমার্কের গণমাধ্যমে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে সংশ্লিষ্ট মার্কিন নাগরিকদের গোপনে প্রভাব তৈরির অভিযানের খবর প্রকাশের পর গত বছরের আগস্টেই রাজধানী কোপেনহেগেনে যুক্তরাষ্ট্রের শীর্ষ কূটনীতিককে তলব করা হয়েছিল। ড্যানিশ পররাষ্ট্রমন্ত্রী লার্স ল্যোক্কে রাসমুসেন তখন বলেছিলেন, 'আমরা বন্ধুদের ওপর গুপ্তচরবৃত্তি করি না।' ড্যানিশ অভ্যন্তরীণ বিষয়ে যেকোনো বন্ধুদেশের হস্তক্ষেপকে 'অগ্রহণযোগ্য' বলে তিনি আখ্যা দিয়েছিলেন।

ড্যানিশ সম্প্রচারমাধ্যম ডিআরের তথ্য অনুযায়ী মার্কিন সরকারের সঙ্গে সংশ্লিষ্ট অন্তত তিনজন মার্কিন নাগরিক গ্রিনল্যান্ডে নানা গুপ্তচরমূলক কার্যক্রম চালিয়েছেন। অভিযোগ আছে, তাঁদের একজন গ্রিনল্যান্ডবাসীদের তালিকা করেছেন, কে মার্কিন প্রভাব সমর্থন করেন আর কে মার্কিনদের সমালোচক। ড্যানিশ গোয়েন্দা সংস্থা পিইটি সতর্ক করে বলেছিল, গ্রিনল্যান্ড 'বিভিন্ন ধরনের প্রভাব বিস্তারের ও অভিযানের লক্ষ্যবস্তু হয়ে উঠেছে'।

গ্রিনল্যান্ডে নবনিযুক্ত মার্কিন বিশেষ দূত, লুইজিয়ানার গভর্নর জেফ ল্যান্ড্রি যুক্তরাষ্ট্রের গণমাধ্যম সিএনবিসিকে জানান, 'প্রেসিডেন্ট যুক্তরাষ্ট্রের সঙ্গে অর্থনৈতিক সম্পর্কসহ একটি স্বাধীন গ্রিনল্যান্ডকে সমর্থন করেন।' এ বিষয়ে ইউরোপীয় মিত্রদের সম্মতি ট্রাম্পের দরকার নেই বলেও তিনি ইঙ্গিত দেন।

সামরিক দখল প্রসঙ্গে প্রশ্ন করা হলে ল্যান্ড্রি বলেছিলেন, 'না, আমি তা মনে করি না।' তবে ট্রাম্পের উপপ্রধান চিফ অব স্টাফ স্টিফেন মিলার আরও স্পষ্ট করে বলেছিলেন, 'গ্রিনল্যান্ডের ভবিষ্যৎ নিয়ে কেউ যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে সামরিক লড়াই করবে না।' উল্লিখিত নানা তথ্য থেকে বোঝা যায়, গ্রিনল্যান্ডে মার্কিন আগ্রাসনের ছক অনেক আগে থেকেই পরিকল্পিত।

৫৭ হাজার জনসংখ্যা-অধ্যুষিত দ্বীপদেশ গ্রিনল্যান্ডের আয়তন প্রায় ২২ হাজার বর্গকিলোমিটার। রাজধানী শহরের নাম নুক। মূল ভূখণ্ডের ৮০ শতাংশের বেশি এলাকা স্থায়ীভাবে বরফে ঢাকা।

এমন একটি দ্বীপ দেশ নিয়ে মার্কিনদের কেন এই আগ্রাসী পরিকল্পনা? আর্কটিক এই দ্বীপের কৌশলগত অবস্থান যুক্তরাষ্ট্রের ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থার জন্য গুরুত্বপূর্ণ। যদিও ইতিমধ্যে গ্রিনল্যান্ডের এক ছোট দ্বীপে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি রয়েছে এবং মূল ভূখণ্ডকে সংযুক্তীকরণ ছাড়াও সেগুলো সম্প্রসারণ করা সম্ভব। তাই ধারণা করা হচ্ছে, ট্রাম্পের মূল আগ্রহ গ্রিনল্যান্ডের প্রাকৃতিক সম্পদের আহরণ।

গ্রিনল্যান্ডে রয়েছে বিপুল খনিজ সম্পদ। এখানে রয়েছে বিরল খনিজ, যা স্মার্টফোনসহ আধুনিক প্রযুক্তি তৈরিতে ব্যবহৃত হয়। এ ছাড়া তামা, গ্রাফাইট, লিথিয়াম, এমনকি তেল ও গ্যাসের মজুত থাকার সম্ভাবনাও রয়েছে।

ডেনমার্ক ও গ্রিনল্যান্ডের ভূতাত্ত্বিক জরিপ সংস্থার খনিজবিশেষজ্ঞ ইয়াকব ক্লোভে কাইভিং 'জিও' ম্যাগাজিনকে জানিয়েছে, ডিজিটাল রূপান্তরের জন্য গুরুত্বপূর্ণ ৩৪টি কাঁচামালের মধ্যে ২৩টিই গ্রিনল্যান্ডে রয়েছে। এ কারণেই ২০২৩ সালে ইউরোপীয় ইউনিয়ন গ্রিনল্যান্ডের সঙ্গে একটি চুক্তি করে, যাতে গ্রিনল্যান্ডের কাঁচামালের কৌশলগত সরবরাহকারী হিসেবে নিশ্চিত করা যায়।

গ্রিনল্যান্ডের প্রতিরক্ষাব্যবস্থা অত্যন্ত সীমিত। কোনো আঞ্চলিক সেনা নেই, চারটি পুরোনো নৌযান, একটি কুকুরবাহী-স্লেজ সাগর সীমান্তে টহল দেয়।

ড্যানিশ ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল স্টাডিজের লিন মর্টেনসগার্ড বলেছেন, যুক্তরাষ্ট্র চাইলে আধা ঘণ্টা বা তারও কম সময়ের মধ্যে গ্রিনল্যান্ডের রাজধানী নুক শহরের নিয়ন্ত্রণ নিতে পারে।

ইউরোপিয়ান সংসদের ড্যানিশ সাংসদ স্টিনে বোসে সতর্ক করে বলেছেন, ট্রাম্প কথা বলেন, তারপর তা করে ফেলেন।' আর আর্কটিক ইনস্টিটিউটের মোর্সা গুর্কার্টের মতে, এমন আগ্রাসনের কোনো 'আইনি ভিত্তি' নেই এবং এই আগ্রাসন ন্যাটো সামরিক জোটের 'সমাপ্তি' ডেকে আনবে।

গ্রিনল্যান্ড নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হঠকারী সিদ্ধান্তের বিরুদ্ধে দাঁড়িয়েছে ইউরোপের সাতটি বড় দেশ-জার্মানি, ফ্রান্স, ইতালি, পোল্যান্ড, স্পেন, যুক্তরাজ্য ও ডেনমার্ক। একটি যৌথ বিবৃতিতে দেশগুলো উল্লেখ করেছে, ডেনমার্ক ও গ্রিনল্যান্ড-সংক্রান্ত বিষয়গুলোতে সিদ্ধান্ত নেওয়া একান্তই ডেনমার্ক ও গ্রিনল্যান্ডের বিষয়।

বিবৃতিতে আরও বলা হয়,

এরপর ২৪ পৃষ্ঠায়



বিশ্ব যেন লুটেরাদের আড্ডায় পরিণত না হয়। তিনি বিশ্বব্যবস্থার ক্রমবর্ধমান ভাঙনের দিকে নীরব দর্শক হয়ে না থাকার আহ্বান জানিয়েছেন। তিনি উল্লেখ করেছেন, আন্তর্জাতিক আইনের প্রতি অবজ্ঞা ইতিমধ্যেই অনেক দূর এগিয়েছে এবং যুক্তরাষ্ট্রের দ্বারা সংঘটিত ঘটনাগুলো মূল্যবোধের ভঙ্গ বলে তিনি জানান। হুমকির মুখে সক্রিয় হস্তক্ষেপ জরুরি বলে মনে করেন স্টাইনমেয়ার। তিনি ব্রাজিল ও ভারতের মতো দেশগুলোকে বিশ্বব্যবস্থা রক্ষায় এগিয়ে আসতে রাজি করাতে হবে বলে জানান। একই সঙ্গে জার্মানিকেও সামরিক শক্তির ওপর জোর দিতে হবে বলে তিনি মন্তব্য করেন। এখন দেখার বিষয়, ইউরোপীয় দেশগুলো একটি বিবৃতি দিয়ে দন্তহীন কাগজে বাঘ হয়ে থাকবে, নাকি বাস্তবতার নিরিখে অন্য সিদ্ধান্ত নেবে

# বাংলা সাহিত্যে চণ্ডীদাস

মো. নুরুল আমিন রোকন



মধ্যযুগে বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ ফসল বৈষ্ণব পদাবলী। বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলীর আদি ও শ্রেষ্ঠ রচয়িতা চণ্ডীদাস। তাঁর রচিত রাধাকৃষ্ণ বিষয়ক পদাবলী বাঙালির হৃদয়কে রসমাধুর্যে পরিপূর্ণ করে চির জাগরুক হয়ে আছে। চণ্ডীদাস একদিকে মন মাতানো পদাবলী সাহিত্যের শ্রেষ্ঠ কবি, অন্যদিকে প্রেমের কিংবদন্তির নায়ক হিসেবে বাঙালির হৃদয়ে চির ভাস্বর। তা সত্ত্বেও বিংশ শতাব্দীর গোড়ার দিকে চণ্ডীদাস নিয়ে এক সমস্যার উদ্ভব হয়, যা ক্ষাণিকটা না বললেই নয়।

চণ্ডীদাস সমস্যা বাংলা সাহিত্যে এক রহস্যময় অধ্যায়। এ সমস্যা সমাধানে আত্মনিয়োগ করে পণ্ডিতেরা নানাভাবে অনুসন্ধান, বিচার বিশ্লেষণ, যুক্তি উপস্থাপন করেছেন। কিন্তু তাদের পক্ষে এ সমস্যার যথাযথ ও নির্ভরযোগ্য অকাট্য সমাধানে পৌঁছা সম্ভব হয়নি। সম্ভব হয়নি একজন, দুইজন কিংবা তিনজন চণ্ডীদাসকে সুনির্দিষ্টভাবে নির্ণয় করা। পদ, ভাষা, ভাব, আঙ্গিক, শব্দ প্রয়োগ, বিষয়, এসব নিয়ে গবেষণা, বিচার বিশ্লেষণ করে পদ কর্তাদের রচনাকাল নির্ণয়ের চেষ্টা করে পণ্ডিতেরা অন্তত তিন জন চণ্ডীদাসের উল্লেখ করেছেন। আবার কারো কারো মতে চণ্ডীদাস চার জন। অর্থাৎ চণ্ডীদাস সমস্যা সমাধানের বিষয়টি অমীমাংসিতই রয়ে গেছে। এমন কি নিশ্চিতভাবে এর সমাধান করার মত যথেষ্ট উপাদানের অভাব এখনও রয়েছে। মধ্যযুগের সুদীর্ঘ পরিসরে আনুমানিক চারশ বছর ধরে চণ্ডীদাস নামধারী কবিগণ কবিতা রচনা করেছেন। এ সময় কবি যশপ্রার্থী অনেক অখ্যাত কবি চণ্ডীদাসের ভনিতা প্রয়োগ করে যে বিভ্রান্তির বেড়াজাল তৈরি করেছেন, তা-ই চণ্ডী সমস্যাকে জটিল থেকে জটিলতর করে তুলেছে। চণ্ডীদাস সমস্যার এই জটিলতার কারণে কেউ কেউ আবার সহজিয়া চণ্ডীদাস নামে একজন চতুর্থ চণ্ডীদাসের কথা উল্লেখ করেছেন। তাদের মতে তিনি সহজিয়া মতের রাগাত্মিকা পদের লেখক এবং পিরীতিমন্ত্রের সাধক। এ সম্পর্কে নানা ধরণের গল্প কাহিনীও প্রচলিত রয়েছে। ড. বিমান বিহারী মজুমদার মনে করেন, সহজিয়া মতের বহু কবি চণ্ডীদাসের ভনিতায় রাশি রাশি পদ রচনা করে অনাবশ্যক জঞ্জাল বাড়িয়েছেন। চতুর্থ চণ্ডীদাস সম্পর্কিত মতামতের ক্ষেত্রে পণ্ডিতেরা একে সপ্তদশ শতকের কবি আখ্যায়িত করেছেন। অর্থাৎ মধ্যযুগের শেষ প্রান্তে এবং শ্রী চৈতন্যদেবের পরে। পণ্ডিতেরা একজন চতুর্থ চণ্ডীদাস সম্পর্কে মত প্রকাশ করলেও এ চণ্ডীদাসের কবিত্ব শক্তি সম্পর্কে নেতিবাচক মন্তব্য করেছেন। পণ্ডিতদের মতে এরও আগে যে তিনজন চণ্ডীদাসের অস্তিত্ব বিদ্যমান সময়ের প্রেক্ষাপটে তাদের কবিকৃতি বিশালকায়। তাদের সৃষ্টিকর্ম বাংলা সাহিত্যের ইতিহাসে বিরাট পরিসরে স্থান দখল করে আছে এ কথা না বললেও খাটো করে দেখার কোন সুযোগ নেই।



মধ্যযুগের বিস্তৃত পরিসরে প্রায় চারশ বছর ধরে চণ্ডীদাস নামধারী কবিগণ যেসব কবিতা রচনা করেছেন, তা পাঠক হৃদয় জয় করে যুগ যুগ ধরে সমাদৃত হয়ে আসছে। সাধারণ পাঠকের মনে কবির জীবন ও তথ্যের প্রতি তেমন কোন আগ্রহ ছিল না, যতটা আকর্ষণ ছিল কবিতার রসের প্রতি। ফলে চণ্ডীদাস কতজন এ নিয়ে তাদের কোন মাথাব্যথা ছিল না। চণ্ডীদাসের পদগুলোতে তার বিস্ময়কর প্রতিভার বিচ্ছুরণে কৃষ্ণপ্রেম সাধিকা শ্রীরাধার যে অপূর্ব মনোমুগ্ধকর রূপ ফুটে উঠেছে তা কয়েক শতাব্দী ধরে বাংলার রসপিপাসু পাঠক মনে যে পরিতৃপ্তি দিয়ে আসছে তার মূল্য অপরিসীম।

চণ্ডীদাসের পদাবলী যুগ-যুগ ধরে প্রচলিত থাকা সত্ত্বেও একাধিক চণ্ডীদাস সম্পর্কিত চণ্ডীদাস সমস্যার উদ্ভব হয় ১৯১৬ খ্রিষ্টাব্দে (১৩২৩ বঙ্গাব্দে) বসন্তরঞ্জন রায় সম্পাদিত শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি প্রকাশের পর। ইতিপূর্বে ১৮৯৬ সালে প্রকাশিত ডঃ দীনেশ চন্দ্র সেনের 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থে একজন চণ্ডীদাসের কথা উল্লেখ করা হয়েছিল। তার মন্তব্য ছিল এমনঃ 'শ্রীকৃষ্ণকীর্তনে জানা যাইতেছে যে, চণ্ডীদাসের নাম অনন্ত, তিনি 'বড়ু' উপাধি ব্যবহার করিতেন এবং বাসলী দেবীর আজ্ঞায় পদ রচনা করিতেন। চণ্ডীদাসের প্রচলিত পদেই বহু পূর্বে তাহার 'অনন্ত' নাম পাওয়া গিয়াছিল, তাঁহার 'বড়ু' উপাধি ও বাসলীর আদেশ সম্বন্ধে পাঠকবর্গের সকলেই অবশ্য অবগত আছেন। সুতরাং কবি চণ্ডীদাস ও শ্রীকৃষ্ণকীর্তনের রচয়িতা যে অভিন্ন ব্যক্তি, তৎসম্বন্ধে আমাদের সংশয় নেই।' এরপর সংগৃহীত হয় চণ্ডীদাসের ভনিতাযুক্ত বিচ্ছিন্ন পদ ও কিছু পালাগান। পরে শ্রীকৃষ্ণকীর্তন কাব্য প্রকাশিত হলে একাধিক চণ্ডীদাসের ধারণা বদ্ধমূল হয় এবং মণীন্দ্রমোহন বসু কর্তৃক ১৩৪১ সনে দীন চণ্ডীদাসের পদাবলী প্রকাশিত হলে আরও জটিল হয়ে উঠে চণ্ডীসমস্যা। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের ভাষা, রস ও রুচির সাথে পদাবলীর চণ্ডীদাসের কোন সামঞ্জস্যই খুঁজে পাওয়া যায় না। এ থেকে শ্রীকৃষ্ণকীর্তনের বড়ু চণ্ডীদাতা ও পদাবলীর দ্বিজ চণ্ডীদাস ভিন্ন ভিন্ন কবি বলে পণ্ডিতদের ধারণা জন্মে। পরে মণীন্দ্রমোহন বসু পদাবলীর চণ্ডীদাসকে বড়ু বা দ্বিজ চণ্ডীদাস না বলে দীন চণ্ডীদাস হিসেবে আখ্যায়িত করেন। বড়ু চণ্ডীদাস শ্রীকৃষ্ণকীর্তনের রচয়িতা এবং তিনি চৈতন্যপূর্ববর্তী কবি। তিনি শ্রীচৈতন্যদেবের আবির্ভাবের পূর্বে রাধাকৃষ্ণ লীলাবিষয়ক আখ্যানকাব্য শ্রীকৃষ্ণকীর্তন রচনা করেন। ভাগবত অবলম্বনে রচিত এ আখ্যানকাব্যে তার পাণ্ডিত্য ও কবিত্ব শক্তির যে স্ফুরণ ঘটেছে তা তাকে সে সময়কার শ্রেষ্ঠতম কবি হিসেবে আখ্যায়িত

এরপর ২৮ পৃষ্ঠায়

চণ্ডীদাসের ভাষা জাতির হৃদয়কে সিক্ত করেছিল। এই ভাষা এখন পর্যন্ত আধুনিক বাংলা ভাষার সৌন্দর্য ও ঐশ্বর্যে একটি ক্ষীণস্রোত ও নিত্য নতুন রস সঞ্চার করে চলেছে। কবি চণ্ডীদাস এক অসামান্য প্রতিভাবলে বাঙালির ব্যবহৃত সংস্কৃত-প্রাকৃত, আরবি-ফারসি ও দেশজ শব্দসমুদ্র থেকে সহজ সরল প্রাঞ্জল সেই মনি মুক্তাগুলো আহরণ করতে পেরেছেন। এই ভাষাই বৈষ্ণব সাহিত্যের সাধারণ ভাষা, কবি চণ্ডীদাসের ভাষা। চণ্ডীদাসের সঙ্গে রামীর অন্তরঙ্গ প্রেমের সম্পর্ক ও বিষাদময় পরিণতির কথা চণ্ডীদাস-রামীর প্রসঙ্গে ব্যাপক আলোচিত। রামী কেবল চণ্ডীদাসের সাধন সঙ্গিনী রূপেই খ্যাত নন। তিনি ছিলেন বাংলা ভাষা ও সাহিত্যের প্রথম মহিলা কবি। ড. দীনেশচন্দ্র সেন তার 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থে রামীর লেখা যে কটি পদ উদ্ধৃত করেছেন, সেগুলোতে চণ্ডীদাসের মৃত্যুর বিবরণ লিপিবদ্ধ হয়েছে

# তারেক রহমানের আচরণে রাজনীতির নতুন বার্তা

> বিনয় যদি কেবল ব্যক্তিগত পর্যায়ে সীমাবদ্ধ থাকে, দলীয় সংস্কৃতিতে রূপ না নেয়, তবে এর স্থায়িত্ব নিয়ে প্রশ্ন থেকেই যাবে। কিন্তু এটুকু অস্বীকার করার উপায় নেই-রাজনীতির এই ক্লান্ত সময়ে, অহংকার আর ব্যক্তিপূজার ভিড়ে তারেক রহমানের সাম্প্রতিক আচরণ স্বস্তির বাতাস বইয়েছে। এটি মনে করিয়ে দেয়, রাজনীতি চাইলে মানবিকও হতে পারে। রাজকীয় চেয়ার ছেড়ে সাধারণ চেয়ারে বসার দৃশ্যটি হয়তো ইতিহাসের পাতায় বড় কোনো ঘটনার শিরোনাম হবে না, কিন্তু এটি একটি গুরুত্বপূর্ণ বার্তা রেখে যায়-নেতা বড় হন মানুষকে সম্মান দিয়ে, মানুষকে ছোট করে নয়। শেষ পর্যন্ত রাজনীতি মানুষের জন্যই। আর যে নেতা এই সত্যটি মনে রাখতে পারেন, তিনিই সময়ের পরীক্ষায় টিকে যান

নিয়াজ মাহমুদ



'সকালের সূর্য দেখে বলে দেয়া যায় দিনটা কেমন যাবে'-বাংলার এই প্রবাদটি রাজনীতির ক্ষেত্রেও প্রযোজ্য। নেতৃত্বের প্রথম আচরণ, প্রথম ভঙ্গি, প্রথম প্রতিক্রিয়াতেই অনেক সময় বোঝা যায় সামনে কী অপেক্ষা করছে। দীর্ঘ ১৭ বছরের নির্বাসন ভেঙে তারেক রহমানের দেশে ফেরা এবং দেশে ফিরে নিজেকে প্রচলিত রাজনীতির বাইরে উপস্থাপনের চেষ্টা-বাংলাদেশের রাজনীতিতে এক ধরনের গুণগত পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে কি না, সে প্রশ্ন এখন রাজনৈতিক অঙ্গনে ঘুরপাক খাচ্ছে।

বাংলাদেশের রাজনীতিতে দৃশ্যপট বদলাতে খুব বেশি সময় লাগে না। ক্ষমতা বদলায়, জোট বদলায়, স্লোগান বদলায়। কিন্তু রাজনীতিবিদদের আচরণ, রাজনৈতিক শিষ্টাচার ও নেতৃত্বের সংস্কৃতিতে দৃশ্যমান পরিবর্তন আসা তুলনামূলকভাবে বিরল। সেই কারণেই সাম্প্রতিক সময়ে বিএনপির চেয়ারম্যান তারেক রহমানকে ঘিরে ঘটে যাওয়া কিছু ঘটনা শুধু দলীয় রাজনীতির ভেতরেই নয়, সামগ্রিক রাজনৈতিক সংস্কৃতির প্রশ্নে নতুন আলোচনার জন্ম দিয়েছে।

গেল শনিবার রাজধানীর শেরাটন হোটেলে সাংবাদিকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে এক সাংবাদিক বক্তব্য শুরু করেন 'মাননীয় চেয়ারম্যান' সম্বোধন দিয়ে। অনেক রাজনীতিবিদের কাছে এটি স্বাভাবিক, এমনকি প্রত্যাশিতও। কিন্তু তারেক রহমান সঙ্গে সঙ্গে বিনয়ের সঙ্গে অনুরোধ জানান-"দয়া করে মাননীয় শব্দটা বলবেন না।" রাজনীতির মাঠে যেখানে 'মাননীয়', 'অপ্রতিদ্বন্দ্বী নেতা', 'রাষ্ট্রনায়ক'-এসব বিশেষণ ছাড়া অনেকেই নিজের অস্তিত্ব কল্পনা করতে পারেন না, সেখানে এমন অনুরোধ নিঃসন্দেহে ব্যতিক্রমী। এই একটি বাক্যই যেন প্রশ্ন ছুড়ে দেয়-নেতৃত্ব কি উপাধিতে, না আচরণে?

অনুষ্ঠানটি ছিল আরও অনেক দিক থেকেই গতানুগতিকতার বাইরে। সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া একটি ভিডিওতে দেখা যায়, কয়েকজন নেতা তারেক রহমানের পায়ে হাত দিতে এগিয়ে গেলে তিনি স্পষ্ট অস্বস্তি প্রকাশ করে পা সরিয়ে নেন। দৃশ্যটি নিছক ব্যক্তিগত ভদ্রতার প্রকাশ নয়; বরং বাংলাদেশের রাজনীতিতে দীর্ঘদিন ধরে গেঁথে থাকা এক সংস্কৃতির প্রতি নীরব প্রতিবাদ।

বাংলাদেশের রাজনীতিতে কদমবুসি নতুন কোনো বিষয় নয়। এটি যেন অলিখিত আনুগত্য পরীক্ষার একটি পদ্ধতি। শুরুটা হয় শীর্ষ নেতার প্রতি ব্যক্তিগত আনুগত্য দেখানোর মধ্য দিয়ে। ধীরে ধীরে তা সাংগঠনিক সংস্কৃতিতে রূপ নেয়। এরপর সেই নেতা নিজ এলাকার জুনিয়র নেতাদের কাছ থেকেও একই আচরণ প্রত্যাশা করেন। কেউ তা না করলে তার 'বিশ্বস্ততা' নিয়ে প্রশ্ন ওঠে। এভাবেই কদমবুসি হয়ে ওঠে এক ধরনের রাজনৈতিক সংক্রামক ব্যাধি-যা শরীর থেকে শরীরে নয়, মন থেকে মনে ছড়ায়।



এই বাস্তবতায় তারেক রহমানের পা সরিয়ে নেওয়ার দৃশ্য প্রতীকী তাৎপর্য বহন করে। এটি যেন বলছে-নেতৃত্ব মানে দূরত্ব তৈরি করা নয়, নেতৃত্ব মানে উচ্চতায় বসে থাকা নয়। নেতৃত্ব মানে মানুষের সঙ্গে সমান্তরালে দাঁড়ানো।

এই বিনয়ী আচরণের ধারাবাহিকতা আরও স্পষ্ট হয়ে ওঠে তার দেশে ফেরার পর অনুষ্ঠিত বৃহৎ গণসংবর্ধনা অনুষ্ঠানে। রাজধানীর পূর্বাচলে লাখো মানুষের উপস্থিতিতে আয়োজিত ওই সমাবেশে মঞ্চে তার জন্য রাখা হয়েছিল রাজকীয় বিশেষ চেয়ার। কিন্তু তিনি সেটি উপেক্ষা করে বসেন একটি সাধারণ চেয়ারে। সাদা কাপড়ে মোড়ানো ফোমযুক্ত আরামদায়ক চেয়ার থাকা সত্ত্বেও তিনি তা গ্রহণ করেননি। বরং সিএসএফের একজন সদস্যকে দিয়ে সাধারণ একটি চেয়ার আনাতে বলেন।

মঞ্চে তখন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বক্তব্য দিচ্ছিলেন। পাশে ছিলেন সালাহউদ্দিন আহমেদ, আর বাম পাশে বসেছিলেন মির্জা আব্বাস। পুরো দৃশ্যটি ছিল রাজনীতির প্রচলিত 'রাজকীয়তা'র বিপরীত এক নীরব বার্তা-ক্ষমতা নয়, অবস্থানই নেতৃত্বের আসল পরিচয়।

আরেকটি ভিডিওতে দেখা যায়, নেতাকর্মীরা স্লোগান দিচ্ছেন-"তারেক ভাই জিন্দাবাদ।" বক্তব্যের সময় এর জবাবে তিনি বলেন, "এই যে স্লোগান দাও না-তারেক ভাই জিন্দাবাদ-আমি এসব ইনজয় করি না।" বাংলাদেশের রাজনীতিতে যেখানে নেতারা স্লোগানে স্লোগানে নিজেকে উজ্জীবিত করেন, সেখানে এমন মন্তব্য নিঃসন্দেহে ব্যতিক্রম এবং কিছুটা অস্বস্তিকরও-বিশেষ করে সেসব নেতার জন্য, যারা স্লোগানকেই জনপ্রিয়তার একমাত্র মাপকাঠি মনে করেন।

স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠছে-এই আচরণগুলো কি সাময়িক? নাকি এটি একটি সচেতন রাজনৈতিক রূপান্তরের অংশ?

অনেক বিশ্লেষকের মতে, তারেক রহমান ধীরে ধীরে পাশ্চাত্য রাজনৈতিক সংস্কৃতির আদলে নিজেকে নতুনভাবে উপস্থাপন করছেন। পশ্চিমা গণতন্ত্রে নেতা মানে দেবতা নন, নেতা মানে প্রথম সারির কর্মী। সেখানে অতিরিক্ত প্রটোকল, ব্যক্তিপূজা কিংবা রাজকীয় আচরণ বরং নেতার জন্য বিব্রতকর। তারেক রহমানের সাম্প্রতিক আচরণে সেই দর্শনের ছাপ স্পষ্টভাবে লক্ষ্য করা যায়।

এটি নিছক ব্যক্তিগত বিনয় নয়; বরং আগামী জাতীয় নির্বাচন সামনে রেখে একটি সুস্পষ্ট রাজনৈতিক বার্তাও। দীর্ঘদিন ধরে ক্ষমতার বাইরে রয়েছে বিএনপি।

তারেক রহমান নিজেই একাধিকবার বলেছেন, "মা বেগম খালেদা জিয়া যেখান থেকে শেষ করেছেন, আমি সেখান থেকেই শুরু করতে চাই।" এই বক্তব্যের অর্থ কেবল রাজনৈতিক উত্তরাধিকার নয়; বরং একটি অসমাপ্ত রাজনৈতিক দর্শনের

এরপর ৪১ পৃষ্ঠায়




Mybestfly
الكويتية
KUWAIT
AIRWAYS
SUMMER SALE - 2026
New York - Dhaka - New York
Starting From
$590+
One-Way
$1190+
Round Trip
KUWAIT
Scan Me
mybestfly.com
718 406 9745
Sister Concern Company of
Global Tours & Travel
World Tours & Travel
37-12 75th St, 2nd floor Suite # 206. Jackson Heights, NY-11372, USA

# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**

**বিনামূল্যে পরামর্শ**

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)







**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**



Attorney
Michigan Only.



Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# জোটের রাজনীতিতে অশনিসংকেত

এর আগে দলগুলো তাদের আসন সমঝোতা, বিদ্রোহীদের নিয়ে বসে একটা সমাধানে পৌঁছাতে চেষ্টা করবে। এবার নির্বাচনে বিএনপি ও সমমনা দলগুলোর সঙ্গে জামায়াত জোটের লড়াই হবে। এটা নিশ্চিত বলা যায়। নির্বাচনে আওয়ামী লীগ না থাকা নিয়ে কেউ কেউ প্রশ্ন তুলছেন। আবার কেউ কেউ বলছেন, দীর্ঘ ১৭ বছর আওয়ামী লীগের স্বৈরাচারী আচরণ মানুষ কখনো ভুলবে না। নির্বাচনে জাতীয় পার্টি অংশ নিচ্ছে। অনেক আসনে তাদের প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। বৈধ প্রার্থী হিসেবেও ঘোষণা করা হয়েছে। অনেকেই বলছেন, জাতীয় পার্টি কি আওয়ামী লীগ সমর্থকদের ভোট নিজেদের ঘরে তুলতে পারবেন? আসলে এসব সময়ই বলে দেবে। এখন প্রয়োজন অবাধ, সুষ্ঠু ও একটি নিরপেক্ষ নির্বাচন। যে নির্বাচনের স্বপ্ন দেখাচ্ছেন নির্বাচন কমিশন

শামীমুল হক



দীর্ঘ সতের বছর জেঁকে বসা স্বৈরাচারের পতন হয়েছে। এটা নতুন কোনো খবর নয়। নতুন খবর হলো আসছে ১২ই ফেব্রুয়ারির নির্বাচন নিয়ে দলগুলো বিশ্বাস-অবিশ্বাসের দোলাচলে দুলছে। এখানে স্বৈরাচারী আমলের আভাস পাওয়া যায়। প্রশ্ন হলো- এমনটা কি হওয়ার কথা ছিল? অন্তর্বর্তী সরকার নানা চাপের মধ্যে তাদের সময় পার করছে। এটা অস্বীকার করার উপায় নেই। দলগুলো থেকেও রয়েছে নানা আবদার। আর সরকারের কাছে যে হারে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের দাবি-দাওয়া তা দেখে বুঝা যায় গত ১৭ বছর কিছুই হয়নি। শুধু ডাণ্ডা দিয়ে আন্দোলনকারীদের ঠান্ডা করা হয়েছে। এমনকি ভয়ে কেউ তাদের অধিকার আদায়ের কথাও বলতে পারেনি। আজ দেশ যখন নির্বাচনমুখী তখনো জোট নিয়ে দেন-দরবার চলছে দলগুলোর মধ্যে। জামায়াত এখন ১১ দলীয় জোট নিয়ে মাঠে। কিন্তু এখন তাদের শরিকদের সঙ্গে সিট ভাগাভাগি নিয়ে দেন-দরবার চলছে। জামায়াতের সঙ্গে যোগ দিয়েছে এনসিপি। চব্বিশের জুলাই অভ্যুত্থানে নেতৃত্ব দেয়া ছাত্রদের নিয়ে গঠিত এ দলটি শুরুতে বিএনপি'র সঙ্গে জোট করতে দেন-দরবার করেছে। কিন্তু আসন সমঝোতায় বনিবনা না হওয়ায় জামায়াতের সঙ্গে জোট বাঁধে। এই জোট বাঁধা নিয়ে এনসিপিতে ঘটে বিস্ফোরণ। একাধিক নেতা এনসিপি ছেড়ে চলে যান। অনেকেই আবার এর বিরোধিতা করে নীরব রয়েছে। আবার জামায়াতের সঙ্গে এখনো ইসলামী আন্দোলনের আসন সমঝোতা হয়নি। এ নিয়ে চলছে মন কষাকষি। এরপর বিএনপি'র সাবেক এমপি মেজর (অব.) আক্তারুজ্জামান ছুটে গিয়ে জামায়াতের আমীর ডা. শফিকুর রহমানের হাতে ফুল দিয়ে জামায়াতে যোগ দিয়েছেন। অবশ্য তিনি বলেছেন, জামায়াতে যোগ দিলেও তিনি নির্বাচন করবেন না। সবচেয়ে বড় চমক দেখায় কর্নেল অলি আহমদ। এলডিপি'র প্রধান অলি আহমদ গত ১৭ বছর বিএনপি'র সঙ্গে যুগপৎ আন্দোলন করে এসেছেন। আসছে নির্বাচনে বিএনপি জোটে থেকেই নির্বাচন করবেন।

এমনটাই কথা ছিল। কিন্তু এলডিপি'র সাধারণ সম্পাদক সাবেক এমপি রেদোয়ান আহমেদ হঠাৎ বিএনপিতে যোগ দেন। বিষয়টি কর্নেল অলি ঘুর্ণাক্ষরেও টের পাননি। এলডিপি'র বৈঠকে যোগ দেন রেদোয়ান। বৈঠকে সিদ্ধান্ত হয় এলডিপি এককভাবে নির্বাচন করবে। এতে স্বাক্ষরও করেন রেদোয়ান আহমেদ। এরপর আমি একটু আসছি বলে সেখান থেকে বেরিয়ে যান। পরে তাকে দেখা যায় বিএনপিতে যোগ দিতে। ওদিকে গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খানও যোগ দেন বিএনপিতে। নির্বাচন ঘিরে এতসব ঘটনা দেশের মানুষকে হতবাক করে দিচ্ছে। আসলে জোট বা সমমনা দলগুলো তাদের প্রধান দলের কাছে যে আসন দাবি করে তা নিয়েই শুরু হয় গণ্ডগোল। এ গণ্ডগোল থেকেই এ জোট থেকে ওই জোটে জাম্প দেয় ছোট দলগুলো। প্রধান দল হিসাব করে জোটের প্রার্থীকে ওই আসনে মনোনয়ন দিলে কতোটুকু রেজাল্ট ঘরে আসবে? তিনি কি পারবেন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সঙ্গে লড়াই করতে? ওদিকে আনুষ্ঠানিক প্রচারণা শুরু হবে আগামী ২১শে জানুয়ারি। এর আগে ১৯শে জানুয়ারি মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। ২০শে জানুয়ারি প্রতীক বরাদ্দ। এরপরই প্রার্থীরা ছুটবেন প্রতীক হাতে ভোটারদের দরবারে। এখানে বলতে হয় জামায়াতের প্রার্থীরা আরও বহু আগেই তাদের প্রচারণা শুরু করেছেন। তাদের নারী কর্মীরাও ভোটারদের দুয়ারে দুয়ারে গিয়ে ভোট চাইছেন। কেন জামায়াতকে ভোট দেবে তাও সবিস্তারে ভোটারদের সামনে তুলে ধরেছে। জামায়াতের বিউটি হলো- জোট গঠনের পর তাদের ঘোষিত প্রার্থী নিজ থেকেই জোটের শরিকদের আসন ছেড়ে দিচ্ছেন। এমনকি জোটের প্রার্থীকে নিয়ে জনতার দরবারে হাজির হচ্ছেন। এ বিষয়টি তাদের জন্য প্লাস পয়েন্ট। কিন্তু গোলমাল বাধে বিএনপিতে। শরিকদের ছেড়ে দেয়া আসনে চ্যালেঞ্জের মুখে পড়ছে সমমনা দলের প্রার্থীরা। কারণ প্রায় প্রতিটি আসনে বিএনপি'র বিদ্রোহী প্রার্থী নির্বাচনে লড়তে প্রস্তুতি নিয়েছেন।

এ নিয়ে বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দ্বারস্থ হয়েছেন গণঅধিকার পরিষদের সভাপতি ভিপি নুর। তিনি তারেক রহমানকে তার আসনের চিত্র তুলে ধরে এর সুরাহার দাবি জানিয়েছেন। এ ছাড়া বিএনপিতে যোগ দেয়া রাশেদ খানও একই অভিযোগ জানিয়েছেন ভারপ্রাপ্ত চেয়ারম্যানের কাছে। রাশেদ খান ঝিনাইদহ থেকে নির্বাচন করবেন। তার আসনে বিএনপি'র বিদ্রোহী প্রার্থী রয়েছে। এ নিয়ে রাশেদ খান চিন্তিত। ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে বিএনপি'র বিদ্রোহী প্রার্থী রয়েছেন হেভিওয়েট দুইজন। একজন ব্যারিস্টার রুমিন ফারহানা। আরেকজন তরুণ দে। এখানে বিএনপি'র সমর্থন পেয়েছেন জমিয়তে ওলামায়ে ইসলামের জুনায়েদ আল হাবিব। হবিগঞ্জের নবীগঞ্জে বিএনপি থেকে লড়ছেন ড. রেজা কিবরিয়া। সেখানে বিদ্রোহী প্রার্থী হিসেবে মাঠে রয়েছেন সাবেক এমপি শেখ সুজাত মিয়া। এ দু'জনের সমর্থকদের মধ্যে বিরাজ করছে টানটান উত্তেজনা। বিএনপি'র উচিত এখনই এর সুষ্ঠু সুরাহা করা। সকলকে কেন্দ্রে ডেকে এনে তাদের সঙ্গে বুঝাপড়া করা। তা না করে বহিষ্কার করে কোনো লাভ হবে না। বরং পরিস্থিতি আরও ঘোলাটে হবে।

এতে নিজেদেরই ক্ষতি হবে। এদিকে জামায়াত সুবিধাজনক অবস্থানে থাকলেও জোটের প্রার্থীদের চাওয়া পাওয়া নিয়ে এখনো দরকষাকষি চলছে। কেউ এরপর ৩৬ পৃষ্ঠায়



# 'কালা কুত্তার ঈমান চৌদ্দ আনা'

মহিউদ্দিন মোহাম্মদ

গ্রামে প্রবাদ আছে, কালা কুত্তার ঈমান চৌদ্দ আনা সাদা কুত্তার ঈমান শূন্য আনা, এবং সাদা কুত্তাকে সাবধানে ভাত দিও। মাহমুদুর রহমান সেই সাদা কুত্তা, যে ভাত খাওয়ার পর ভাতদাতাকে কামড়িয়ে দাঁত পরিষ্কার করে। আমি কিছু তথ্য জানি, তারেক রহমানের সবচেয়ে ঘনিষ্ঠ একজনের সূত্রে। তিনি আমার ব্যক্তিগত বন্ধু, এবং সম্পর্কটি সম্পূর্ণ অরাজনৈতিক। আমি পেশাদার এক্টিভিস্ট নই বলে এসব জিনিস নিয়ে কখনো লিখি নি। কিন্তু সাদা কুত্তার কামড় থেকে দেশবাসীকে রক্ষা করা দায়িত্ব বলে মনে করি।

(১) আন্দোলনে বিএনপি পুরোদমে সক্রিয় হয় জুলাই ১৩ তারিখের পরে। ১৪ তারিখ তারেক রহমান ছাত্রদল ও যুবদলের শীর্ষ নেতৃত্বকে একসাথে নিয়ে মিটিং করেন, এবং ঢাকা শহরকে ১০টি জোনে ভাগ করেন।

৪টি জোন ঢাকার কেন্দ্রে। শাহবাগ, কাকরাইল, কাওরানবাজার, ধনমণ্ডি। বাকি ৬টি জোন ঢাকার প্রবেশপথগুলো ঘিরে।

প্রত্যেক জোনে ছাত্রদলের ১০ জন ও যুবদলের ১০ জনকে দায়িত্ব দেন নেতৃত্ব দিতে। প্রতি জোনে সমন্বয়ের দায়িত্ব পান একজন।

এদের প্রধান কাজ ছিলো ঢাকার আশেপাশের জেলাগুলো থেকে ছাত্রদল ও যুবদলের কর্মীদের ঢাকায় নিয়ে আসা, এবং ছাত্রদের রক্ষায় ঢাল হিশেবে পাশে থাকা।

(২) একই দিনে তারেক রহমান মির্জা আব্বাস পরিবারকে নির্দেশ দেন ঢাকায় আসা সকল নেতাকর্মী ও ছাত্রের খাওয়া দাওয়া ও পানির ব্যবস্থা করতে। ১৫ থেকে ১৮ তারিখ মির্জা আব্বাস পরিবার ৮ ট্রাক পানি ও দুই ট্রাক প্যাকেটজাত খাবার বিতরণ করেন, পরবর্তীতে আরও অনেক ট্রাক, বিভিন্ন কৌশলে। ছাত্রদল ও যুবদলের কর্মীদের দিয়ে।

এনসিপি ও শিবিরের এখন যারা গর্ত থেকে বের হয়ে গলা উঁচু করছে, তারা কি জানে যে ছাত্ররা মির্জা আব্বাসের খাবার খেয়ে রাস্তায় ছিলো?

(৩) ১৫ তারিখ দলের হাইকমান্ডের সদস্যদের সাথে তারেক রহমান একাধিক মিটিং করেন। সেখান থেকে জেলা কমিটিগুলোকে সক্রিয় করার ও প্রস্তুতি নেওয়ার নির্দেশনা দেওয়া হয়। বিএনপিপন্থী পরিবহন ব্যবসায়ীদের অনুরোধ করা হয়, জেলা পর্যায়ের সকল নেতাকর্মীর ঢাকায় আসা ও জেলা / থানা শহরে যাতায়াতের ক্ষেত্রে যেন সর্বোচ্চ সহায়তা করা হয়। ১৬ তারিখ থেকে জেলা ও থানা বিএনপি, এবং স্থানীয় ছাত্রদল / যুবদল আন্দোলনে সংঘবদ্ধভাবে অংশ নেয়া শুরু করে।

(৪) সেই সময়ে জেলা শহরগুলোতে যারা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) হিসেবে কর্মরত ছিলেন, তাদের বড় অংশই ছাত্রদল কেন্দ্রীয় সভাপতি রাকিবের ব্যাচমেট / বন্ধু ছিলো। বিসিএস ৩৩/৩৪ এই ব্যাচগুলো। রাকিব তার আরেক বন্ধুকে সাথে নিয়ে ওই অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেলদের অনুরোধ করে, যেন ছাত্রদের উপর কোনো গু/লি চালানো না হয়। তারা যেন অন্তত বেআইনী কোনো নির্দেশ পালন না করেন। কারণ জেলা শহরে মাঠ পর্যায়ে পুলিশ কাজ করে মূলত এসপি সদর সার্কেলের কমান্ডে।



লক্ষ্য করবেন, জেলা শহরগুলোতে পুলিশ তেমন সহিংস হয় নি। এর কারণ হলো এই।

এখানে আমি আরেকটি তথ্য দিতে চাই। হবিগঞ্জের বানিয়াচংয়ে গু/লির নির্দেশ দিয়েছিলো বানিয়াচং থানার তৎকালীন ওসি দেলোয়ার। এই দেলোয়ার ছিলো শিবিরের লোক। কিন্তু আওয়ামী লীগ সেজে ওসি পদ নিয়েছিলো। তাই আওয়ামী লীগের আস্থাভাজন থাকতে অতিরিক্ত আওয়ামী লীগগিরি করতে সে ৫ আগস্ট সকাল বেলা টহলে গিয়ে গুলির নির্দেশ দিয়েছিলো, যদিও জেলা পুলিশ সুপার আখতার হোসেনের সুস্পষ্ট নির্দেশনা ছিলো কোনোপ্রকার গু/লি না করতে। ওসি দেলোয়ার পরবর্তীতে গ্রেপ্তার হয়, এবং জামাতের কিছু আইনজীবী তার জামিনের চেষ্টা করে আসছে। এই দেলোয়ারের কারণে তৎকালীন আলফা থ্রি আমিনুল প্রায় মারা যেতে বসেছিলো। কিন্তু এখন সব দোষ হিন্দু এসআই সন্তোষের!

(৫) জুলাই ২০ তারিখের পর থেকে সারা দেশে আন্দোলনের নিয়ন্ত্রণ সামগ্রিকভাবে বিএনপির হাতে চলে যায়। এই সময়টাতে তারেক রহমান দলীয় কর্মী ছাড়াও বহু ফেসবুক এক্টিভিস্ট ও ইউটিউবারের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করেন। আমার কাছেও আমন্ত্রণ এসেছিলো, তবে আমি যেহেতু সর্বদা রাজনীতিক ক্ষমতাধর মানুষদের সাথে ঘনিষ্ঠ হওয়া থেকে দূরে থাকি, তাই বিনয়ের সাথে না করি (কারণ কখন কার সমালোচনা করতে হয় ঠিক নেই)। তবে জানিয়ে দিই যে, ছাত্রদের রক্ষায় আমি ব্যক্তিগত ক্যাপাসিটিতে কাজ করবো। জুলাইয়ের ২২ তারিখে আমি মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে একটি চিঠি লিখি ছাত্রদের বাঁচাতে। চিঠিটির কপি ও ইউএসপিএস রিসিপ্ট তারেক রহমানের ঘনিষ্ঠ আমার সেই বন্ধুর কাছে আছে। এ ধরণের চিঠি আমি দেশ ও মানুষের পক্ষে সর্বদাই লিখি, ভবিষ্যতেও লিখবো। এমনকি তা তারেক রহমান বা বিএনপির বিরুদ্ধে গেলেও।

(৬) জুলাইয়ের শেষ সপ্তাহে তারেক রহমান বিএনপিপন্থী চিকিৎসক ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সাথে একাধিক মিটিং করেন। চিকিৎসকদের নির্দেশ দেন, যেকোনো মূল্যে আন্দোলনে আহতদের সর্বোচ্চ এরপর ৪১ পৃষ্ঠায়



ছাত্র সমন্বয়কদের সাথে ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সাথে যোগাযোগ রক্ষা করেন ছাত্রদল সভাপতি রাকিব, সাধারণ সম্পাদক নাসির ও আমান উল্লাহ আমান। এই পুরো প্রক্রিয়ায় শিবির বা জামাতের কাউকে সামনে খুঁজে পাওয়া যায়নি। বরং তাদের অনেকেই ছাত্রলীগ সেজে ছাত্রদের পেটাচ্ছিলো। কেবল সরকার পতন নিশ্চিত হওয়ার পর তারা সামনে আসে, এবং পুলিশ হ/ত্যা, থানা পোড়ানো, থানার অস্ত্র লুটপাট- এগুলো করতে থাকে। এক পর্যায়ে থানাগুলো বাঁচাতে তারেক রহমান নিজে সক্রিয় হন। ৫ আগস্ট রাতে ছাত্রদল, যুবদল, বিএনপি সংঘবদ্ধ হয়ে থানা পাহারা দিতে শুরু করে। বহু দারোগা, কনস্টেবল, মুন্সি সেদিন বিএনপি কর্মীদের বাড়িতে আশ্রয় নিয়েছিলো। আপাতত এই তথ্যগুলোই পাবলিকলি প্রকাশ করলাম। আরও অনেক বিষয় জানি, সময় হলে বলবো

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



| আবু তাহের খান | কাঞ্চন | জামান রঞ্জু | কে.এম. শহিদ | মাহির | জাহাঙ্গীর | নিলয় |
|---|---|---|---|---|---|---|
| ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট |

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# নয়া বন্দোবস্ত নিয়ে যত কথা

ড. মাহবুব উল্লাহ্

'নয়া বন্দোবস্ত-সুস্পষ্ট ধারণাই জনগণ পায়নি' শিরোনামে শুভ্রাংশু চক্রবর্তী একটি দৈনিকের প্রথম পাতায় তার মন্তব্য প্রকাশ করেছেন। শুভ্রাংশু চক্রবর্তী একজন সুপরিচিত মার্কসবাদী অ্যাক্টিভিস্ট। তার কথা ও লেখার গুরুত্ব নিশ্চয়ই আছে। তিনি লিখেছেন, 'আমি যখন আজকের দেশের বাস্তবতার দিকে তাকাই, তখন এক গভীর অস্বস্তি আমাকে গ্রাস করে। আমাদের দেশে প্রায় ১৬ কোটি মানুষ-যারা হয় দরিদ্র, নয়তো দারিদ্র্যের একদম কাছাকাছি অবস্থানে বাস করছে। তাদের জীবনের কোনো অর্থবহ অধিকার সম্প্রসারণ হয়নি-না অর্থনৈতিকভাবে, না সামাজিকভাবে, না রাজনৈতিকভাবে। চাকরি কমে যাচ্ছে, জীবনের নিশ্চয়তা ভেঙে পড়ছে, অথচ এসব নিয়ে রাষ্ট্রের কোনো কার্যকর জবাব নেই।'

শুভ্রাংশু চক্রবর্তী শ্রেণিসংগ্রামের রাজনীতি করেন। তিনি আমার চেয়ে ভালো করে জানেন, একটি শ্রেণিবিভক্ত সমাজে অধিপতি শ্রেণি কীভাবে নিম্নবর্গের মানুষের কাছ থেকে উদ্বৃত্ত আত্মসাৎ করে নিজেরা ধনী হয়। এ ধনী হওয়ার প্রক্রিয়ায় তারা রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে। রাষ্ট্রযন্ত্র নিয়ন্ত্রণের ক্ষমতা তারা অর্জন করে অর্থনৈতিক ক্ষমতা থেকে। বাংলাদেশের অর্থনৈতিক পরিস্থিতি এর চেয়েও ভিন্ন প্রকৃতির। এখানে সত্যিকার অর্থে পুঁজিবাদ বিকশিত হয়নি। আমরা দেশে প্রচুর ধনাঢ্য ব্যক্তি দেখছি। কিন্তু তাদের ধনের উৎস শতকরা ৯০ ভাগ ক্ষেত্রে মেহনতি মানুষের শ্রমের দ্বারা সৃষ্ট উদ্বৃত্ত আহরণের মধ্য দিয়ে সৃষ্টি হয়নি। এদের সঙ্গে উৎপাদন কিংবা উৎপাদিকা শক্তির কোনো যোগাযোগ নেই। এরা লুটেরা, এরা দুর্বৃত্ত, এরা দুর্নীতিপরায়ণ এবং পরস্ব অপহরণে সিদ্ধহস্ত। একে যদি আমরা পুঁজিবাদ বলি, তাহলে এটা পুঁজিবাদের অতি প্রাথমিক স্তর। কার্ল মার্কস এ স্তরটি সম্পর্কে বলেছেন, এটা হলো আদিম সঞ্চয়নের স্তর বা Primitive accumulation-এর স্তর। মার্কস এ অবস্থাকে আদি পাপের সঙ্গে তুলনা করেছেন। যে আদি পাপের ফলে আদম-হাওয়া স্বর্গচ্যুত হয়েছেন।

যে সমাজে লুণ্ঠন ও দুর্বৃত্তপনা প্রাধান্য বিস্তার করে, সে সমাজে অর্থনৈতিক বিকাশ রুদ্ধ হয়। এরকম সমাজে বর্ধিত পুনরুৎপাদনের মাধ্যমে (Extended Reproduction) পুঁজি বিকশিত হয় না এবং পুঁজির বিনিয়োগও হয় না। যা হয় সেটা হলো, একজনের হাত থেকে অন্যজনের হাতে সম্পদের পুনর্বণ্টন-এরকম সমাজে অর্থনৈতিক প্রবৃদ্ধি মুখ থুবড়ে পড়ে। প্রবৃদ্ধি হয় না বলে বেকারত্ব বাড়তে থাকে। বাড়ে দারিদ্র্যও। বাংলাদেশ এ মুহূর্তে এমন একটি ভয়াবহ পরিস্থিতির মধ্যে আটকে আছে। যারা ব্যাংকব্যবস্থা এবং অন্য সূত্র থেকে লুণ্ঠন করেছে, তারা তাদের লুণ্ঠিত সম্পদ দেশে রাখেনি। বিদেশে পাচার করেছে। টাকার অঙ্কে এর পরিমাণ বিশাল। এ সম্পদ যদি দেশে থাকত তাহলে কোনো-না-কোনো পর্যায়ে এ সম্পদের উৎপাদনশীল ব্যবহার হতে পারত। কিন্তু পাচার করা পুঁজি উদ্ধারের সম্ভাবনা অতি ক্ষীণ। ফলে দেশের অপরিমেয় ক্ষতি হয়ে গেছে। যারা লুণ্ঠন করেছে, তাদের থর্সস্টিন ভেবলেনের Leisure Class-এর সঙ্গে তুলনা করা যায়। এই শ্রেণির লোকেরা অলস জীবনযাপন করে; কিন্তু তারা ভোগবিলাসে মত্ত থাকে। তাদের এ বিশ্রাম জীবনের উৎস খেটে খাওয়া মানুষের হাড়ভাঙা শ্রম। বাংলাদেশের একজন প্রয়াত অর্থনীতিবিদ দরিদ্রদের সম্পর্কে মন্তব্য করেছিলেন, এরা হলো হার্ড ওয়ার্কিং পুওর। কী নিষ্ঠুর বাস্তিক অবস্থা! ছোটবেলায় পড়েছিলাম, আলস্য সব সর্বনাশের মূল। এখন বাস্তবে দেখছি হাড়ভাঙা শ্রমই সব দুঃখ-কষ্টের মূল। এদেশে 'পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি'। কিন্তু এদেশে পরিশ্রম দুর্দশারই নামান্তর। শুভ্রাংশু চক্রবর্তী দেশের এ পরিস্থিতির জন্য, যেমন বেকারত্ব, দারিদ্র্য ও শোষণের কারণে রাষ্ট্রের কাছে জবাব চেয়েছেন। রাষ্ট্র কেন এ জবাব দেবে? রাষ্ট্র তো এমন অবস্থান উত্তরোত্তর নবায়ন করে চলছে। এখন প্রশ্ন হলো, যে পুরোনো রাষ্ট্রযন্ত্র এত অনাচার-অবিচারের জন্য দায়ী, তাকে পরিবর্তন করে অথবা সংস্কার করে নতুন ব্যবস্থার গোড়াপত্তন করতে না পারলে ভালো কিছু অর্জন করা সম্ভব হবে না। এ পরিবর্তনের চূড়ান্ত রূপটি হতে পারে একটি রাষ্ট্রবিপ্লব। অনেকে বলে থাকেন, তারা লিবারেল ডেমোক্রেসিতে বিশ্বাসী, বিপ্লবে নয়। কিন্তু প্রশ্ন ওঠে, দেশের যে হাল হয়েছে, তা থেকে উত্তরণ লিবারেল ডেমোক্রেসি বা উদারনৈতিক গণতন্ত্রের দ্বারা সম্ভব কি না। শুভ্রাংশু চক্রবর্তী আরও লিখেছেন, 'আমি শুরু থেকেই বলতে চাই-'নয়া বন্দোবস্ত' কথাটি এলো কেন? এ শব্দটি আমার কাছে প্রথম থেকেই একটা গণসংগ্রামের শব্দ বলে মনে হয়েছিল। বহু আগেই আমি লক্ষ করেছি, কিছু রাজনৈতিক গোষ্ঠী তাদের বক্তব্যে নতুন ধরনের ভাষা, নতুন রেটোরিক ব্যবহার করছে। 'নয়া বন্দোবস্ত' সেই ভাষারই অংশ। কিন্তু প্রশ্ন হলো-এ নয়া বন্দোবস্ত আসলে কী করবে? কী তার কর্মসূচি? বাস্তবতা হলো, এ বিষয়ে কখনোই কোনো সুস্পষ্ট ধারণা আমরা পাইনি। একসময় শোনা গেল 'দয়া করে'-এ শব্দটাও একধরনের রাজনৈতিক স্লোগানে পরিণত হলো। কথার দিক থেকে নতুন, কিন্তু কাজের দিক থেকে পুরোনো ব্যবস্থাই আরও নিষ্ঠুরভাবে ফিরে এলো।'

এ কথা সত্য যে, 'নয়া বন্দোবস্ত' কথাটি রাজনীতির একটি রেটোরিকে পরিণত হয়েছে। এরপর ২৬ পৃষ্ঠায়






নয়া বন্দোবস্তে এমন ধরনের একচেটিয়া ও একপেশে ক্ষমতার বিন্যাসকে পালটে দিতে পারে। সমাজে দরকষাকষি ও কাউন্টার ভেইলিং পাওয়ার বাড়াতে হবে। বাংলাদেশে এখন কৃষক ইউনিয়ন ও শ্রমিক ইউনিয়ন বলতে কিছুই নেই। পেশাজীবীরা হাত গুটিয়ে বসে আছে। নারীদের কিছু এলিট সংগঠন থাকলেও মেহনতি নারীর কিছুই নেই। পরিবেশবাদীরা বস্তুত অসহায়। আইন-আদালত বিত্তবান ও প্রবলদের হাতে চলে গেছে। এ কারণেই প্রয়োজন একটি নতুন বন্দোবস্ত। যে গণতন্ত্র আমরা চাইছি, সেই গণতন্ত্র যেন নতুন বন্দোবস্তের পথ উন্মুক্ত করে দেয়। এর ফলে কিন্তু সমাজতন্ত্র হয়ে যাবে না। দেশে হয়তো একটি ন্যায়বিচারভিত্তিক ও প্রতিযোগিতামূলক জনগণের পুঁজিবাদ (People's capitalism) গড়ে উঠবে। সেটাই সম্ভবত এ মুহূর্তের বাস্তববাদী আকাঙ্ক্ষা

# 'ভালো মন্দ যাহাই আসুক'- নির্বাচনে

হাসান মামুন

শেখ হাসিনা গং জাতিকে নির্বাচন থেকে বঞ্চিত করে অবশেষে নিজেদের চরম পতন অনিবার্য করে তুলেছিল। নতুন পরিস্থিতিতে যে নির্বাচন হতে চলেছে, সেটাকে সাফল্যমণ্ডিত করেই আগেকার সেই অপকর্মের জবাব দিতে হবে। নির্বাচন সুষ্ঠুভাবে হলে এর ফল জাতীয় ও আন্তর্জাতিকভাবে সবাই মেনে নেবে। সে অনুযায়ী দেশ পরিচালনাই প্রত্যাশিত। গণ-অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশ গঠনে ১২ই ফেব্রুয়ারি অনুষ্ঠেয় নির্বাচন ঐতিহাসিক ভূমিকা রাখবে, যদি সবাই মিলে এটাকে সফল করে তুলতে পারি। সরকার ও ইসি'র ভূমিকা এ ক্ষেত্রে মুখ্য। মাঠে থাকা রাজনৈতিক দলগুলোরও বড় ভূমিকা রয়েছে গণ-অভ্যুত্থান পরবর্তী বাস্তবতায়। জনগণের ইচ্ছায় তারা নিজ নিজ অবস্থান মেনে নেবে, এই বোধ জোরালো হতে হবে দলগুলোর মধ্যে। জনমতের পরোয়া না করে চলার পরিণতি কারও জন্য সুখকর হবে না



ওসমান হাদি হত্যাকাণ্ড এবং সেটা ঘিরে মিডিয়া প্রতিষ্ঠানে ভয়াবহ হামলা হওয়ার পর অনেকের মনেই নির্বাচন নিয়ে নতুন করে শঙ্কা দেখা দিয়েছিল। এরই মধ্যে আবার বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফিরে বিপুল গণসংবর্ধনা লাভ করায় জনমনে আস্থা জাগে যে, দেশটি নির্বাচনের দিকে যাবে। মাঠে থাকা প্রধান রাজনৈতিক দল এখন বিএনপি। আর বাংলাদেশ বিষয়ে ওয়াকিবহাল দেশি-বিদেশি প্রায় সব মহলে এ ধারণা প্রবল যে, সুষ্ঠু নির্বাচন হলে বিএনপিই ক্ষমতাসীন হবে। গণ-অভ্যুত্থান সফল হওয়ার মুহূর্ত থেকে তারা আবার নির্বাচন বিষয়ে সবচেয়ে বেশি আগ্রহী। এটি বানচালের চেষ্টা এখনো কোনো মহল থেকে থাকলে বিএনপি কোনোভাবেই সেটা সহ্য করবে না। মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকারও অবশেষে নির্বাচন অনুষ্ঠানে সংকল্পবদ্ধ হয়েছে। নির্বাচনের দিনক্ষণ স্থির হয়েছে, শুধু তা-ই নয়; এবার এর সঙ্গে অনুষ্ঠিত হবে গণভোট। অবশ্য জাতীয় নির্বাচনের প্রশ্নটি এত প্রবলভাবে উপস্থিত যে, গণভোট কিছুটা আড়ালে চলে গেছে। যারা রাষ্ট্র সংস্কারে সবিশেষ গুরুত্ব দিচ্ছিলেন, তারা এ নিয়ে এরই মধ্যে উদ্বিগ্ন হয়ে পড়েছেন। হালে সুশাসনের জন্য নাগরিক (সুজন) আয়োজিত এক সেমিনারে বক্তারা গণভোট বিষয়ে প্রচারণা জোরদারের তাগাদা দিয়েছেন। রাজনৈতিক দলগুলোকেও বলা হয়েছে তাদের নির্বাচনী ইশতেহারে 'হ্যাঁ' ভোটের পক্ষে অবস্থান নিতে। রাষ্ট্র সংস্কারে যারা একমত হয়েছে, সেইসব দলের তো এর বিরুদ্ধে প্রকাশ্যে অবস্থান নেয়ার সুযোগ নেই। তবে ইশতেহারে যে অবস্থানই নিক, কোনো কোনো দলের সমর্থকরা বেশি করে 'না' ভোট দিতে পারেন। এতে না জয়যুক্ত হলেই সংস্কারের পথ বন্ধ হয়ে যাবে, এ ধারণা ভুল। যারাই ক্ষমতায় আসুক, সংস্কার বিষয়ে তাদের অবস্থান তো সবার জানা। সে অনুযায়ী তাদের কাছ থেকে বাস্তবায়নের উদ্যোগ মানুষ আশা করবে। সংস্কারের পথেই ভবিষ্যতের বাংলাদেশকে এগোতে হবে।

নির্বাচন সুষ্ঠুভাবে হলে আর এতে বিএনপি ক্ষমতায় এলে তার নিজের ৩১ দফা সংস্কারের প্রতিশ্রুতি বাস্তবায়নের দাবিও কি জোরদার হবে না? সব হিসাবনিকাশ উল্টে দিয়ে জামায়াত নেতৃত্বাধীন জোট ক্ষমতায় এলে তাদেরকেও সংস্কার বাস্তবায়নের দাবির মুখে পড়তে হবে। কেননা, জামায়াত ও জোটে তার মিত্র দলগুলো (বিশেষত এনসিপি) বিএনপি'র চাইতেও বেশি করে সংস্কার চাইছিল। বিএনপিকে তারা 'সংস্কারবিমুখ' দল বলেও চিত্রিত করতে চাইছিল। এ অবস্থায় সংস্কারের পথে যাত্রার বিষয়ে এক ধরনের আশাবাদ রয়েছে। তবে তার আগে নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হতে হবে। সুষ্ঠুভাবে নির্বাচন না হলে না গণতান্ত্রিক ব্যবস্থা, না সংস্কার কিছুই অর্জন করা যাবে না। সে ক্ষেত্রে দেশ অধিকতর সংকটে নিপতিত হবে।

প্রশ্ন হলো, তফসিল ঘোষণা ও মনোনয়নপত্র দাখিলের পরও কি নির্বাচন বানচালের শঙ্কা রয়েছে? এক বা একাধিক মহল কি এখনো নির্বাচন বানচাল করে অন্য লাইনে হাঁটার ফন্দি আঁটছে? এ বিষয়ে নানা কথা বিক্ষিপ্তভাবে শোনা গেলেও তা নিয়ে আলোচনা করা কঠিন। তবে এমন শঙ্কা থাকলেও এক তারেক রহমানের দেশে প্রত্যাবর্তনের চাপেই তা অনেকখানি কেটে গেছে। রাজধানীতে বিপুল গণসংবর্ধনার সামনে দাঁড়িয়ে তিনি যে বক্তব্য রেখেছেন, তাতে সরাসরি নির্বাচনের প্রসঙ্গ না এলেও শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার ওপর খুবই গুরুত্ব আরোপ করায় দেশের সিংহভাগ মানুষ স্বস্তি অনুভব করছে। একটা অবনতিশীল পরিস্থিতিতে আশাবাদী হওয়ার সুযোগ পেয়ে সেটা লুফে নিয়েছে তারা। এদের সবাই যে, বিএনপি বা সেই জোটভুক্তদের ভোট দেবে, তা নয়। তবে তারা আস্থাশীল হয়েছে গণতন্ত্রে উত্তরণের বিষয়ে। এটি ঘটলে বিনিয়োগ পরিস্থিতিরও উন্নতি হবে। বাড়বে কাজের সুযোগ। দিনের শেষে মানুষ তো একটা কর্মমুখর দেশ দেখতে চায়। ইতিবাচক বাংলাদেশ দেখতে তারা আগ্রহী।

অন্তর্বর্তী সরকারের ওপর মানুষ যে পরিমাণ আস্থা রেখেছিল, তাতে তারা হতাশই হয়েছে বেশি। বিভিন্ন ক্ষেত্রে সরকারের উদ্যোগহীনতা, নিষ্ক্রিয়তা আর ব্যর্থতাই বেশি লক্ষ করা যাচ্ছে। যত দিন গেছে, এসব নিয়ে আলোচনাও বেড়েছে। সরকারটির 'রাজনৈতিক নিরপেক্ষতা'ও প্রশ্নবিদ্ধ হয়েছে বারবার, বিভিন্ন ঘটনায়। সরকার দক্ষিণপন্থি দল ও গোষ্ঠীর প্রভাবে চলছে বলে সমালোচনা বেড়েছে ক'মাস যেতে না যেতেই। দক্ষিণপন্থিরা বিতর্কিত হয়েছে ক্রমে; সরকারও সমালোচিত হয়েছে তাদের প্রশ্রয় দেয়া কিংবা তাদের ব্যাপারে নির্লিপ্ত থাকায়। জনজীবনের সংকটও এ সময়ে বেড়েছে। বেড়েছে নিরাপত্তাহীনতার বোধ। শুধু ক্ষমতাচ্যুত পক্ষ নয়; আক্রান্ত হয়েছে বিভিন্ন দুর্বল জনগোষ্ঠী। যদিও বৈষম্য দূরীকরণের অঙ্গীকার সামনে আনা হয়েছিল শেখ হাসিনা সরকার পতনের সময়। বর্তমান শাসনামলে অর্থনৈতিক বৈষম্যও বেড়েছে। অবনতি ঘটেছে দারিদ্র্য পরিস্থিতির।

একটি গ্রহণযোগ্য নির্বাচন হলেই আর জনপ্রতিনিধিত্বশীল সরকার গঠিত হলেই এ পরিস্থিতির অবসান হবে না। তবে নির্বাচিত সরকারকে জাতীয় সংসদে এবং এর বাইরেও জনগণের কাছে জবাবদিহি করতে হবে। কিছু না কিছু সংস্কার করে বিরোধী দলকে দেশ পরিচালনায় ভূমিকা রাখার একটা জায়গা করে দিতে হবে তাদের। যারাই ক্ষমতায় আসুক; গণ-অভ্যুত্থানের পর দেশটি আর আগের ধারায় পরিচালনা করা যাবে না। পররাষ্ট্রনীতিতেও 'বাংলাদেশপন্থি' হতে হবে নির্বাচিত সরকারকে। গণ-অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশের বিষয়ে অত্যন্ত নেতিবাচক অবস্থান নিয়ে থাকা ভারতও বলছে, তারা নির্বাচিত এরপর ২৪ পৃষ্ঠায়




মাগুরা জেলা সমিতির
২০২৬-২০২৭ সালের নবগঠিত কার্যকরী ও উপদেষ্ঠা কমিটি নিম্নে দেওয়া হল
MAGURA ZILLA SAMITEE USA INC.
মাগুরা জেলা সমিতি ইউ এস এ ইনক
Magura Zilla Samity USA Inc.
কার্যনির্বাহী পরিষদ
২০২৬-২০২৭
(নির্বাচিত)
আমরা সবাই একই বৃন্তে
উপদেষ্টা পরিষদ ২০২৬-২০২৭
ডাঃ হাবিবুর রহমান
মাহফুজ আখতার খান
শামীম রেজা নুর


বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?
সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়
আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।
আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।
কামরুজ্জামান বাচ্চু
KAMRUZ ZAMAN BACCU
Licensed Real Estate Salesperson
347.465.3220
kamruzbaccu1@gmail.com
Buying/Selling:
Residential, Commercial
Investment, HUD
Auctions, Foreclosures
REO/Bank Owned &
Short Sale.
Rental:
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 &
other
programs
MLS
ISLAND ADVANTAGE
REALTY
360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788. 631.351.6000



## ৩৫তম নিউইয়র্ক বাংলা বইমেলা ২২-২৫ মে

৬২ পৃষ্ঠার পর

সাহিত্য ও সংস্কৃতির আধুনিক চর্চা ও উপলব্ধির প্রতি আয়োজকদের একনিষ্ঠ অঙ্গীকার প্রতিফলিত হবে।

বিগত বছরগুলোর ধারাবাহিকতায় ২০২৬ সালেও প্রদান করা হবে 'মুক্তধারা জিএফবি সাহিত্য পুরস্কার'। এই পুরস্কারের আর্থিক মূল্যমান ৩ হাজার মার্কিন ডলার। পাশাপাশি অভিবাসী নতুন লেখকদের প্রকাশিত গ্রন্থ থেকে শ্রেষ্ঠ বইকে দেওয়া হবে 'শহীদ কাদরী গ্রন্থ পুরস্কার'। অংশগ্রহণকারী প্রকাশনা সংস্থাগুলোর মধ্য থেকে শ্রেষ্ঠ প্রতিষ্ঠানকে প্রদান করা হবে 'চিত্তরঞ্জন সাহা শ্রেষ্ঠ প্রকাশনা পুরস্কার'।

১৪ জানুয়ারি ঢাকার জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারপারসন অধ্যাপক ড. জিয়াউদ্দিন আহমেদ লিখিত বক্তব্যে বলেন, 'নিউইয়র্ক বাংলা বইমেলা প্রবাসে এক টুকরো বাংলাদেশ।' তিনি জানান, মুক্তধারা ফাউন্ডেশনের আয়োজনে নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা টানা ৩৪ বছর ধরে নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়ে আসছে। এর যাত্রা শুরু হয় ১৯৯২ সালে বিশ্বজিৎ সাহার একক উদ্যোগে।

অধ্যাপক ড. জিয়াউদ্দিন আহমেদ আরও বলেন, সে বছর জ্যাকসন হাইটসের সদর দপ্তরের সামনে অস্থায়ী শহীদ মিনার স্থাপন করে ভাষাশহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং দুই দিনব্যাপী বইমেলার আয়োজনের মাধ্যমে মুক্তধারা ও বাঙালির চেতনা মঞ্চ এই ঐতিহাসিক উদ্যোগের সূচনা করে। আন্তর্জাতিক পরিমণ্ডলে একুশে ফেব্রুয়ারিকে তুলে ধরা এবং একই সঙ্গে বাংলা বইমেলার সূচনা সে সময় ছিল প্রায় অকল্পনীয়। প্রথম দিন ব্রুকলিনের একটি বিদ্যালয়ে এবং দ্বিতীয় দিন কুইন্সের একটি চার্চে টেবিলভিত্তিক বই প্রদর্শনী ও বিক্রি, কবিতা পাঠ ও আলোচনা সভার মাধ্যমে বহির্বিশ্বে এক অভাবনীয় সাংস্কৃতিক আয়োজনের সূচনা ঘটে।

সংবাদ সম্মেলনে স্বাগত বক্তব্য দেন ৩৫তম নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলার আহ্বায়ক ড. নজরুল ইসলাম। এ সময় মুক্তধারা ফাউন্ডেশনের কার্যকরী কমিটির সদস্য ও ২০২৬ বইমেলার অর্থ কমিটির প্রধান ডা. ফাতেমা আহমেদ, জাতীয় প্রেসক্লাবের সভাপতি কবি হাসান হাফিজ, কবি ড. মঈনুদ্দিন মুন্সী, লেখক সাদাত হোসাইনসহ বাংলাদেশের প্রকাশক মনিরুল হক, আলমগীর সিকদার লোটন, সাঈদ বারী, দেলোয়ার হাসান, মেসবাহ উদ্দিন আহমেদ, মীর হাকিম এবং যুক্তরাষ্ট্র প্রবাসী কবি ও আবৃত্তিকার ড. ফারুক আজম উপস্থিত ছিলেন।

## বাংলাদেশের গোপন সামরিক বৈঠক ভারতীয় মিডিয়ায়

৬২ পৃষ্ঠার পর

এবং কর্নেল হিমি বারিস ইলজিজ, ঢাকায় তুর্কি দূতাবাসের সামরিক সংযুক্তি বিমান সদর দফতরে সকাল ৯:৩০ থেকে ১০:১৫ এর মধ্যে এয়ার চিফ মার্শাল খানের সাথে বৈঠক করেছেন। এ. এন. কে. এ ইউ. এ. ভি এবং এ. টি. এ. কে প্রোগ্রামের প্রতিনিধিসহ টি. এ. আই-এর আরও আটজন প্রতিনিধি ১৩ জানুয়ারি ঢাকায় আসেন এবং ড্রোন ও অ্যাটাক হেলিকপ্টার সংগ্রহের প্রক্রিয়ার সাথে জড়িত বিভিন্ন বি. এ. এফ কর্মকর্তাদের সাথে বৈঠক শুরু করেন।

টিএআই ফ্লাইট টেস্ট ডিরেক্টর আরিফ আকিন, এএনকেএ ইউএভি ম্যানেজার নূর মুহম্মদ আকবুলুত, টি১২৯ এটিএকে ম্যানেজার মুস্তাফা আইকুট সারাক, টিএআই মার্কেটিং অপারেশনস হেড বাহাদির সিয়েজ, ইন্টেলিজেন্স প্রোডাক্ট ম্যানেজার সাদুক সিফ্রিকি, বিজনেস ডেভেলপমেন্ট এক্সিকিউটিভ আগনুর গুলি, কর্পোরেট মার্কেটিং ইন্ডাস্ট্রি এক্সিকিউটিভ রমজান আলতায় উজুম এবং ডিফেন্স অ্যাটাশে কর্নেল এরদাল শাহিন এই দলে রয়েছেন।

উল্লেখ্য, গত ১৩ জানুয়ারি বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট কর্নেল এস এম কামরুল হাসানের সঙ্গে ঢাকা সেনানিবাসে ঢাকা ও ইস্তাম্বুলের মধ্যে দ্বিপাক্ষিক সুযোগ ও প্রতিরক্ষা সহযোগিতা নিয়ে আলোচনা করেন আকিন। এএনকেএ সিরিজের ড্রোনগুলি টিএআই দ্বারা নির্মিত তুর্কি মিডিয়াম অ্যালটিটিউড লং এন্ডুরেন্স (এমএএলই) মানবহীন বায়বীয় যানবাহন (ইউএভি) পরিবারের অন্তর্গত। এই ড্রোনগুলি নৌ ও স্থল অভিযানের জন্য উন্নত রাডার এবং উপগ্রহ যোগাযোগের বৈশিষ্ট্যযুক্ত আনকা-এস-এর মতো নির্দিষ্ট রূপগুলির সাথে নজরদারি, নজরদারি এবং স্ট্রাইক মিশনের জন্য ব্যবহৃত হয়। এই ড্রোনগুলির ২৪ ঘণ্টারও বেশি সহনশীলতা রয়েছে এবং উচ্চ-উচ্চতায় উড়তে সক্ষম।

এ. টি. এ. কে অ্যাটাক হেলিকপ্টার, যা বাংলাদেশ সম্ভবত শীঘ্রই সংগ্রহ করবে, আগস্টা ওয়েস্টল্যান্ড এবং টি. এ. আই যৌথভাবে তুর্কি ল্যান্ড ফোর্সেস কমান্ডের (টি. এল. এফ) পাশাপাশি অন্যান্য দেশে রফতানির জন্য তৈরি করেছে।

টি১২৯-এ একটি পাঁচ-ব্লেডযুক্ত প্রধান রটার, একটি দুই-ব্লেডযুক্ত লেজ রটার এবং চাকাযুক্ত অবতরণ গিয়ারে লাগানো একটি অ্যালুমিনিয়াম খাদ ফ্রেম রয়েছে। গরম পরিস্থিতিতে কাজ করার জন্য ডিজাইন করা, টি১২৯ আক্রমণ, পুনর্বিবেচনা এবং প্রতিরোধমূলক মিশন সহ বিস্তৃত ক্রিয়াকলাপে মোতায়েন করা যেতে পারে।

স্টিলথ বৈশিষ্ট্য এবং উল্লেখযোগ্য অস্ত্র ব্যবস্থা টি১২৯-কে জটিল যুদ্ধক্ষেত্রের পরিবেশ এবং সীমাবদ্ধ অঞ্চলে কাজ করার অনুমতি দেয় এবং উচ্চ বেঁচে থাকার জন্য ব্যালিস্টিক সহনশীলতা বৃদ্ধি করা হয়েছে। দিন ও রাতের পরিস্থিতিতে কাজ করতে সক্ষম, হেলিকপ্টারটি একটি লেজার রেঞ্জফাইন্ডার/ডিজাইনার, নাইট ভিশন (হেলমেট-মাউন্টেড ডিসপ্লে সিস্টেম) এবং একটি জরুরী লোকেটর ট্রান্সমিটার (ইএলটি) দিয়ে সজ্জিত।

১,২০০ কেজি অস্ত্র বহন করার জন্য হেলিকপ্টারের চারটি হার্ডপয়েন্ট রয়েছে। এর স্টাব উইং পাইলনগুলি অ্যান্টি-ট্যাঙ্ক গাইডেড মিসাইল (এটিজিএম) এয়ার-টু-এয়ার মিসাইল (এটিএএম) ৭০ মিমি (২.৭৫ ইঞ্চি) রকেট এবং ৭০ মিমি (২.৭৫ ইঞ্চি) গাইডেড রকেটগুলিকে সামঞ্জস্য করতে পারে।






## 'সবাইকে খুশি করা যাবে না'

৪৬ পৃষ্ঠার পর

এসেছেন তিনি। ঘটনার সূত্রপাত হিমির ফেসবুক লাইভকে কেন্দ্র করে। লাইভ চলাকালীন এক অনুরাগী হিমির মেকআপ নিয়ে মন্তব্য করে বসেন। ওই ভক্ত লেখেন, 'চোখে মেকআপ না করলে আপনাকে আরও ভালো লাগত।' ভক্তের এমন অযাচিত পরামর্শে কিছুটা বিরক্ত ও হতাশ হন হিমি।

সেই মন্তব্যের কড়া জবাব দিয়ে হিমি বলেন, 'আপনাদের কিছু না কিছু বলতেই হবে! মেকআপ না করলে বলেন মেকআপ করলে ভালো হতো, আবার করলে বলেন না করলেই ভালো হতো। আসলে কোনোভাবেই সবাইকে খুশি করা যাবে না।' নিজের মেকআপের পক্ষে যুক্তি দিয়ে এই অভিনেত্রী আরও যোগ করেন, 'আজকের পোশাকের সঙ্গে মিলিয়ে একটু সাজুগুজু করেছি। করতে দেন না কেন? সমস্যাটা কোথায়?' পরবর্তীতে ওই লাইভ ভিডিওর বিশেষ অংশটি নিজের ফেসবুক পেজে স্ক্রিন আকারে শেয়ার করেন হিমি। ভিডিওটি মুহূর্তেই নেটদুনিয়ায় ভাইরাল হয়ে যায়। হিমির এমন স্পষ্টবাদী জবাবে অনেক ভক্তই তার পক্ষ নিয়েছেন। তাদের মতে, তারকাদের ব্যক্তিগত পছন্দ বা সাজপোজ নিয়ে মন্তব্য করার ক্ষেত্রে সীমাবদ্ধতা থাকা উচিত।

## বিশ্বকাপের টিকিট পেতে ফিফায় ৫০ কোটির বেশি আবেদন

৫২ পৃষ্ঠার পর

ম্যাচে ৬০ ডলারের (৭৩৩৭ টাকা) টিকিট বরাদ্দ রাখা হবে। নিজেদের বিশুদ্ধ সমর্থকদের মাঝে সেসব টিকিট বিতরণের সিদ্ধান্ত নেবে স্ব স্ব ফেডারেশন। ফিফার তথ্যমতে তৃতীয় ধাপের টিকিট বিক্রির সময়কালে (১১ ডিসেম্বর থেকে মঙ্গলবার পর্যন্ত) সবচেয়ে বেশি চাহিদা দেখা গেছে কলম্বিয়া বনাম পর্তুগাল ম্যাচকে ঘিরে। আগামী ২৭ জুন ফ্লোরিডার মিয়ামি গার্ডেন্সে ম্যাচটি অনুষ্ঠিত হবে। এরপর চাহিদার কেন্দ্রে রয়েছে ১৮ জুন মেক্সিকোর গুয়াদালাহারায় মেক্সিকো বনাম দক্ষিণ কোরিয়া, ১৯ জুলাই নিউ জার্সির ইস্ট রাদারফোর্ডে হতে যাওয়া বিশ্বকাপের ফাইনাল, ১১ জুন মেক্সিকো সিটিতে মেক্সিকো বনাম দক্ষিণ আফ্রিকার উদ্বোধনী ম্যাচ এবং ২ জুলাই টরন্টোতে দ্বিতীয় রাউন্ডের একটি ম্যাচ। তবে এখনই টিকিটের আবেদনকারীরা বিশ্বকাপ দেখার নিশ্চয়তা পাচ্ছেন না। ফিফা বলছে, টিকিটের আবেদন সম্পর্কে নিবন্ধনকৃত ভক্তদের ৫ ফেব্রুয়ারির আগে কোনো ফলাফল জানানো হবে না। যেসব ম্যাচে চাহিদা টিকিট সরবরাহের চেয়ে বেশি হবে, সেখানে লটারির মাধ্যমে টিকিট বরাদ্দ দেওয়া হবে।

## মেরি জোবাইদার ফান্ড রাইজিং

৬২ পৃষ্ঠার পর

সিটির কুইন্সের হিলসাইড এভিনিউস্থ সিরাজী কাবাব রেস্টুরেন্টে গত ৪ জানুয়ারী এক ফান্ড রাইজিং অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তারা বলেন, অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৩৬ এর নির্বাচন শুধু মেরী জোবাইদার নির্বাচন নয়। এই নির্বাচনে বাংলাদেশী কমিউনিটির স্বপ্ন জড়িত। বক্তারা মেরী জোবাইদাকে জয়ী করতে সবার সার্বিক সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে বক্তব্য রাখেন আরমান চৌধুরী, আব্দুল আজিজ ভূঁইয়া, ইমাম শামসে আলী, ডা. মাহমুদুর রহমান তুহিন, আকতার মান্নান, ফখরুল ইসলাম দেলোয়ার সহ আরো অনেকে। অনুষ্ঠানে বাংলাদেশী কমিউনিটি ছাড়াও অন্যান্য কমিউনিটির বিপুল সংখ্যক মানুষ উপস্থিত ছিলেন। অপরদিকে মেরী জোবাইদার সমর্থনে সিটির এস্টোরিয়ায় একই দিন (৪ জানুয়ারী) আরো একটি ফান্ড রাইজিং অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। ঐদিন দুপুরে স্থানীয় হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্টে এস্টোরিয়ার ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সোহেল আহমেদ। অনুষ্ঠানে মেরি জোবাইদা সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে বক্তব্য রাখেন রানা চৌধুরী, ফখরুল আলম, আব্দুর রহীম হাওলাদার, সৈয়দ ইলিয়াস খসরু, জাহাঙ্গীর আলম ও এস্টোরিয়ার ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, মেরী জোবাইদার সমর্থনে এক সপ্তাহের মধ্যে দেড় হাজার ভোটারের স্বাক্ষর সংগ্রহ, ফান্ড রেইজ, আগাম ভোটে অংশগ্রহণ এবং নির্বাচনের দিন ভোটারদের কেন্দ্রে আনার বিষয়ের উপর গুরুত্বারোপ করেন। আরো উল্লেখ্য, আগামী ২৪ জানুয়ারী থেকে পহেলা ফেব্রুয়ারী পর্যন্ত এই নির্বাচনের আগাম ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। ইলেকশন ডে আগামী ৩ ফেব্রুয়ারী, মঙ্গলবার।

# VOTE FOR MARY

# FEBRUARY 3rd

## EARLY VOTING JAN 24 - FEB 01

PAID FOR BY MARY JOBAIDA FOR ASSEMBLY



**DEMOCRAT RUNNING AS AN INDEPENDENT ON THE PEOPLE FIRST PARTY**

**AFFORDABLE INCLUSIVE NEW YORK**

PLEASE SUPPORT

SCAN HERE TO DONATE

LONG ISLAND CITY | ASTORIA

**MARY ★ JOBAIDA FOR**

NYS ASSEMBLY DISTRICT-36

**WWW.MARYFORASSEMBLY.COM**

# এই সপ্তাহের কবিতা



## অনেক হলো নাটক-ফাটক এবং নাচা-গানা

লুৎফর রহমান রিটন

এই ছড়াটা বন্দী ছিলো মোবাইল নোটের চিপায়,
আজকে সেটা জামিন পেলো ভগবানের কৃপায়!
প্রায় তিন মাস বন্দী থেকেও
কমেনি তার কদর,
জেল্লা যতোই থাকুক এরা দুষিত লালবদর...
'অভিনেত্রী' 'কণ্ঠশিল্পী'
এবং 'নাচের মেয়ে'--
মগজবিহীন অশিক্ষিতের
মতোন এলো ধেয়ে,
কপালে ব্ল্যাকেস্টি বেঁধে
দেশেরই গান গেয়ে! ...
দিনের শেষে লালবদরের
লাথি গুঁতা খেয়ে--
এখন ওরা কান্দে কেনো?
কাঁদিস কেনে মেয়ে?
এসব তোদের প্রাপ্য ছিলো?
তুই কি ভেবেছিলি?
কিসের আশায় নাম-খ্যাতি-যশ
জলাঞ্জলি দিলি!
যাদের পেছন তাথৈ তাথৈ
নাচলি মুহুর্মুহু,
শ্লোগান দিলি রগ ফুলিয়ে
গাইলি আহা উহু--
তারাই এখন লাথি মেরে
আটকে দিচ্ছে তোকে!
শো রুম উদ্বোধনেও বাঁধা
দিচ্ছে খুচরো লোকে!!
এসব তোদের প্রাপ্য ছিলো?
বলতো বোকা মেয়ে?
অভিনয়টা করতে পারিস
বেশি? আগের চেয়ে?
নাটক করা বন্ধ এখন!
ডাক গিয়েছে কমে!
বুকের মধ্যে হাহাকারের
মেঘ গিয়েছে জমে!
দেশের সঙ্গে বেইমানিটার
পাপের বোঝা ভারি?
ফ্যাসিস্ট বুঝিস? মুক্তিযুদ্ধ?
বুঝিস স্বৈরাচারী?
নামমাত্র মূল্যে তোকে
বিক্রি করেছে কে?
এশিয়াটিক? ইরেশ যাকের?
নগদে না চেক-এ?
পছন্দসই পোশাক পরার
দিন হয়েছে গত!
হতাশ কি তুই? পদে পদে?
অসম্মানের ক্ষত!
(টায়ার্ড কি তুই ভাবতে ভাবতে?
মাশুল দিবি কত)!
রাজাকারের নাতিপুতি
হইতে গেলি কেনে?
লালবদরের পরিচয়েই
সবাই তোকে চেনে!
প্রোফাইলটা লাল করার গ্লানি
করছে তোকে কাবু?
তুই কি ছিলি নান্নাবুন্না?
ফিডার খাওয়া বাবু!
আত্মাহুতি দেবার আগেই
উচিৎ ছিলো ভাবা,
তোদের ওরা বানিয়ে গুটি
খেলতেছিলো দাবা...
দাবার গুটির সাধ আহ্লাদ
ইচ্ছা অনিচ্ছাকে--
দাবারু কি খেলার সময়
ধর্তব্যে রাখে?
(না রে বোকা, দাবার গুটি
বাকশোবন্দী থাকে)...
সোকল্ড 'সেকেন্ড স্বাধীনতা'র
উদ্ভট গান গেয়ে--
পাপ করেছিস ফল ভোগ কর
বাকশোবন্দী মেয়ে...
অনেক হলো নাটক-ফাটক
এবং নাচা-গানা,
'নারী হচ্ছে ঘরের শোভা
বাইরে যাওয়া মানা'।
মিষ্টিক্লাস লজেন্স খেয়ে
আন্দোলনের পরে--
জায়গা তোদের নির্ধারিত
'ঘরের জিনিস ঘরে'...
কেন্দে কোনো লাভ হবে না
কপালে টিপ এঁকে,
দোররা কিন্তু আসিতেছে
মিডলইস্টি থেকে!!...





## বিদ্যা ও অবিদ্যা

সুজন দাশ

বিবেক যদি নাইবা আসে
কী লাভ বলো শিক্ষা লাভে?
অজ্ঞানতার আঁধার এসে
ঠিক তোমাকে গিলে খাবে!
বিদ্যা হলো বিবেকরূপী
এলেই এটা বিনয় আসে,
অবিদ্যা রূপ অজ্ঞানীরাই
অজ্ঞতাকে টানে পাশে।

বিদ্যা মনের তাড়ায় কালো
হটায় দূরে অজ্ঞতাকে,
মনকে রাখে শান্ত শীতল
পূর্ণতা দেয় বাঁকে বাঁকে।
অবিদ্যারূপ অজ্ঞানীরা
মিথ্যা জ্ঞানের বড়াই করে,
যুক্তি জ্ঞানে চায়না যেতে
অজ্ঞতাকে আঁকড়ে ধরে।

নিজকে তারা ভাবেও বড়
হামবড়া ভাব বজায় রাখে,
চিন্তা বুদ্ধি রুচি ও বোধ
দেয়না সাড়া ওদের ডাকে।
লেখাপড়া শিখে কী লাভ
ন্যায় নীতিবোধ দূরে রেখে,
ভাবতে শিখুন সুখী সমাজ
নইলে বিপদ আনবে ডেকে।



## পাকা ধানে উঠোন ঢাকা

শাহীন খান

পাকা ধানে উঠোন ঢাকা
গাইছে পাখি গীতালি
শিশির কণার সাথে আমার
ভাবের কী যে মিতালি।

মৃদু মৃদু ঠান্ডা হাওয়া
ফুল ছড়ালো সুরভি
ছন্দে হৃদয় পাগলপারা
গান লিখি তাই পুরবি।

খেজুর রসে তৃষ্ণা মেটাই
ভ্রমর কেবল গাযরে গান
সর্ষে ক্ষেতে মনটা হারাই
উদাস হয়ে যায়রে প্রাণ!



## ফেরার ব্যথা

সাঈদুর রহমান লিটন

শীতের শেষে হালকা শীত,
অতিথি পাখির ডানায় বাজে বিদায়ের শব্দ।
তারা জানে নিজ দেশে ফেরাটাই সত্য।

চেনা জলাশয় রেখে বাঁচার তাগিদে
তাদের নিয়ে যায় অচেনা দেশে।

পিছনে পড়ে থাকে পালকের স্মৃতি,
মানুষ তাকিয়ে দেখে উড়ন্ত পাখির সৌন্দর্য।

বিদায়ের সুর যে বেদনাদায়ক,
পাখির ডানার শব্দে বাজতে থাকে।



## শীতকালের কথা

ভীষ্মদেব মণ্ডল

শীতের সময় অনেক রকম
মজার বিষয় ঘটে,
সবকিছু রয় ছবির মতন
সবার হৃদয় পটে।
মন কেড়ে নেয় খেজুর গাছের
মিষ্টি রসের পিঠা,
অনেক স্বাদের শখের খাবার
হরেক রকম পিঠা।
সুবাস ছড়ায় নতুন চালের
দুধ ও রসের পায়েস,
ভাবলে এ সব মনের ভিতর
ঢেউ খেলে যায় আয়েশ।
সন্ধ্যাবেলায় খুশবু ছড়ায়
চিতই পিঠার ধোঁয়া,
সব মানুষের পছন্দ হয়
মায়ের হাতের ছোঁয়া।
শীত ঋতুটার সব উপহার
অনেক বিরাট দান,
বুকের ভিতর সঞ্চিত হয়
স্মৃতিকথার গান।





## সেই ছায়াতলে

এবিএম সালেহ উদ্দীন

(পরম শ্রদ্ধেয় আলহাজ্ব লুৎফর রহমান পন্ডিত)

যখন
চাঁদের করতলে জ্যোৎস্নার মাখামাখি
বিষণ্ণতার আঁধারে নামে,রাত্রির মগ্নতা
প্রিয়ঙ্গু ফুলের শিশিরভেজা স্নিগ্ধতায়
নিপুন বাতাসে ভেসে আসে,-হেমন্তের শুভ্রতা
বিন্দু বিন্দু অশ্রুকণার
সেই শান্ত-সকালে তাঁরই মহাপ্রস্থান!
অচিনপাখীর ডানায় বিদায়ের পতাকা
শব্দহীন বিষাদে যন্ত্রণার চিহ্নগুলো
পাথর হয়ে যায়,-ইস্পাতকঠিন শহরে
তুষারঝরা নিউইয়র্ক যেন-ঢেকে আছে সাদা চাদরে
রুপালি ঝরনার পায়ে পায়ে: বিপুল অশ্রুধারা
কীভাবে শোয়ানো হয়েছিল,-তাঁকে
চতুর্দিকে মাটির দেয়াল,
-সফেদ চাদরে আবৃত তিনি...
সদ্য ঝরা পংক্তিমালায়
উচ্চারিত হয় কালেমা তাইয়্যেবা
'লা ইলাহা ইল্লাল্লাহ..
ক্ষুদ্রতার অনুকম্পা আর হৃদয়ের ব্যাকুলতায়
আমিও বলে উঠলাম-'মুহাম্মাদুর রাসুলুল্লাহ'
যেদিকে শুয়েছিলেন তিনি
আমি তের হাজার মাইল দূর থেকে
-দেখেছিলাম তাঁর বিদায়ের হাসি
স্নিগ্ধ হাওয়ায় বাবার ঠোঁট নড়ছে...
পাখিরা উড়ছে
শিশিরে মেখে আছে রাশি রাশি মুগ্ধতা...
ঝির ঝির বাতাসে ভেসে আসে,-আজানের ধ্বনি
যেন,-দিগন্ত ছড়ানো স্বর্গীয় বাতায়ন
সত্যিই
সবদিকে তিনিই 'আল্লাহ'-রহমান
তাঁরই ছায়াতলে শুয়ে আছেন বাবা
আলহাজ্ব লুৎফর রহমান।



## স্বপ্নচাষি

আহম্মদ হোসেন বাবু

আমার বাড়ির ছোট্ট ছাদে যখন এসে দাঁড়াই
মাথার উপর নীলাকাশে তোমার দেখা পাই।

চোখের উপর পড়ে আলো, নাচে দোলাচিত্ত
মুখ ফিরিয়ে বলো- যাও, আসো না কেন নিত্য?

সারাটাদিন তোমায় খোঁজে দিন যে আমার কাটে
শুধুই তোমার ইচ্ছেমতো, আসো আমার ঘাটে।

কথা দিয়ে চিড়া ভেজাও, মনটা আমার ভোলাও
খেলার ছলে কেন তুমি, আমার হৃদয় দোলাও?

তুমি শুধুই শব্দচাষি, শব্দ নিয়ে খেলো
স্বপ্নচাষি মনটা আমার করো এলোমেলো।

মিছেমিছি কথা দিয়ে, গাঁথো কেন মালা?
সেই মালাটা গলায় বিঁধে, বাড়ে বিষম জ্বালা।

পাহাড়-নদী আছে সবই, আছে সবুজ ভূমি
সেই ভূমিতে স্বপ্ন বুনি, জানো নাকি তুমি?

শব্দচাষা শব্দ ফলাও, স্বপ্নহারা চোখে
স্বপ্নচাষি হবে কবে, মরি ভীষণ শোকে?

দু'চোখেতে স্বপ্ন বুনে, আসতে যদি পারো
পাহাড়-নদীর স্বপ্নগুলো, দিব তোমায় আরো।।



## জোনাকি

ইকবাল খান

রাতের বুক ভরে আসে নরম আলো,
যেন কারো নিঃশব্দে জ্বেলে রাখে আশা।
বনের গভীরে, ভেজা ঘাসের গন্ধে
জোনাকিরা জ্বলে ওঠে-
ক্ষুদ্র অথচ সাহসী জীবন নিয়ে।

তারা জানে না ভোর মানে নিভে যাওয়া,
তারা শুধু জানে-
অন্ধকারেও আলো থাকা যায়।

আমি দাঁড়িয়ে দেখি,
তাদের ছোট ছোট আলোকবিন্দু
কেমন করে একে একে ছুঁয়ে ফেলে আমার মন,
যেন হারানো কোনো কথা ফিরে আসে নিঃশব্দে।

হয়তো আমরাও এমনই,
ভালোবাসার জোনাকি-
নিজের ভেতরের ক্ষুদ্র আলোতে
অন্ধকার পার হয়ে যাই প্রতিদিন।


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# U.S. Expands Mandatory Entry Airports for Visa Bond Holders from Three to Nine

**Ajkal Desk**



The U.S. Department of State has expanded the list of mandatory ports of entry for visa bond holders from three airports to nine major international hubs, requiring certain B1/B2 visitor visa holders to enter and exit the United States only through designated airports under the expanded enforcement rules.

The change is part of the State Department's ongoing visa bond pilot program, which targets travelers from countries with higher rates of visitor visa overstays. Officials say the expansion is intended to improve arrival and departure tracking while maintaining tighter compliance with bond conditions.

Previously, visa bond holders were restricted to entering and leaving the United States through Boston Logan International Airport, John F. Kennedy International Airport in New York, or Washington Dulles International Airport. Under updated guidance, the list has grown to include six additional major airports, bringing the total to nine.

The newly designated ports of entry are Newark Liberty International Airport, Hartsfield-Jackson Atlanta International Airport, Chicago O'Hare International Airport, Los Angeles International Airport, Toronto Pearson International Airport, and MontréalPierre Elliott Trudeau International Airport. The State Department said additional ports may be added on a rolling basis.

The ports-of-entry expansion applies to travelers required to post a refundable visa bond of $5,000, $10,000, or $15,000 as a condition of obtaining a B1/B2 visitor visa. The bond amount is determined individually during the visa interview, based on the applicant's circumstances.

According to the State Department, the visa bond requirement is authorized under Section 221(g)(3) of the Immigration and Nationality Act and was established through a Temporary Final Rule as a pilot program. The initiative relies on data from the Department of Homeland Security's Entry/Exit Overstay Report to identify countries with elevated rates of visitor visa overstays. Nationals from 38 countries are currently subject to the bond requirement. The list has expanded in stages since August 2025 and now includes countries such as Nepal, Bangladesh, Nigeria, Venezuela, Senegal, and Uganda, among others. Nepal and 24 additional countries are scheduled to be added to the program beginning January 21, 2026.

Applicants found otherwise eligible for a B1/B2 visa must complete Department of Homeland Security Form I-352 and post the bond only after being instructed to do so by a U.S. consular officer. Payments must be made exclusively through the U.S. Treasury's official payment system, Pay.gov. The State Department has warned applicants not to use third-party websites, noting that the U.S. government is not responsible for funds submitted outside authorized channels. Officials emphasized that posting a bond does not guarantee visa issuance, and any payment made without explicit direction from a consular officer will not be refunded. As a condition of the bond, travelers must comply strictly with the designated ports-of-entry requirement. Failure to enter or Continued on page 26



## New Changes to U.S. Citizenship Process Include Harder Tests and Stricter Background Checks

**Ajkal Desk**

U.S. Citizenship and Immigration Services announced through a social media post that it has successfully revised the naturalization test taken by thousands of applicants each year seeking U.S. citizenship. The agency said the updated exam is intended to ensure that future citizens understand both the responsibilities and privileges of citizenship, as well as what it means to be American.

The changes were first signaled in September, when lawful permanent residents applying for naturalization began encountering a Continued on page 26

## Tax Returns Filling Starts on January 26

**Shah Nawaz**

The Internal Revenue Service has announced the first date it will begin accepting tax returns for the 2026 filing season, which is two weeks away.




American taxpayers can begin filing their tax returns on Monday, January 26, 2026, the IRS announced on Thursday. This year, taxpayers will see changes with their tax returns as the agency navigates the implementation of President Donald Trump's new tax cuts enacted by the One Big Beautiful Bill Act (OBBBA).

"The Internal Revenue Service is ready to help taxpayers meet their tax filing and payment obligations during the 2026 filing season," said IRS CEO Frank Bisignano in the news release.

Continuing, he added, "As always, the IRS workforce remains vigilant and dedicated to their mission to serve the American taxpaying public. At the same time, IRS information systems have been updated to incorporate the new tax laws and are ready to efficiently and effectively process taxpayer returns during the filing season."

This comes after U.S. Senator Elizabeth Warren, alongside 16 other senators, released a letter on Dec. 21, warning that the IRS may not be prepared for the upcoming tax season due to the Trump administration's significant staffing reductions at the agency, which could lead to "filing problems and refund delays."

Additionally, the IRS needs to update dozens of federal tax forms to address changes from Trump's new tax cuts. The lawmakers wrote, "The 2026 tax filing season will present a huge test for the IRS."

What is the deadline for filing taxes in 2026?

The IRS noted that Continued on page 26

## Golden Globes 2026 recalibrate the awards map








**Anik Raj**

The Golden Globes have long been treated as an unreliable predictor of Oscar success, but Sunday night's ceremony nonetheless clarified which films and performances are beginning to separate themselves from the pack.

Hosted by returning comedian Nikki Glaser at the Beverly Hilton, the 83rd Golden Globe Awards unfolded less as a spectacle and more as a recalibration point in an increasingly crowded awards season. Several victories reinforced existing momentum, while others influenced the conversation heading into Academy Award voting.

This year, Timothée Chalamet emerged as one of the night's principal beneficiaries, winning Best Actor in a Motion Picture — Musical or Comedy for "Marty Supreme". The win places him ahead of several key rivals, including Continued on page 26



# Three Muslim Brotherhood Branches labeled as Terrorist Organizations

Ajkal Desk



President Donald Trump's administration has made good on its pledge to label three Middle Eastern branches of the Muslim Brotherhood as terrorist organizations, imposing sanctions on them and their members in a decision that could have implications for U.S. relationships with allies Qatar and Turkey.
The Treasury and State departments announced the actions Tuesday against the Lebanese, Jordanian and Egyptian chapters of the Muslim Brotherhood, which they said pose a risk to the United States and American interests.
The State Department designated the Lebanese branch a foreign terrorist organization, the most severe of the labels, which makes it a criminal offense to provide material support to the group. The Jordanian and Egyptian branches were listed by Treasury as specially designated global terrorists for providing support to Hamas.
"These designations reflect the opening actions of an ongoing, sustained effort to thwart Muslim Brotherhood chapters' violence and destabilization wherever it occurs," Secretary of State Marco Rubio said in a statement. "The United States will use all available tools to deprive these Muslim Brotherhood chapters of the resources to engage in or support terrorism."
Rubio and Treasury Secretary Scott Bessent were mandated last year under an executive order signed by Trump to determine the most appropriate way to impose sanctions on the groups, which U.S. officials say engage in or support violence and destabilization campaigns that harm the United States and other regions. Muslim Brotherhood leaders have said they renounce violence.
Trump's executive order had singled out the chapters in Lebanon, Jordan and Egypt, noting that a wing of the Lebanese chapter had launched rockets on Israel after Hamas' Oct. 7, 2023, attack in Israel that set off the war in Gaza. Leaders of the group in Jordan have provided support to Hamas, the order said. The Muslim Brotherhood was founded in Egypt in 1928 but was banned in that country in 2013. Jordan announced a sweeping ban on the Muslim Brotherhood in April.(Source-AP)
Nathan Brown, a professor of political science and international affairs at George Washington University, said some allies of the U.S., including the United Arab Emirates and Egypt, would likely be pleased with the designation.
"For other governments where the brotherhood is tolerated, it would be a thorn in bilateral relations," including in Qatar and Turkey, he said.
Brown also said a designation on the chapters may have effects on visa and asylum claims for people entering not just the U.S. but also Western European countries and Canada.
"I think this would give immigration officials a stronger basis for suspicion, and it might make courts less likely to question any kind of official action against Brotherhood members who are seeking to stay in this country, seeking political asylum," he said. Trump, a Republican, weighed whether to designate the Muslim Brotherhood a terrorist organization in 2019 during his first term in office. Some prominent Trump supporters, including right-wing influencer Laura Loomer, have pushed his administration to take aggressive action against the group. Two Republican-led state governments — Florida and Texas — designated the group as a terrorist organization this year.




# Bangladesh moves up five spots in 2026 global passport ranking

Ajkal Desk

Bangladesh has ranked 95th in the Henley Passport Index 2026, jumping up five places from last year.
According to the latest global ranking, Bangladesh passport allows visa-free or visa-on-arrival access to 37 destinations. North Korea and Palestine sit one position ahead of Bangladesh, with a visa-free score of 38. The ranking places Bangladesh, the 7th weakest passport globally, above Nepal (96th), Pakistan (98th), and Afghanistan (101st) in South Asia. In comparison, Maldives ranked 52nd, the highest in South Asia, India ranked 80th, and Bhutan ranked 85th. According to data available from the UK-based Henley and Partners, dating back to 2006, Bangladesh had its highest *Continued on page 26*



# Bella Hadid, Pedro Pascal and artists raise $5.4m for children in Palestine and Sudan

Ajkal Desk

The third edition of the Artists for Aid concert, held on Saturday (January 10) at the Shrine Auditorium, raised funds for the Palestine Children's Relief Fund



(PCRF) and the Sudanese American Physicians Association. The event was organised by Canadian Sudanese artiste Mustafa the Poet and co-hosted by supermodel Bella Hadid and actor Pedro Pascal.

# Moutushi Biswas returns with short film 'Muktir Opare'



Ajkal Desk

Once a familiar face in television acting and presenting, Moutushi Biswas has become largely irregular in screen work in recent years. She says she cannot even recall when she last acted in a television drama.
She remembers working in a short film by Bijon Imtiaz, though the exact time of that project no longer stands out. According to Moutushi, most of the stories she is offered now fail to interest her, which is why she often declines projects despite receiving proposals.
However, she has recently completed shooting for a new short film titled "Muktir Opare", directed by Afzal Hossain Munna.
Speaking on Friday afternoon, Moutushi said, "Most of the stories I see or get offered do not attract me. The last film I truly liked was 'Delupi'. After watching it, I felt the director was honest to his work, and I called to share my thoughts. About 'Muktir Opare', I found the story very interesting. After hearing it, I felt this was something I could do. The words spoken in it felt like they should come from me. That is why I agreed to work in it. After shooting and editing, I have not seen the film yet, so I do not know its current condition."
Director Afzal Hossain Munna said "Muktir Opare" portrays the suffocating reality of urban life. The 12-minute short film tells the story of a young girl named Ayesha, played by child actor Zara, who longs for freedom beyond the concrete boundaries of city living. Moutushi Biswas plays Ayesha's mother.





Munna also wrote the screenplay. The film features four child actors: Zara, Rashik, Rafi and Alvi. Shooting took place in Mirpur DOHS and Mirpur Journalists' Colony.
According to the director, "Muktir Opare" will be sent to film festivals after February, and preparations for festival submissions are currently underway.
Moutushi Biswas is now based mainly in Khulna, travelling between Dhaka and Khulna as required. She has reduced her acting commitments and is focusing more on tourism-related work. Her family owns land in Khulna, where she is also involved in agricultural activities. *(Source-Daily Star)*



# শিশু কি কিছুই খেতে চায় না?

তামান্না রুবিন

আপনার শিশু কি সব সময় না খাওয়ার অজুহাত খুঁজতে থাকে? আপনার শিশুর পুষ্টি ঘাটতি নিয়ে দুশ্চিন্তায় আছেন?

এসব প্রশ্ন যদি আপনাকে প্রতিনিয়ত চিন্তিত করে, তবে মিলিয়ে নিন নিচের বিষয়গুলো আপনার শিশুর সঙ্গে ঘটছে কি না? আর সেসব সমাধানের উদ্যোগ নিন।



* সকালের নাশতা কখনোই এড়িয়ে যাবেন না। এটি শুধু প্রাপ্তবয়স্কদের বা যাঁরা ওজন কমাতে চান, তাঁদের জন্যই নয়, শিশুদের জন্যও গুরুত্বপূর্ণ। সকালে নাশতা দিনের বাকি অংশের জন্য এটি সুস্থতার ভিত রচনা করে। একটি ভালো এবং স্বাস্থ্যকর সকালের নাশতা খাওয়ার ফলে রাতের পরে উপবাস ভেঙে যায়, তাদের বিপাক শুরু হয় এবং তাদের ক্ষুধা বৃদ্ধি করে।

* শিশুদের আয়রনের মাত্রার দিকে নজর রাখুন। আয়রনের ঘাটতি থাকলে শিশুর ক্ষুধা কমে যায়। তাই শিশুর ক্ষুধা বাড়াতে তার খাদ্যতালিকায় আয়রনসমৃদ্ধ খাবার অন্তর্ভুক্ত করুন। আয়রনসমৃদ্ধ খাবার: যেমন-পালংশাক, ডিম ও মসুর ডাল রাখতে পারেন। এই খাবারগুলো শিশুর ক্ষুধা বৃদ্ধি করতে সহায়ক। সেই সঙ্গে ভিটামিন-সি যুক্ত খাবার রাখুন।

* খাবার গ্রহণের ৩০ মিনিট আগে শিশুদের পানি পান করান। এক গ্লাস পানি দিয়ে আপনার শিশুর দিন শুরু করুন।

এ ছাড়া অন্যান্য সময়েও খাবার গ্রহণের ৩০ মিনিট আগে তাদের পানি পান করান। এই মৌলিক বিষয়গুলো দারুণ কাজ করে। পানি হজমের রস এবং এনজাইমগুলোকে সক্রিয় করে, যা ক্ষুধা বাড়ায় এবং হজমশক্তি বাড়ায়।

* শিশুদের খাদ্যতালিকায় জিংকসমৃদ্ধ খাবার যোগ করুন। জিংক একটি গুরুত্বপূর্ণ খনিজ এবং এটি অনেক শারীরবৃত্তীয় কাজের জন্য প্রয়োজন। যেমন-রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা, অ্যান্টি-অক্সিডেন্টের কার্যাবলি নিয়ন্ত্রণ করা এবং বৃদ্ধি। সেই সঙ্গে এই জিংকের ঘাটতি হলেও কিন্তু শিশুদের ক্ষুধা হ্রাস, ওজন হ্রাস, ডায়রিয়া এবং সংক্রমণের ঝুঁকি বাড়ে। তাই শিশুর ক্ষুধা বাড়াতে আপনার শিশুর খাদ্যতালিকায় জিংকসমৃদ্ধ খাবার: যেমন-কুমড়োর বীজ, বাদাম, পালংশাক, মটরশুঁটি ও মাশরুম যোগ করতে পারেন।

* প্রতি দুই ঘণ্টায় শিশুদের খাবার দিন। শিশুদের সারা দিন পড়াশোনা এবং খেলাধুলা করার জন্য শক্তি প্রয়োজন। এরপর ৪১ পৃষ্ঠায়



# দীর্ঘমেয়াদি হাঁটু ব্যথার চিকিৎসায় প্লাটিলেট রিচ প্লাজমা

ডা. মোহাম্মদ আহাদ হোসেন

আমাদের মধ্যে অনেকেই দীর্ঘমেয়াদি হাঁটুর ব্যথায় ভুগছেন। বয়সভেদে হাঁটু ব্যথার বিভিন্ন কারণ হয়ে থাকে। তবে মাঝবয়স থেকে অধিক বয়স পর্যন্ত হাঁটু ব্যথার খুব কমন একটি কারণ হচ্ছে অস্টিওআর্থ্রাইটিস। অস্টিওআর্থ্রাইটিসের প্রবণতা মহিলাদের একটু বেশি দেখা যায়।

পুরুষের ক্ষেত্রে অস্টিওআর্থ্রাইটিসের প্রবণতা কিছু শ্রেণির পুরুষের মধ্যে বেশি দেখা যায়। তাঁদের মধ্যে অন্যতম হচ্ছে, যাঁরা দীর্ঘদিন অ্যাথলেট ছিলেন কিন্তু হঠাৎ করে তাঁদের ব্যায়াম ও অ্যাথলেটিক্স কাজগুলো বন্ধ করে দিয়েছেন। এ ছাড়া বিভিন্ন রোগের কারণে অস্টিওআর্থ্রাইটিসের প্রবণতা দেখা যায়। যাঁরা ডায়াবেটিস ও থাইরয়েড গ্রন্থির সমস্যায় ভুগছেন, তাঁদের ক্ষেত্রে রোগটি ত্বরান্বিত হতে পারে। যাঁরা দীর্ঘমেয়াদি শরীরের প্রদাহজনিত সমস্যায় ভোগেন অথবা যাঁরা রিউমাটয়েড আর্থ্রাইটিসজাতীয় রোগে ভুগছেন, তাঁদের ক্ষেত্রেও অস্টিওআর্থ্রাইটিসের প্রবণতা বেশি হয়ে থাকে। অল্প বয়স থেকে যেকোনো বয়সের মানুষের ক্ষেত্রে হাঁটুতে ইনজুরিজনিত তাৎক্ষণিক ব্যথার সঠিক চিকিৎসা না হলে অনেক সময় এটি দীর্ঘমেয়াদি ব্যথায় রূপান্তরিত হয়। এ ক্ষেত্রে সাধারণত লিগামেন্ট ইনজুরি খুবই গুরুত্বপূর্ণ।

**দীর্ঘমেয়াদি হাঁটু ব্যথার চিকিৎসা :** দীর্ঘ মেয়াদে হাঁটু ব্যথা হলে বুঝতে হবে হাঁটুর ভেতরের লিগামেন্টগুলোতে (দুটি হাড়কে সংযুক্ত রাখার উপাদানগুলো) ইনজুরি বা ক্ষয়জনিত সমস্যা দেখা দিয়েছে। এ ক্ষেত্রে ব্যথার ওষুধ বা ব্যায়াম সাময়িক ব্যথা নিরাময়ে কিছু ভূমিকা রাখলেও এটি কিন্তু স্থায়ী কোনো চিকিৎসা নয়। দীর্ঘমেয়াদি হাঁটু ব্যথার ক্ষেত্রে মূল কারণের চিকিৎসা করা না গেলে ব্যথা বারবার আসে। এ কারণে দীর্ঘমেয়াদি ব্যথা চিকিৎসার ক্ষেত্রে স্থায়ী চিকিৎসা ও লাইফস্টাইল পরিবর্তন করার মাধ্যমে দীর্ঘমেয়াদি হাঁটু ব্যথা থেকে মুক্ত থাকা সম্ভব। অস্টিওআর্থ্রাইটিস বা দীর্ঘমেয়াদি প্রদাহজনিত কারণে হাঁটু ব্যথা হলে সাধারণত ব্যথার ওষুধ দেওয়া হয় এবং এক পর্যায়ে ব্যথার ওষুধ কাজ না করলে স্টেরয়েডজাতীয় ইনজেকশন প্রদান করা হয়। ইনজেকশনও যখন কাজ করে না, তখন চিকিৎসকরা হাঁটুর রিপ্লেসমেন্ট অপারেশনের পরামর্শ দিয়ে থাকেন। কিন্তু বর্তমান সময়ে সারা বিশ্বে আরেকটি চিকিৎসাপদ্ধতি চালু রয়েছে। তা হলো প্লাটিলেট রিচ প্লাজমার ব্যবহার। প্লাটিলেট রিচ প্লাজমা (পিআরপি) একদিকে যেমন দীর্ঘমেয়াদি হাঁটু ব্যথার মূল কারণের চিকিৎসা করে, অন্যদিকে দীর্ঘ মেয়াদে হাঁটু সুস্থও রাখে।

**পিআরপি কী?**

পিআরপি হচ্ছে প্লাটিলেট রিচ প্লাজমা। এই প্লাটিলেট রিচ প্লাজমা আমাদের রক্তের একটি অংশ। আমাদের শরীরের রক্তকে একটি মেশিনের মধ্য দিয়ে সেন্ট্রিফিউজ করা হলে সেখানে আমাদের রক্তের লোহিত কণিকাগুলো রক্তরস থেকে আলাদা হয়ে যায়। আলাদা হওয়া রক্তরসে প্রচুর পরিমাণ প্লাটিলেট থাকে। এই প্লাটিলেটের গায়ে থাকে বিভিন্ন ধরনের গ্রোথ ফ্যাক্টর বা বৃদ্ধিকারক পদার্থ। এই অংশটির রং আমাদের সাধারণ রক্তের রং থেকে একটু আলাদা। এর রং একটু সাদা হলদেটে ধরনের। এই অংশকে বলা হয় পিআরপি বা প্লাটিলেট রিচ প্লাজমা।

**পিআরপি কিভাবে কাজ করে?**

এই পিআরপি যখন আমরা বিভিন্ন জায়গায় প্রয়োগ করি ইনজেকশনের মাধ্যমে, তখন এই পিআরপিতে যে প্লাটিলেট থাকে সেগুলো সক্রিয় হয়ে যায়। সক্রিয় প্লাটিলেটগুলো তাদের গায়ে লেগে থাকা বিভিন্ন ধরনের গ্রহ ফ্যাক্টর বা বৃদ্ধিকারক পদার্থগুলো নিঃসরণ করে। ফলে আমরা যেখানে বা যে কারণে এই পিআরপি যখন আক্রান্ত জায়গায় প্রয়োগ করে থাকি, তখন সেই জায়গাগুলোর ক্ষত পূরণ করে। সেই জায়গাগুলোর রক্ত চলাচল বাড়ানোর জন্য রক্তনালিগুলোকে পুনর্গঠন করে। আক্রান্ত জায়গার ক্ষয়ে যাওয়া লিগামেন্টগুলো পূরণ করে বা এগুলোর বেড়ে ওঠার ক্ষমতা বাড়িয়ে দেয়। আক্রান্ত জায়গায় কোষ রূপান্তর করার মাধ্যমে উপযুক্ত কোষের সংখ্যা বৃদ্ধি করে। নতুন রক্তনালি তৈরি করে। নতুন লিগামেন্ট তৈরি করতে এবং এগুলো বৃদ্ধিতে সহযোগিতা করে। এ কারণে অস্টিওআর্থ্রাইটিসের প্রাথমিক অবস্থায় পিআরপি দারুণভাবে কার্যকর। গবেষণায় দেখা গেছে, অস্টিওআর্থ্রাইটিসের ক্ষেত্রে প্রাথমিক ও মধ্যম স্তরে প্লাটিলেট রিচ প্লাজমা হাঁটুর জয়েন্টে স্টেরয়েডজাতীয় ইনজেকশন থেকে অধিক কার্যকর।

**ব্যথা নিরাময়ে পিআরপির ভূমিকা :** আমরা জানি, সাধারণত ব্যথা হওয়ার জন্য আমাদের শরীরের বিভিন্ন ধরনের অঙ্গের ক্ষত বা ইনজুরিই মূল কারণ। আমরা যদি আমাদের শরীরকে বিভিন্ন ধরনের অঙ্গে ভাগ করে থাকি, তাহলে দেখব আমাদের শরীর মূলত মাংসপেশি, হাড়, লিগামেন্ট, রক্তনালি ও স্নায়ু-এগুলো দিয়েই এরপর ৪১ পৃষ্ঠায়

# টনসিল অপারেশনের পর যেসব বিষয়ে সতর্ক থাকা জরুরি

ডা. মো. আব্দুল হাফিজ শাফী



টনসিল গলার ভেতরের দুপাশে থাকা এক ধরনের লসিকাগ্রন্থি বা লিম্ফয়েড টিস্যু। এতে বারবার ইনফেকশন হলে এবং এছাড়া টনসিল বড় হলে খাবার গ্রহণে সমস্যা দেখা দেওয়া সহ আরও নানা কারণে টনসিল অপারেশনের জন্য নাক-কান-গলার চিকিৎসকরা পরামর্শ দিয়ে থাকেন। বিশ্বে যত রুটিন অপারেশন হয় তার শীর্ষে রয়েছে টনসিল অপারেশন। টনসিল অপারেশনের সময় রোগীকে সম্পূর্ণ অজ্ঞান করে, বিশেষ যন্ত্রের সাহায্যে মুখ হাঁ করিয়ে মুখের ভেতর দিয়ে টনসিল দুটি অপারেশন করে বের করে আনা হয়।

*** অপারেশনের পরের খাবার**

রোগী অপারেশনের পর অজ্ঞানের প্রভাব থেকে মুক্ত হয়ে গেলে অর্থাৎ অপারেশনের ৪ ঘণ্টা পর রোগীকে মুখে খাবার দেওয়া যাবে। প্রথমে ঠান্ডা খাবার যেমন-চামচ দিয়ে আইসক্রিম অল্প অল্প করে খাওয়াতে হবে এবং সঙ্গে ঠান্ডা পানি অথবা ঠান্ডা জুস, ঠান্ডা দই খেতে দিতে হবে। অপারেশনের ২৪ ঘণ্টা পর আর আইসক্রিম খাওয়ানোর প্রয়োজন নেই। তবে অপারেশন পরবর্তী সময়ে খাবার খাওয়ার পর রোগীকে ঠান্ডা পানিতে পরিমাণ মতো মাউথ ওয়াশ মিশিয়ে কুলি/গড়গড়া করাবেন, যেন খাবার মুখে জমে না থাকে। ডিহাইড্রেশন এড়াতে অস্ত্রোপচারের পরে রোগীকে পর্যাপ্ত পানি খেতে হবে, যা ব্যথা কমাতেও সাহায্য করে। যেসব খাবার চিবানো এবং গিলতে সহজ, যেমন-দুধে ভিজিয়ে নরম পাউরুটি, জাউভাত/নরম খিচুড়ি, সেমাই, ফিরনি, স্যুপ ইত্যাদি রোগীকে প্রথম ৭ দিন খেতে দিতে হবে। শক্ত, মশলাদার, গরম খাবার (যেমন-চানাচুর, ফুচকা, শক্ত পিঠা, সমুচা, মাংসের হাড়, কাঁটাজাতীয় মাছ) এড়িয়ে চলুন প্রথম ৭ দিন, না হলে ব্যথা বা রক্তপাত হতে পারে। এছাড়া গোসলসহ স্বাভাবিক এরপর ৪১ পৃষ্ঠায়

# হাড়ে ব্যথার কারণ ও প্রতিকার

ডা. মিজানুর রহমান কল্লোল



হাড়ের ব্যথা এক সাধারণ সমস্যা, বিশেষ করে মাঝবয়সি বা তার বেশি বয়সের নারী-পুরুষদের জন্য। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে মানুষের শরীরেরও অনেক পরিবর্তন হয়। শারীরিক পরিশ্রম কমে যাওয়ার কারণে মাংসপেশির আকার ও হাড়ের ঘনত্ব কমে আসে। এতে হাড়ে বারবার আঘাত লাগার প্রবণতা দেখা দেয় এবং হাড় ভেঙে যায়। যদি হাড়ের ঘনত্ব কমে যাওয়ার কারণে বা হাড়ে আঘাত লাগার কারণে ব্যথা হতে থাকে, তাহলে সেটা বড় ধরনের সমস্যা সৃষ্টি করতে পারে। হাড়ে সংক্রমণ, রক্ত চলাচলে প্রতিবন্ধকতা বা ক্যানসারের কারণেও হাড়ে ব্যথা হতে পারে। এসব ক্ষেত্রে দ্রুত চিকিৎসার প্রয়োজন হয়। বিস্তারিত লিখেছেন ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ ও হাসপাতাল উপাধ্যক্ষ ও অর্থোপেডিক সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মিজানুর রহমান কল্লোল।

*** হাড়ে ব্যথার কারণ**

অনেক কারণে হাড়ে ব্যথা হতে পারে। যেমন-

**ইনজুরি :** ইনজুরি বা আঘাত হাড়ে ব্যথার সাধারণ কারণ। সাধারণত আঘাত থেকে গাড়ি এক্সিডেন্ট বা পড়ে যাওয়া থেকে ব্যথা হতে পারে। হাড়ে যে কোনো ধরনের ক্ষতি হলে হাড়ব্যথা করতে পারে।

**খনিজের ঘাটতি :** হাড় শক্তিশালী করতে বিভিন্ন ধরনের খনিজ ও ভিটামিন, বিশেষ করে ক্যালসিয়াম ও ভিটামিন-ডি'র প্রয়োজন হয়। ক্যালসিয়াম ও ভিটামিন-ডি'র অভাবে সচরাচর হাড়ের ভঙ্গুর রোগ অস্টিওপরোসিস হয়। অস্টিওপরোসিস হাড়ের খুব সাধারণ রোগ। এর শেষ স্তরে হাড়ে ব্যথা হয়।

**ছড়িয়ে পড়া ক্যানসার :** শরীরের এক স্থানের ক্যানসার অন্য স্থানে ছড়িয়ে পড়তে পারে। স্তন, ফুসফুস, এরপর ৪১ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাদেশ যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন শাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারুন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিকে থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যস্থলে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু বীন্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানিকে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার লাহ্কেরাসপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়ই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

## WOVENA CONSTRUCTION INC

172-11, 93 Ave, Jamaica, NY 114333
**Phone: 347-822-9052, 716-828-6677**
wovenatexusa@gmail.com

## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই'র নতুন কমিটি গঠন

৩ পৃষ্ঠার পর

ছিলেন মীর ফরিদ আহমেদ ও আসাদুজ্জামান কিরন। জ্যামাইকায় নবান্ন রেস্টুরেন্টে এ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিদায়ী সভাপতি এম এ রশীদ। সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক এম এ মান্নান।
নবগঠিত কমিটির অন্যান্য কর্মকর্তারা হলেন রেজাউল হক চৌধুরী মানিকসিনিয়র সহসভাপতি, সেকেন্দার আলীত্ত সহসভাপতি, তন্ময় বিশ্বাসযুগ্ম সাধারণ, এনসি পাল তিতাস সাংগঠনিক সম্পাদক, আমিনুল ইসলাম ভিয়া কোষাধ্যক্ষ ও বিপ্লব গুপ্ত সাংস্কৃতিক সম্পাদক। কার্যকরি কমিটির সদস্যরা হলেন এম এ রশীদ, তপতী রায়, এএইচএম কামাল, এম এ মান্নান, আসাদুজ্জামান কিরন, আনিসুল হক সোহেল, আব্দুর রৌফ মোল্লা , রেজাউল করিম রেজা ও ফাতেমা আকতার। ৬ সদস্য বিশিষ্ট উপদেষ্টামন্ডলীতে রয়েছেন শাহাবুদ্দিন টিটু,ড.গোলাম সামদানী তরফদার,মীর ফরিদ উদ্দীন আহমেদ,জিয়াউল ফারুক ও দেওয়ান তৌহিদুল ইসলাম।

## 'ভালো মন্দ যাহাই আসুক'- নির্বাচনে

১২ পৃষ্ঠার পর

সরকারের সঙ্গে কাজ করতে প্রস্তুত। কাজ তাদের এখনো করতে হচ্ছে ইউনূস সরকারের সঙ্গে। বিশেষত বাণিজ্য করতে হচ্ছে। লাভজনক বিবেচনায় আমরাও ভারতের সঙ্গে বাণিজ্যের সুযোগ হাতছাড়া করছি না। দেশের স্বার্থ প্রাধান্য পাওয়াটাই মূল কথা। এটা বাদ দিয়ে তো কোনো পররাষ্ট্রনীতি হতে পারে না। অন্যান্য রাষ্ট্রীয় নীতি প্রশ্নেও একই কথা প্রযোজ্য।
এ সবকিছু সামনে রেখেই নির্বাচনের দিকে দৃঢ় পায়ে হাঁটতে হবে বাংলাদেশের মানুষকে। আগামী ১২ই ফেব্রুয়ারি তারা কোন দলকে ভোট দিয়ে ক্ষমতায় আনতে চায়, সে বিষয়ে জরিপও পরিচালিত হচ্ছে। সবশেষ জরিপে দেখা যাচ্ছে, ৭০ শতাংশ মানুষ বিএনপিকে ভোট দিতে ইচ্ছুক। জরিপের বিশ্বাসযোগ্যতা নিয়ে অবশ্য প্রশ্ন থাকে। সময়ান্তরে জরিপের ফল বদলে যেতেও দেখা যায়। নির্বাচনের শেষদিকে একটা তরঙ্গ ওঠে আর তাতে বাস্তবতা অনেক সময় বদলে যায়। তবে বিএনপি ও জামায়াতে ভোটের তফাৎ এত বেশি পরিলক্ষিত যে, তাতে জনমত খুব বেশি বদলাবে বলে মনে হয় না। এ ক্ষেত্রে তারেক রহমানের প্রত্যাবর্তন ও খালেদা জিয়ার মৃত্যুর পর অনুষ্ঠিত সুবিপুল জানাজার প্রভাব একটি বড় বিষয়। মিডিয়া আর আন্তর্জাতিক সম্প্রদায়ের অবস্থানও মনে হচ্ছে বিএনপির দিকে। দলটির দিকে হেলে আছে দেশের ব্যবসায়ী সম্প্রদায়। জিয়াউর রহমান ও খালেদা জিয়ার শাসনামলে মুক্তবাজার অর্থনীতি বিকাশের পথ করে দেয়া হয়েছিল। অর্থনৈতিক ও সামাজিক সংস্কারে জোর দিয়েছিলেন তারা। বিকাশমান মধ্যবিত্ত শ্রেণিও এটা জানে। বিএনপির 'মধ্যপন্থার রাজনীতি' তাদের আকর্ষণ করছে এখনো।
দেশের তরুণ ভোটারদের মনোভাব বোঝা অবশ্য সহজ নয়। বিগত তিনটি নির্বাচন যথাযথভাবে হলে এটা বোঝা সহজ হতো। পাবলিক বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনে যে ধারার ফল হয়েছে, সেটা জাতীয় নির্বাচনে কতোখানি প্রতিফলিত হবে? শিক্ষিত আর স্বল্পশিক্ষিত ও অশিক্ষিত তরুণরা অভিন্ন মনোভাব পোষণ করছে, সেটা কিন্তু বলা যাবে না। শিক্ষিত তরুণরা নিজ নিজ পরিবারের লোকদের প্রভাবিত করতে সক্ষম, এটাও বলতে হবে। এ-ও দেখা গেছে, একই ব্যক্তি স্থানীয় ও জাতীয় নির্বাচনে ভিন্ন অবস্থান নিয়ে থাকে। নারী ভোটাররা কী মনোভাব পোষণ করছে, সেটাও গুরুত্বপূর্ণ। তারা তো জনসংখ্যার অর্ধেক; ভোটারেরও অর্ধেক। তারাও অবিভাজ্য সত্তা নয়। তাদের মধ্যে নানামুখী প্রবণতা রয়েছে। তবে সামগ্রিকভাবে এদেশের মানুষ যেকোনো ধরনের উগ্রপন্থার বিরোধী। গণ-অভ্যুত্থানের পর অল্প সময়ে তারা উগ্রপন্থার বিস্তর রূপও দেখতে পেয়েছে। চাঁদাবাজি, দখলবাজি কারা বেশি করেছে; সেটাও নিশ্চয় তারা বিচার করে দেখবে। এসব অভিযোগ বিএনপির একাংশের বিরুদ্ধেই বেশি। সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েও তারেক রহমান এটা বন্ধ করতে পারেননি। এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার দায়িত্ব অবশ্য সরকারের। সেটা তারা কেন নেননি, এর সদুত্তরও দেননি সরকারের মুখপাত্ররা। জুলাই গণ-অভ্যুত্থানের পর এর চাইতে ভিন্নতর অভিজ্ঞতা কি হতে পারতো? নাকি যে সামাজিক-রাজনৈতিক গঠন বা পরিস্থিতি দেশে বিরাজ করছে, তাতে এমন অভিজ্ঞতার মুখোমুখি হওয়াটাই ছিল স্বাভাবিক? এ ক্ষেত্রে গণ-অভ্যুত্থানে নেতৃত্বদানকারী শক্তি এবং মাঠে থাকা সব দলের সমর্থনে গঠিত অন্তর্বর্তী সরকারও বড় ভূমিকা রেখেছে। এ দুই গোষ্ঠীর পক্ষপাতকে হালকা করে দেখার সুযোগ নেই। তাদের কারণে নির্বাচন আয়োজনেও অনেক বিলম্ব হয়েছে। তাদের সঙ্গে যোগ দিয়েছিল একটি দক্ষিণপন্থি দল, যাদের অতীত প্রশ্নবিদ্ধ। অতীতে তাদের অবস্থান বারবার নেতিবাচক ফল দিয়েছে বলে এবারো সেটাই হবে, এমনটা অবশ্য বলে দেয়া যায় না। হয়ে তাদের তরফ থেকে আবার নির্বাচনের পর জাতীয় সরকার ধরনের কিছু একটা গড়ে তোলার ওপর বক্তব্য রাখা হয়েছে। হাসিনা সরকার পতনের পরও কিন্তু জাতীয় সরকার হয়নি। তেমন কিছু হলে কী অভিজ্ঞতা হতো, সেটাও আমরা জানি না। তবে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনই যেমন নির্বাচন; তেমনি নির্বাচনের ফল অনুযায়ী সরকারি ও বিরোধী দল মিলে সংসদ পরিচালনাই গণতন্ত্র বলে স্বীকৃত। আমরা এর অনুসরণই দেখতে চাইবো আগামী নির্বাচনের পর। ইউনূস সরকার ও তার আমলে গঠিত নির্বাচন কমিশনের (ইসি) কাজ হলো সুষ্ঠু নির্বাচনের পথে অবিচল থাকা। কোনো মহল যেন এ পথ থেকে জাতিকে বিচ্যুত করতে না পারে। শেখ হাসিনা গং জাতিকে নির্বাচন থেকে বঞ্চিত করে অবশেষে নিজেদের চরম পতন অনিবার্য করে তুলেছিল। নতুন পরিস্থিতিতে যে নির্বাচন হতে চলেছে, সেটাকে সাফল্যমণ্ডিত করেই আগেকার সেই অপকর্মের জবাব দিতে হবে। নির্বাচন সুষ্ঠুভাবে হলে এর ফল জাতীয় ও আন্তর্জাতিকভাবে সবাই মেনে নেবে। সে অনুযায়ী দেশ পরিচালনাই প্রত্যাশিত। গণ-অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশ গঠনে ১২ই ফেব্রুয়ারি অনুষ্ঠেয় নির্বাচন ঐতিহাসিক ভূমিকা রাখবে, যদি সবাই মিলে এটাকে সফল করে তুলতে পারি। সরকার ও ইসির ভূমিকা এ ক্ষেত্রে মুখ্য। মাঠে থাকা রাজনৈতিক দলগুলোরও বড় ভূমিকা রয়েছে গণ-অভ্যুত্থান পরবর্তী বাস্তবতায়। জনগণের ইচ্ছায় তারা নিজ নিজ অবস্থান মেনে নেবে, এই বোধ জোরালো হতে হবে দলগুলোর মধ্যে। জনমতের পরোয়া না করে চলার পরিণতি কারও জন্য সুখকর হবে না।
লেখক: সাংবাদিক, কলামিস্ট।

## মাহমুদুর রহমানের মিথ্যাচার ও ইতিহাস বিকৃতি

৫ পৃষ্ঠার পর

দায়ের করা মিথ্যা মামলাগুলো এই দমননীতিরই অংশ। তাকে কারাগারে পাঠানো হয়েছে, প্রয়োজনীয় চিকিৎসা থেকে বঞ্চিত করা হয়েছে। কিন্তু ইতিহাস সাক্ষী-তিনি আপস করেননি। যেমন আপস করেননি তারেক রহমানও। তাকে কণ্ঠরোধ করা যায়নি, এমনকি তাকে শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত করার চেষ্টাও হয়েছে। তাকে হত্যা করবার চেষ্টা করা হয়েছে ।
জুলাইয়ের গণবিপ্লব কোনো আকস্মিক ঘটনা ছিল না। এটি ছিল দীর্ঘদিনের রাজনৈতিক দমন-পীড়ন ও জনগণের ক্ষোভের বিস্ফোরণ। ফ্যাসিবাদের বিরুদ্ধে জনগণকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্রে তারেক রহমানের ভূমিকা ছিল সুদূরপ্রসারী ও সুসংগঠিত। একটি গণঅভ্যুত্থানের অনুঘটক হিসেবে ছাত্রসমাজের কোটা সংস্কার আন্দোলন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। শুরুতে এই কোটা সংস্কার আন্দোলন ছিল সম্পূর্ণ অরাজনৈতিক। কিন্তু সরকার যৌক্তিক দাবি মেনে নেওয়ার পরিবর্তে ছাত্রদের ওপর নির্বিচার গুলি চালিয়ে হত্যা শুরু করলে পরিস্থিতি আমূল বদলে যায়।
পরিস্থিতির ভয়াবহতা দেখে রাজনৈতিক দল, পেশাজীবী সংগঠন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং সাধারণ মানুষ একে একে আন্দোলনে যুক্ত হয়। সরকার তখন আদালতের মাধ্যমে দ্রুত কোটা সংস্কারের রায় দিয়ে এবং আন্দোলনের সমন্বয়কদের ডিবি অফিসে নিয়ে গিয়ে আন্দোলন প্রত্যাহারে বাধ্য করার চেষ্টা করে। এতে দেশজুড়ে হতাশা ও ক্ষোভ আরও তীব্র হয়। এই প্রেক্ষাপটেই তারেক রহমান দেশের ভেতরে ও বাইরের বিএনপির সকল ইউনিটকে এক দফার আন্দোলনে ঝাঁপিয়ে পড়ার নির্দেশ দেন। তার আহ্বানের পর আন্দোলন নতুন প্রাণ পায়। সমন্বয়কদের আন্দোলন প্রত্যাহারের পর তিন দিনের স্থবিরতার পর রাজপথ আবার উত্তাল হয়ে ওঠে। সমন্বয়কগণরাও শেষ পর্যন্ত এক দফার দাবিতে যুক্ত হতে বাধ্য হয়। সেখান থেকেই শুরু হয় প্রকৃত গণঅভ্যুত্থান-যার পরিণতি আজ ইতিহাসের অংশ। বাস্তবতা হলো সমন্বয়কদের আন্দোলন প্রত্যাহারের পর তিনদিন তেমন আন্দোলন হয়নি। জনাব তারেক রহমান যদি একদফার আন্দোলনের ঘোষণা না দিতেন তবে আজকের ইতিহাস ভিন্ন ভাবে লিখা হতো। উপসংহারে বলা যায়, বিএনপি কখনোই ক্ষমতার জন্য পিছনের দরজা খোঁজে না। স্বৈরাচার এরশাদ যখন বেগম খালেদা জিয়াকে প্রধানমন্ত্রিত্বের প্রস্তাব দিয়েছিল, তিনি তা প্রত্যাখ্যান করে নয় বছর আপোষহীন আন্দোলনের মাধ্যমে জনগণের ভোটাধিকার প্রতিষ্ঠা করেছিলেন। ১৯৯৬ সালে জামায়াত-আওয়ামী আঁতাত করে স্বৈরশাসক এরশাদকে বৈধতা দিয়েছিল কিন্তু দেশ নেত্রী বেগম খালেদা জিয়া তা করেন নি। কিংবা ১/১১-এর সময় বিএনপিকে পেছনের দরজা দিয়ে ক্ষমতায় বসানোর সেনাসমর্থিত প্রস্তাব সহ সব ক্ষেত্রেই তিনি ক্ষমতার লোভ প্রত্যাখ্যান করেছেন। পনেরো বছর ধরে তিনি ফ্যাসিবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছেন, কারাবরণ করেছেন, ব্যক্তিগত ও পারিবারিক ত্যাগ স্বীকার করেছেন-তবুও আপস করেননি। অন্যদিকে জামায়াত ও হাসিনার বারবার সুবিধার জন্য আওয়ামী লীগের সঙ্গে আপস করে চলেছে। এই কারণেই দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও তারেক রহমান কেবল রাজনৈতিক নেতা নন-তারা বাংলাদেশের স্বাধীনতা, গণতন্ত্র ও সার্বভৌমত্বের প্রতীক। যতদিন বাংলাদেশ থাকবে, ততদিন জিয়া পরিবারের অবদান মানুষের হৃদয়ে অম্লান ও অবিস্মরণীয় হয়ে থাকবে। পরিসমাপ্তি টানার আগে বলতে চাই জনাব মাহমুদুর রহমান যে অভিযোগ করেছেন তা সত্য নয়। আপনার উপর যখন হামলা হয়েছিল তখনো তারেক রহমান লন্ডনে বসে তার তীব্র নিন্দা করেছেন। বাংলাদেশের সকল রাজনৈতিক নিপীড়নের বিরুদ্ধে তিনি সোচ্চার ছিলেন। অতএব জনাব মাহমুদুর রহমান আপনিই বাংলাদেশের সঠিক ইতিহাস জানেন না।
লেখক: জাতীয় নির্বাহী কমিটির সদস্য, বিএনপি।

## ইউরোপ কি পারবে ট্রাম্পের থাবা থেকে গ্রিনল্যান্ডকে বাঁচাতে

৬ পৃষ্ঠার পর

জাতিসংঘ সনদে অন্তর্ভুক্ত সার্বভৌমত্ব, আঞ্চলিক অখণ্ডতা ও সীমান্তের অলঙ্ঘনীয়তার নীতির গুরুত্ব জোর দিয়ে উল্লেখ করেছে। এ ছাড়া গ্রিনল্যান্ড ন্যাটো সামরিক জোটের অংশ বিধায় আর্কটিক অঞ্চলের নিরাপত্তা সম্মিলিতভাবেই নিশ্চিত করার কথা এবং এ ক্ষেত্রে যুক্তরাষ্ট্রকে একটি গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে উল্লেখ করা হয়েছে।
কিন্তু যদি কোনো ন্যাটো সদস্যরাষ্ট্র আরেক সদস্যকে আক্রমণ করে বসে, তাহলে কী হবে? গ্রিনল্যান্ড আর্কটিক অঞ্চলের একটি স্বায়ত্তশাসিত এলাকা, যা ডেনমার্কের অন্তর্ভুক্ত। ডেনমার্ক যেমন ন্যাটোর সদস্য, যুক্তরাষ্ট্রও তেমন একটি সদস্য। উত্তর আটলান্টিক চুক্তির অনুচ্ছেদ ৫ অনুযায়ী, কোনো সদস্যরাষ্ট্রে আক্রমণ মানে সব ন্যাটো রাষ্ট্রের ওপর আক্রমণ। তবে জোটের ভেতরে এক সদস্যের দ্বারা আরেক সদস্যের ওপর আক্রমণের কোনো দৃষ্টান্ত সেখানে নির্ধারিত নেই।
২০২৫ সালের এক জরিপ অনুযায়ী, ৮৫ শতাংশ গ্রিনল্যান্ডবাসী চান না যে তাঁদের দেশ যুক্তরাষ্ট্রের অংশ হোক। মাত্র ৬ শতাংশ এর পক্ষে রয়েছেন।। তবে একই জরিপে দেখা যায়, ৫৬ শতাংশ মানুষ ডেনমার্ক থেকে সম্পূর্ণ স্বাধীনতা চান। ডেনমার্ক অর্থনৈতিক সহায়তা ও সামরিক নিরাপত্তা দিলেও অনেক গ্রিনল্যান্ডবাসী দীর্ঘ মেয়াদে রাজনৈতিক স্বাধীনতার স্বপ্ন দেখেন। অন্তর্বর্তী সময়ে জার্মানির প্রেসিডেন্ট ফ্রাঙ্ক-ভাল্টার স্টাইনমেয়ারের কথাই হয়তো সত্য। ৮ জানুয়ারি ৭০তম জন্মদিনের এক অনুষ্ঠানে তিনি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অধীন মার্কিন পররাষ্ট্রনীতির তীব্র সমালোচনা করেছেন। উল্লেখ করেছেন, বিশ্ব যেন লুটেরাদের আড্ডায় পরিণত না হয়।
তিনি বিশ্বব্যবস্থার ক্রমবর্ধমান ভাঙনের দিকে নীরব দর্শক হয়ে না থাকার আহ্বান জানিয়েছেন। তিনি উল্লেখ করেছেন, আন্তর্জাতিক আইনের প্রতি অবজ্ঞা ইতিমধ্যেই অনেক দূর এগিয়েছে এবং যুক্তরাষ্ট্রের দ্বারা সংঘটিত ঘটনাগুলো মূল্যবোধের ভঙ্গ বলে তিনি জানান। হুমকির মুখে সক্রিয় পদক্ষেপ জরুরি বলে মনে করেন স্টাইনমেয়ার। তিনি ব্রাজিল ও ভারতের মতো দেশগুলোকে বিশ্বব্যবস্থা রক্ষায় এগিয়ে আনতে রাজি করাতে হবে বলে জানান। একই সঙ্গে জার্মানিকেও সামরিক শক্তির ওপর জোর দিতে হবে বলে তিনি মন্তব্য করেন। এখন দেখার বিষয়, ইউরোপীয় দেশগুলো একটি বিবৃতি দিয়ে নখহীন কাগজে বাঘ হয়ে থাকবে, নাকি বাস্তবতার নিরিখে অন্য সিদ্ধান্ত নেবে।





# রজব মাস ও মেরাজের তাৎপর্য

মুফতি রফিকুল ইসলাম আল মাদানি

ইসলামি বর্ষপঞ্জির সপ্তম মাস রজব-মহান আল্লাহতায়ালার পক্ষ থেকে বিশেষ সম্মান প্রাপ্ত একটি মাস। যা রমজানের আগমনি বার্তা বহন করে এবং মুমিনের হৃদয়ে ইবাদতের আগ্রহ জাগিয়ে তোলে। গাফিলতির অন্ধকার থেকে আত্মশুদ্ধির আলোয় ফিরে আসার জন্য রজব মাস এক অনন্য সুযোগ। রজব মাস শুরু হলে রসুল (সা.) একটি দোয়া পড়তেন, এর বাংলা অর্থ হলো, হে আল্লাহ! আপনি আমাদের জন্য রজব ও শাবান মাসে বরকত দান করুন এবং আমাদের রমজান মাস পর্যন্ত পৌঁছে দিন।

(বায়হাকি-ইমান) এই দোয়ার মাধ্যমে রসুল (সা.) রজব মাসকে রমজানের প্রস্তুতির সূচনা হিসেবে গ্রহণ করেছেন। এতে তিনটি গুরুত্বপূর্ণ আবেদন রয়েছে-রজব ও শাবানে বরকত লাভ, নেক আমলের তওফিক বৃদ্ধি, ইমান ও সুস্থতার সঙ্গে রমজান পর্যন্ত পৌঁছার প্রার্থনা। রজব মাস আত্মশুদ্ধি ও ইবাদতের প্রস্তুতি নেওয়ার সময়-যাতে রমজানে সর্বোচ্চ ফায়দা অর্জন করা যায়।



**রজব মাসের মর্যাদা :** রজব মাস চারটি সম্মানিত মাসের অন্যতম। কোরআনে মহান আল্লাহ ইরশাদ করেন, 'নিশ্চয়ই আল্লাহর কাছে মাসের সংখ্যা বারো, এর মধ্যে চারটি সম্মানিত মাস' (সুরা তওবা-৩৬)। হাদিসে এই চার মাসের নাম নির্দিষ্ট করে বলা হয়েছে। রসুল (সা.) ইরশাদ করেন, 'বছর বারো মাসে; এর মধ্যে চারটি সম্মানিত, এর একটি হলো মুদার গোত্রের রজব' (সহিহ বুখারি)। ইসলামের ইতিহাসে রজব মাস অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

অধিকাংশ আলেমের মতে, এই মাসেই সংঘটিত হয়েছিল মহান মেরাজ-যেখানে রসুল (সা.) আল্লাহর বিশেষ নৈকট্য লাভ করেন। গ্রহণ করেন উম্মতের জন্য পাঁচ ওয়াক্ত নামাজ। এটি রজব মাসকে আরও মর্যাদাসম্পন্ন করে এরপর ৩৮ পৃষ্ঠায়

## শবে মেরাজের গুরুত্ব

ড. মুহাম্মদ নাছিরউদ্দীন সোহেল

রসুল (সা.)-এর গৌরবদীপ্ত জীবনে মেরাজের ঘটনাটি বিশেষ তাৎপর্য বহন করে। তাঁর ৫২ বছর বয়সে এই গৌরবময় ঘটনাটি নবুয়তের ১২তম বর্ষে ২৭ রজব রাত্রিতে (২৬ তারিখ দিবাগত রাত) সংঘটিত হয়। এ ঘটনার মধ্য দিয়ে রসুল (সা.) মহান আল্লাহর সান্নিধ্য লাভ করেন। এই মহিমান্বিত সাক্ষাতের ঘটনাটি প্রতি বছর বিশ্বের সব মুসলমান গভীর শ্রদ্ধা ও ভালোবাসার সঙ্গে স্মরণ করে লাইলাতুল মেরাজ উদ্‌যাপন করে থাকে।

**মেরাজ কী? :** মেরাজ আরবি শব্দ, যার বাংলা অর্থ দিদার, ঊর্ধ্বলোকে ভ্রমণ, পথ, সিঁড়ি, ঊর্ধ্বে আরোহণ ইত্যাদি। ইসলামি পরিভাষায়, হজরত মুহাম্মদ (সা.) কর্তৃক বিশেষ বাহন বোরাকের মাধ্যমে মাসজিদুল হারাম থেকে মাসজিদুল আকসা হয়ে প্রথম আসমান থেকে একে একে সপ্তম আসমান এবং সিদরাতুল মুনতাহা পর্যন্ত অতঃপর সেখান থেকে একাকী রফরফ বাহনে আরশে আজিম পর্যন্ত ভ্রমণ, মহান আল্লাহর সঙ্গে সাক্ষাৎ লাভ করে কথোপকথনের মাধ্যমে স্বীয় উম্মতের জন্য সালাত লাভ করা এবং জান্নাত ও জাহান্নাম পরিদর্শন করে ফিরে আসার ঘটনা হলো মেরাজ। মহান আল্লাহ বলেন, 'আল্লাহ পবিত্র মহিমাময়, যিনি তাঁর বান্দা [মুহাম্মদ (সা.)-কে রজনিতে পরিভ্রমণ (সায়ের) করিয়েছিলেন মসজিদে হারাম থেকে মসজিদে আকসা পর্যন্ত যার চতুষ্পার্শ্বকে আমি বরকতময় করেছি- যাতে আমি তাঁকে দেখাই আমার নিদর্শন, নিশ্চয়ই তিনি সবকিছু শোনেন, সবকিছু দেখেন।' (সুরা বনি ইসরাইল : আয়াত ১)।

এরপর ৫৩ পৃষ্ঠায়



## মানুষকে ভালোবাসলে আল্লাহ ভালোবাসেন



মুফতি মুহাম্মদ মর্তুজা

যে কয়টি গুণ মানুষকে আল্লাহর প্রিয় করে তোলে তার অন্যতম হলো একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য মানুষকে ভালোবাসা। মানুষকে ভালোবাসা শুধু একটি মানবিক আবেগের বিষয় নয়, বরং এটি ঈমানের দাবি। জান্নাতের পাথেয়। যে হৃদয় আল্লাহর মাখলুকের প্রতি নরম হয়, আল্লাহর রহমত তার সঙ্গে থাকে।

ইসলাম এমন এক মহান ধর্ম, যেখানে ইবাদত শুধু নির্দিষ্ট কিছু কাজ যেমন-নামাজ, রোজা, হজ, জাকাত ইত্যাদিতে সীমাবদ্ধ নয়; বরং মানুষের উত্তম আচরণ, সহানুভূতি, ক্ষমা ও ভালোবাসার মধ্যেও ইবাদতের রুহ লুকিয়ে আছে। তাই নিম্নে ভালোবাসা নিয়ে কোরআন-হাদিসের আলোকে কিছু তথ্য তুলে ধরা হলো-

**মুমিন অপর মুমিনকে ভালোবাসে :** মুমিনের ভালোবাসার ভিত্তি হলো ঈমান। মুমিনে ঈমানের দাবিতে একে অপরকে ভালোবাসে। পবিত্র কোরআনে মহান আল্লাহ তাঁর মুমিন বান্দাদের ব্যাপারে বলেন, 'মুমিনরা পরস্পর ভাই ভাই।' (সুরা : হুজুরাত, আয়াত : ১০)।

তাই মুমিনের উচিত সর্বদা অপর মুমিনকে ভালোবেসে ভ্রাতৃত্বের বন্ধন অটুট রাখা। তার কল্যাণকামী হওয়া। কারো মধ্যে বিরোধ দেখা দিলে তাদের মধ্যে সমঝোতা করে দেওয়া।

**মানুষকে ভালোবাসলে আল্লাহর ভালোবাসা মেলে :** মহান আল্লাহর ভালোবাসা পাওয়ার একটি সহজ মাধ্যম হলো আল্লাহর বান্দাদের ভালোবাসা।

হাদিস শরিফে ইরশাদ হয়েছে, আবদুল্লাহ ইবনে আমর (রা.) থেকে বর্ণিত, মহানবী (সা.) বলেন, দয়াশীলদের ওপর করুণাময় আল্লাহ দয়া করেন। তোমরা দুনিয়াবাসীকে দয়া করো, তাহলে যিনি আসমানে আছেন তিনি তোমাদের দয়া করবেন। (আবু দাউদ, হাদিস : ৪৯৪১)।

সুবহানাল্লাহ! আসমানের মালিকের প্রিয় এরপর ৩৮ পৃষ্ঠায়



## বুদ্ধির সাধ্য ও অসাধ্য

ড. মুহাম্মাদ আকরাম নদভী

কিছু মানুষ এই ভ্রান্তিতে আক্রান্ত যে বুদ্ধি আল্লাহর অস্তিত্ব প্রমাণ করতে পারে। অথচ এটি একটি স্বীকৃত সত্য, বুদ্ধি কখনো কোনো নির্দিষ্ট ও নির্ধারিত বাস্তবতাকে প্রমাণ করতে সক্ষম নয়। আল্লাহ তাআলা হলেন 'আরাফুল মাআরিফ', সব নির্ধারিত বাস্তবতার চেয়েও বেশি নির্ধারিত এবং বুদ্ধির উপলব্ধিগত সীমার সম্পূর্ণ ঊর্ধ্বে।

যখন আমরা বুদ্ধিকে আল্লাহর অস্তিত্ব প্রমাণের দায়িত্ব দিই, তখন বুদ্ধি আল্লাহকে তাঁর বাহ্যিক ও প্রকৃত সত্তা থেকে বিচ্ছিন্ন করে শুধু একটি সার্বিক মানসিক ধারণায় রূপান্তরিত করে ফেলে।

এই ধারণা তখন সমাধানযোগ্য ও একীভূতযোগ্য হয়ে যায়; তা কোনো ধারাবাহিক ব্যবস্থায় পরিণত হতে পারে এবং বহু উদাহরণের ওপর প্রয়োগ করা সম্ভব হয়। এমন একটি ধারণার জন্য তাওহিদ অপরিহার্য নয়, বরং তার প্রকৃতির মধ্যেই শিরকের উপাদান সন্নিবেশিত থাকে। মানব বুদ্ধি এক বিশেষ উপলব্ধিগত শক্তি, যা অন্য ইন্দ্রিয়গুলোর তুলনায় এই দিক থেকে স্বতন্ত্র, সে আংশিক পর্যবেক্ষণ থেকে সার্বিক ও এরপর ৩৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জানুয়ারি ২০২৬

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 16 | 5:57 | 7:17 | 12:06 | 2:35 | 4:55 | 6:15 |
| 17 | 5:57 | 7:17 | 12:06 | 2:36 | 4:56 | 6:16 |
| 18 | 5:57 | 7:16 | 12:06 | 2:37 | 4:57 | 6:17 |
| 19 | 5:56 | 7:16 | 12:07 | 2:38 | 4:58 | 6:18 |
| 20 | 5:56 | 7:15 | 12:07 | 2:39 | 4:59 | 6:19 |
| 21 | 5:55 | 7:15 | 12:07 | 2:40 | 5:00 | 6:20 |
| 22 | 5:55 | 7:14 | 12:08 | 2:41 | 5:02 | 6:21 |

source: salahtimes.com

# U.S. Expands Mandatory Entry Airports for Visa Bond Holders from Three to Nine

Continued on page 18

depart through one of the approved airports may result in denied or delayed entry, or a departure that is not properly recorded—potentially affecting future visa eligibility. The Department of Homeland Security monitors compliance and refers suspected violations of bond conditions to U.S. Citizenship and Immigration Services for further review. Violations may include overstaying the authorized period of admission, failing to depart on time, or attempting to change or adjust immigration status while in the United States, including filing for asylum. According to DHS's Fiscal Year 2024 Entry/Exit Overstay Report, approximately 500,000 nonimmigrants overstayed their authorized period of stay, accounting for 1.15 percent of all expected departures. The remaining 98.85 percent of visitors complied with the terms of their admission. For Nepali nationals, DHS data showed a 3.12 percent visitor (B visa) overstay rate in FY 2024, down from 4.19 percent in FY 2023. However, the overstay rate among Nepali students (F, M, J visa holders) rose slightly to 10.25 percent in FY 2024, from 10.20 percent the previous year.



# Golden Globes 2026 recalibrate the awards map

Continued on page 18



Leonardo DiCaprio, who was nominated for "One Battle After Another". That film, however, maintained its dominance elsewhere, securing Best Motion Picture — Musical or Comedy alongside directing and screenplay awards for Paul Thomas Anderson.

In the drama category, "Hamnet" claimed Best Motion Picture, while Jessie Buckley's win for Best Actress further strengthened her standing as a leading contender this season. Acting prizes for Rose Byrne (If I Had Legs I'd Kick You) and Wagner Moura (The Secret Agent), as well as supporting awards for Teyana Taylor and Stellan Skarsgård, highlighted the Golden Globes' continued impact on performance-led Oscar campaigns.

In the film categories, the animated musical "KPop Demon Hunters" emerged as one of the night's major winners, winning Best Animated Feature and Best Original Song for "Golden", led by songwriter EJAE.

The ceremony also delivered a headline-making cross-cultural moment as Priyanka Chopra Jonas and Lalisa Manobal appeared together as presenters in Beverly Hills, drawing cheers as they walked on stage hand in hand before announcing the winner for Best Actor in a Television Series – Drama.

Television awards pointed to a more decisive outcome. "The Pitt" and "The Studio" took major series honours, but Netflix's "Adolescence" dominated the acting categories, collecting four awards and emerging as the evening's most decorated show. The ceremony also reflected broader shifts within the industry. The introduction of a Best Podcast category signalled the Globes' attempt to recognise changing forms of storytelling, while honorary awards for Helen Mirren and Sarah Jessica Parker offered continuity amid transition.

# New Changes to U.S. Citizenship Process Include Harder Tests and Stricter Background Checks

Continued on page 18

revamped civics test designed to be longer, more demanding and more subjective than earlier versions. The push for a tougher exam began in 2025, after USCIS received guidance to more closely evaluate applicants' English proficiency, knowledge of U.S. history and understanding of what the agency describes as American values. Among the most significant revisions is an expanded civics question bank, which now includes 128 possible questions on U.S. history and government, up from the previous pool of 100. The oral interview portion of the test was also lengthened, increasing from 10 questions to 20. Applicants must now answer at least 12 correctly to pass, doubling the previous threshold.

While many of the changes were already underway, USCIS announced on Jan. 5 that it is also implementing stricter background checks, narrowing eligibility for medical waivers and applying more rigorous standards when evaluating an applicant's moral character. The agency also said it has expanded field investigations, including visits to applicants' neighborhoods, to verify eligibility.

In a post on X, USCIS said it has

"USCIS has strengthened screening and vetting of aliens wanting citizenship by visiting neighborhoods to meet with neighbors and employers to verify their eligibility to be here, their character, and their assimilation into our way of life," the agency wrote on X.

As reported by the Miami Herald, USCIS has said the test revisions stem from one of President Donald Trump's executive orders titled "Protecting the United States from Foreign Terrorists and Other National Security and Public Safety Threats." Advocacy groups, however, argue that the changes go beyond security concerns and may discourage eligible immigrants from pursuing citizenship.

The nonprofit National Partnership for New Americans said the revised test moves away from straightforward responses and instead requires more detailed explanations of historical concepts, which critics say introduces subjectivity. "This new citizenship test is part of a deliberate effort to exclude rather than educate," NPNA Executive Director Nicole Melaku said. "Access to citizenship should not hinge on income, literacy, subjective interpretations of history or personal expression."

A joint report from NPNA and the U.S. Immigration Policy Center at UC San Diego shows the test changes have already led to a nearly 24 percent increase in citizenship application denials, comparing the first six months of the second Trump administration with the last six months of the Biden administration. The nonprofit warns that making the process harder will worsen the backlog of applications and put more pressure on already strained agency resources. Median processing times for naturalization applications have jumped from 5.2 months to 7.9 months, with advocates expecting delays to continue growing. "When we see a nearly 24 percent spike in denials, processing times ballooning, canceled citizenship ceremonies due to the government shutdown, and advocates across the country sounding the alarm, the message is clear: we are witnessing the dismantling of our legal immigration system that hurts families, weakens our communities, and undermines the very democracy this test claims to celebrate," Melaku said.

# Bangladesh moves up five spots in 2026 global passport ranking

Continued on page 19

ranking in 2006 (68th) and its lowest ranking in 2021 (108th).

At the top of the ranking, Singapore retained its position as the world's most powerful passport, granting its citizens visa-free access to 192 destinations, followed by Japan and South Korea in second place with access to 188 destinations. Denmark, Luxembourg, Spain, Sweden, and Switzerland jointly held third place, each with 186 destinations.

The United States, for the first time in 20 years, dropped out of the top 10 places last year. However, jumping back from 12th place, with a visa-free score of 179, it has ranked 10th this year. Among the top five passport holders, Austria, Belgium, Finland, France, Germany, Greece, Ireland, Italy, the Netherlands, and Norway shared fourth place with 185 destinations, while Hungary, Portugal, Slovakia, Slovenia, and the United Arab Emirates rounded out the top five, each allowing access to 184 destinations. At the other end of the index, Afghanistan was preceded by Syria (ranked 100th), Iraq (99th), Pakistan, and Somalia (97th).

The Henley Passport Index ranks passports based on the number of destinations their holders can access without obtaining a visa prior to travel, including visa-free, visa-on-arrival, and electronic travel authorisation (eTA) arrangements.

Compiled using data from the International Air Transport Association (IATA), the index is widely regarded as the most authoritative global measure of passport strength and international mobility.

# Tax Returns Filling Starts on January 26

Continued on page 18

taxpayers will have until Wednesday, April 15, 2026, to file their federal tax returns and pay any taxes owed to avoid penalties and interest. Many Americans will also have to file their state tax returns by the deadline. The agency expects to receive 164 million individual income tax returns this year, with most of them being filed electronically.

Taxpayers are encouraged to prepare early to file their taxes, and the IRS releases a series of "Get Ready" reminders to help individuals file their taxes accurately and avoid any delays in receiving their returns. For example, the IRS urges taxpayers to set up direct deposit to receive their tax refunds as the agency is phasing out paper tax refund checks due to Trump's executive order.

It's encouraging people without bank accounts to open one in order to receive a direct deposit with their tax refund this year.

How will Trump's new tax cuts impact my tax returns?

The president's megabill legislation includes several new deductions and credits, such as no tax on tips, no tax on overtime, no tax on car loan interest, and a new temporary deduction for seniors, among others. According to Trump, this will be the "largest tax refund season of all time." Taxpayers can expect their tax refunds to increase by $1,000, per the House Ways and Means Committee.

# নয়া বন্দোবস্ত নিয়ে যত কথা

১২ পৃষ্ঠার পর

অনেকে বুঝে কিংবা না বুঝে নয়া বন্দোবস্তের পক্ষে কথা বলেন। নয়া বন্দোবস্ত প্রপঞ্চটির কথা প্রথম বলেছেন লন্ডন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজের অর্থনীতি বিভাগের স্বনামধন্য বাংলাদেশি বংশোদ্ভূত অধ্যাপক ড. মুশতাক খান। মুশতাক খান প্রতিষ্ঠান অর্থনীতির ক্ষেত্রে যুগান্তকারী অবদান রেখেছেন এবং রেখে চলেছেন। আমরা একটি বহুল আলোচিত গ্রন্থের নাম জানি। এ গ্রন্থটি হলো Why Nations Fail. গ্রন্থটি রচনা করেছেন ডারন এসেমোগ্লু এবং জেমস এ. রবিনসন। তারা হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। তাদের বক্তব্য হলো, একটি জাতির ব্যর্থতার মূলে রয়েছে প্রাতিষ্ঠানিক ব্যর্থতা। রাষ্ট্রের প্রতিষ্ঠানগুলো যখন অকেজো দুর্বল হয়ে পড়ে, তখন একটি জাতির অগ্রগতি তো দূরের কথা, ধ্বংস অনিবার্য হয়ে ওঠে। রাষ্ট্র ও সমাজের জন্য প্রতিষ্ঠান অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থা। যখন দেশের প্রতিরক্ষাব্যবস্থা, পুলিশি ব্যবস্থা, বিচারব্যবস্থা, গোয়েন্দা সংস্থা ও কারাগার ব্যবস্থা ভেঙে পড়ে, তখন রাষ্ট্র বা দেশটিকে রক্ষা করা কঠিন হয়ে পড়ে। এজন্যই রাষ্ট্র সংস্কারের কথা উঠেছে, প্রতিষ্ঠান সংস্কারের কথা উঠেছে। যে রাষ্ট্রে প্রতিষ্ঠানগুলো মজবুত ও সুসংহত, সে রাষ্ট্রে অর্থনৈতিক লেনদেনের ব্যয় সবচেয়ে নিচে নেমে আসে। এখানেই হলো প্রতিষ্ঠানের গুরুত্ব।

অধ্যাপক মুশতাক খান বলতে চান, সমাজের বিভিন্ন গোষ্ঠীর মধ্যে ক্ষমতার বণ্টন প্রতিষ্ঠান, পলিসি এবং উন্নয়নের ফলাফল নির্ধারণ করে। তিনি বাস্তব অবস্থাভিত্তিক শাসনব্যবস্থা (Governance) ও বাস্তব রাজনৈতিক গতিপ্রকৃতির (Political Dynamics) ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি আদর্শবাদী মডেলে বিশ্বাসী নন। তার তত্ত্ব থেকে আমরা বুঝতে পারি, প্রতিষ্ঠান ও পলিসি কেন ভিন্ন কাজ করে ভিন্ন ভিন্ন দেশে। এর পশ্চাতে রয়েছে সমাজের বিভিন্ন গোষ্ঠীর মধ্যে দরকষাকষি এবং ক্ষমতার বিন্যাস, নিছক আইনের পুস্তকে লেখা আইনকানুন নয়। আইনের পুস্তকে যা লেখা থাকে, তা সমাজকে পুরোনো অচল অবস্থার মধ্যে বেঁধে রাখে বা এই অবস্থা থেকে যারা লাভবান হয়, তারা পুরোনো আইনি ব্যবস্থাকে টিকিয়ে রাখতে বদ্ধপরিকর। মুশতাক খানের দৃষ্টিতে সমাজে বিদ্যমান ক্ষমতার বিন্যাসে পরিবর্তনই নতুন বন্দোবস্ত এবং অচলাবস্থা কাটানোর যুগোপযোগী হাতিয়ার।

শেখ হাসিনার শাসনামলে তো বটেই, কিন্তু তারও আগে থেকে বাংলাদেশে ক্ষমতার বিন্যাস একপেশে হয়ে উঠেছিল। হাসিনার আমলে ১০-১৫টি অলিগার্ক গোষ্ঠীর উত্থান ক্ষমতাকে চরমভাবে একপেশে করে তুলেছিল এবং মুষ্টিমেয়র হাতে কুক্ষিগত করে ফেলেছিল, যেখানে মেজর জেনারেল (অব.) তারেক সিদ্দিকের নির্দেশে ব্যক্তির বাঁচা-মরা নির্ভর করত। নয়া বন্দোবস্তে এমন ধরনের একচেটিয়া ও একপেশে ক্ষমতার বিন্যাসকে পালটে দিতে পারে। সমাজে দরকষাকষি ও কাউন্টার ভেইলিং পাওয়ার বাড়াতে হবে। বাংলাদেশে এখন কৃষক ইউনিয়ন ও শ্রমিক ইউনিয়ন বলতে কিছুই নেই। পেশাজীবীরা হাত গুটিয়ে বসে আছে। নারীদের কিছু এলিট সংগঠন থাকলেও মেহনতি নারীর কিছুই নেই। পরিবেশবাদীরা বড়ই অসহায়। আইন-আদালত বিত্তবান ও প্রবলদের হাতে চলে গেছে। এ কারণেই প্রয়োজন একটি নতুন বন্দোবস্ত। যে গণতন্ত্র আমরা চাইছি, সেই গণতন্ত্র যেন নতুন বন্দোবস্তের পথ উন্মুক্ত করে দেয়। এর ফলে কিন্তু সমাজতন্ত্র হয়ে যাবে না। দেশে হয়তো একটি ন্যায়বিচারভিত্তিক ও প্রতিযোগিতামূলক জনগণের পুঁজিবাদ (People's capitalism) গড়ে উঠবে। সেটাই সম্ভবত এ মুহূর্তের বাস্তববাদী আকাঙ্ক্ষা।

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

# ফের একসঙ্গে বলিউডের তিন খান!

৪৬ পৃষ্ঠার পর

আর ইন্ডাস্ট্রির মি. পারফেকশনিস্ট হিসেবে পরিচিত আমির খান তো সবসময়ই ব্যতিক্রমী যাত্রার পথিক হিসেবে পরিচিত। 'লাল সিং চাড্ডা'র পর দীর্ঘ বিরতিতে থাকা এই অভিনেতা এবার 'হ্যাপি প্যাটেল খতরনাক জাসুস' ও 'লাহোর ১৯৪৭' সিনেমা দুটি নিয়ে বলিউডে প্রত্যাবর্তনের অপেক্ষায় আছেন। যদিও এ দুই সিনেমায় তিনি ক্যামেরার সামনে থাকবেন কম, কিন্তু গল্পের দর্শনজুড়ে থাকবেন বেশি। সিনেমা দুটি প্রযোজনাও করেছেন আমির খান।

তাই বলাই যায়, ঠিক আট বছর পর ২০২৬ আবারও ফিরে এসেছে প্রায় একই বিন্যাসে। সিনেমার সেট আর গল্প আলাদা হলেও আবারও সেই একই কিংবদন্তিদের দেখার অপেক্ষায় গোটা বলিউড। এবার কি শাহরুখ খান, সালমান খান ও আমির খান একসঙ্গে সফলতার গল্প লিখতে পারবেন?

# ওয়াশিংটনের ন্যাশনাল প্রেসক্লাবে খালেদা জিয়ার স্মরণসভা

৩ পৃষ্ঠার পর

সাবেক সম্পাদক ম্যাক্সন কিলকাইড, বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের সাবেক রাষ্ট্রদূত ড্যান মোজেনা ও রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট, স্টিমসন সেন্টারের সিনিয়র ফেলো স্টিভ রোজ, ভয়েস অব আমেরিকা বাংলা বিভাগের প্রাক্তন প্রধান ইকবাল বাহার চৌধুরী, বাংলাদেশ দূতাবাসের প্রেস মিনিস্টার গোলাম মোর্তোজা ও আমেরিকান ইউনিভার্সিটির আইন বিভাগের অধ্যাপক এহতেশামুল হক। স্বাগত বক্তব্যে রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী বলেন, বেগম খালেদা জিয়া ছিলেন বাংলাদেশের গণতান্ত্রিক সংগ্রামের ইতিহাসের অবিচ্ছেদ্য অংশ, স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রহরী এবং অর্থনৈতিক প্রগতির নির্মাতা। যখন দেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো ধ্বংসপ্রাপ্ত এবং বিরোধী মতের কণ্ঠ রুদ্ধ, তখন তিনি নির্ভীক চিত্তে স্বৈরাচারের বিরুদ্ধে দাঁড়িয়েছেন। বিশ্বে নজির সৃষ্টিকারী এক অনন্য নেত্রী। বেগম খালেদা জিয়াকে রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্য অন্যায়ভাবে কারাগারে আটক রাখা হয়েছে উল্লেখ করেন তিনি।

ড্যান মজেনা বলেন, গণতন্ত্র ও বাংলাদেশের উন্নয়নের ইতিহাসে খালেদা জিয়ার নাম স্মরণীয় হয়ে থাকবে। বাংলাদেশের জন্য অসামান্য অবদান রেখেছেন খালেদা জিয়া। তিনি অন্যকে সম্মান দিয়ে নিজেও সম্মানিত হতেন। সবাই খালেদা জিয়ার সঙ্গে সহজে যোগাযোগ করতে পারতো। মার্শা বার্নিকাট বলেন, বহু নির্যাতন সহ্য করেও বেগম খালেদা জিয়া কখনো অভিযোগ করেননি। খুব বিপদ এবং সংকটের মধ্যেও তিনি ছিলেন হাস্যোজ্জ্বল এবং আন্তরিক। তিনি বাংলাদেশের জনগণের কল্যাণে কাজ করেছেন। একজন নারী হিসেবে বাংলাদেশকে খালেদা জিয়া যেভাবে নেতৃত্ব দিয়েছেন তা এশিয়া উপমহাদেশে দৃষ্টান্ত হয়ে থাকবে। বাংলাদেশ যতদিন থাকবে ততদিন তার [illegible] মানুষ স্মরণে রাখবে।

ন্যাশনাল প্রেস ক্লাবের সভাপতি মার্ক শেফ বলেন, খালেদা জিয়ার নেতৃত্বে বাংলাদেশ অনেক দূর এগিয়ে গিয়েছে, যা আন্তর্জাতিক মহলেও স্বীকৃত। ওয়াশিংটনে নিযুক্ত বাংলাদেশের প্রেস মিনিস্টার গোলাম মোর্তোজা বলেন, বাংলাদেশের ইতিহাসে জিয়া পরিবার সবচেয়ে জনপ্রিয় অবস্থানে পৌঁছেছে। গণতন্ত্র ও জাতীয় রাজনীতিতে জিয়াউর রহমান, খালেদা জিয়া ও তারেক রহমানের অবদান অনস্বীকার্য। ম্যাক্সন কিলকাইড বলেন, বেগম খালেদা জিয়ার মতো যারা ক্ষমতায় থাকেন তারাই ইতিহাস গড়েন না, বরং যাঁরা অন্যায়ের বিরুদ্ধে ধৈর্য ও সাহস নিয়ে লড়াই করেন, তাঁরাই ইতিহাসের নায়ক হয়ে থাকেন। আলোচনার আগে বেগম খালেদা জিয়ার জীবন ও রাজনৈতিক সংগ্রাম নিয়ে নির্মিত একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়, যা উপস্থিত অতিথিদের আবেগাপ্লুত করে তোলে।

## মুনার লিডারশীপ এডুকেশন সেশন অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

চরিত্র গঠন ও উত্তম আচার ব্যবহার অবলম্বনে নিরলস প্রচেষ্টা চালিয়ে ঈমানের উচ্চতর পর্যায়ে উপনীত করার জন্যই আমাদের মাঝে আল্লাহ তা'আলা তাঁর প্রিয় নবীকে প্রেরণ করেছেন। তারা বলেন, রাসূল (সা.) স্বয়ং ছিলেন উত্তম নৈতিক চরিত্রের সর্বোত্তম উদাহরণ। সুতরাং ইসলামের কাজে নিয়োজিত প্রত্যেককে আল্লাহ ও তাঁর রাসূল (সাঃ) এর আদর্শে পরিচালিত হতে পারলেই দুনিয়া ও আখেরাতে সফলতা সম্ভব হবে।
তারা বলেন, আল্লাহর দিকে ডাকা হচ্ছে সবচেয়ে বড় সবুজতি কাজ। এ কাজের জন্য দিকনির্দেশনা দিয়েছেন বিশ্বনবি হযরত মুহাম্মদ (সাঃ)। আবার যারা এ কাজ থেকে বিরত থাকতে তাদের ওপর আসমানি আজাব আসবে বলেও সতর্ক করেছেন বিশ্বনবি হযরত মুহাম্মদ (সাঃ)। সুতরাং মুমিন মুসলমানের উচিত, মানুষকে আল্লাহর দিকে ডাকা। সত্য ও ন্যায়ের ওপর থেকে অন্যকে সত্যের দিকে আহ্বান করা এবং পাপ ও অন্যায় থেকে বিরত থেকে অন্যকে তা থেকে বিরত রাখার চেষ্টা করা। পুরুষ ও মহিলা তিন শতাধিক লোকের উপস্থিতিতে বিষয় ভিত্তিক আলোচনা করেন, মুনার ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম সেলোয়ার হোসাইন, ন্যাশনাল এসিস্টেন এক্সিকিউটিভ ডাইরেক্টর আহমেদ আবু উবাইদা, আব্দুল্লাহ আল আরিফ প্রমুখ। উপস্থিত ছিলেন ন্যাশনাল এসিস্টেন ফাইন্যান্স ডাইরেক্টর শেখ জালাল উদ্দিন, ডাঃ আতাউর রহমান ওসমানী। অনুষ্ঠানে দুপুরের খাবার উদ্বোধন করেন বিশিষ্ট ব্যবসায়ী জ্যামাইকা মুসলিম সেন্টারের সহ সভাপতি আফতাব মান্নান। অনুষ্ঠান যৌথভাবে পরিচালনা করেন নর্থ জোনের সহ সভাপতি মাওলানা ত্বোয়াহা আমিন খান, ও সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার মাসুদুর রহমান। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন সিদারুল আলম, এডভোকেট আবুল হাসেম, মঞ্জুর আহমেদ, মোহাম্মদ আব্দুল্লাহ, কায়কোবাদ কবির, সামসুল আলম প্রমুখ।

## আটলান্টিক সিটিতে বিএএসজের সভা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

সদস্যবৃন্দসহ সাধারণ সদস্যরা সংগঠনের আগামী দিনের কর্মপরিকল্পনা নিয়ে বিশদ আলোচনা করেন এবং তারই আলোকে বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। বিএএসজের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আবদুর রফিক এর ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভা সমাপ্ত হয়।
সভা শেষে বিএএসজে সভাপতিসহ সংগঠনের কয়েকজন কর্মকর্তার জন্মদিন কেক কেটে উদযাপন করা হয় এবং তাদের জন্য দোয়া করা হয়।

## বাংলাদেশি দুই ছাত্রের সন্ধানে নেমেছে আইস

৩ পৃষ্ঠার পর

চলে এসেছে তা আমাদের জানা নেই। তারা চলে যাবার পর ওই রুমটি একটি পরিবারের কাছে ভাড়া দেওয়া হয়েছে। কোন রকম সমস্যা হচ্ছে না। নিউইয়র্কে আইন পুলিশের তৎপরতা আগের যে কোন সময়ের চেয়ে অনেক বেড়েছে। তারা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের পক্ষ থেকে নির্দেশনা পেয়েই অভিযান পরিচালনা করছে। ইতোমধ্যে কয়েক দফায় দেড় শতাধিক বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়েছে বাংলাদেশে। যারা অবৈধ পথে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছে এবং পরবর্তী সময়ে কোন অপরাধে জড়িয়েছেন তাদের ব্যাপারে বর্তমান প্রশাসন অত্যন্ত কঠোর ভূমিকায় রয়েছে। তারা কোন কিছুর ব্যাপারেই ছাড় দিতে রাজি নন।







## বাংলা সাহিত্যে চণ্ডীদাস

৬ পৃষ্ঠার পর

করার সর্বোৎকৃষ্ট উপাদান।

মনে করা হয় শ্রীচৈতন্যদেব কোন একজন চণ্ডীদাসের পদ আস্বাদন করতেন। কিন্তু বড়ু চণ্ডীদাসের রচিত শ্রীকৃষ্ণকীর্তনে রাধা কৃষ্ণের প্রেমলীলা, উদ্দাম দেহ সম্ভোগের উত্তপ্ত আকাঙ্ক্ষাজনিত কাহিনীর বর্ণনা তার কাছে আস্বাদন যোগ্য হওয়ার কথা নয়। তিনি হয়তো অন্য কোন চণ্ডীদাসের পদাবলী আস্বাদন করতেন। কিন্তু পদাবলীর চণ্ডীদাসও মতবিরোধের ঊর্ধ্বে থাকেনি। পদের উৎকর্ষ অপকর্ষের ভিত্তিতে একাধিক চণ্ডীদাসের কথা ভাবা হয়েছে।

ড. সুকুমার সেন ও মণীন্দ্রমোহন বসু দু'জন চণ্ডীদাসের কথা উল্লেখ করেছেন। হরপ্রসাদ শাস্ত্রী ও সতীশচন্দ্র রায় বলেছেন তিনজন চণ্ডীদাসের কথা। ড. মুহম্মদ শহীদুল্লাহও তিনজন চণ্ডীদাসের কথা বলেছেন। ড. আহমদ শরীফও তিনজন চণ্ডীদাসের কথা উল্লেখ করেছেন। তাদের মতামতের ভিত্তিতে যে তিনজন চণ্ডীদাসের কথা জানা যায় তারা হলেন প্রাক চৈতন্য যুগের বড়ু চণ্ডীদাস, প্রাক চৈতন্যযুগের উৎকৃষ্ট শ্রেণীর পদাবলীর চণ্ডীদাস এবং চৈতন্যোত্তর যুগের পালাগান রচয়িতা দীন চণ্ডীদাস।

১) শ্রীকৃষ্ণকীর্তন রচয়িতা বড়ু চণ্ডীদাস ২) পদাবলীর দ্বিজ, দীন বড়ু আদি প্রভৃতি ভণিতাযুক্ত চণ্ডীদাস ৩) পালাগানের দীন চণ্ডীদাস এবং ৪) সহজিয়া পন্থী রাগাত্মিকা পদের চণ্ডীদাস। বিভিন্ন সময়ে আবিষ্কৃত তথ্যের ভিত্তিতে যে ক'জন চণ্ডীদাসের অস্তিত্বের কথা জানা যায় তাদের মধ্যে শ্রীকৃষ্ণকীর্তন রচয়িতা বড়ু চণ্ডীদাস সবচেয়ে প্রাচীন কবি। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের বিশ্লেষণে ড. মুহম্মদ শহীদুল্লাহ যেসব প্রাচীনত্বের লক্ষণের কথা উল্লেখ করেছেন মধ্যযুগের অন্য কোন কাব্যে তা নেই। তিনি উল্লেখ করেছেন ১৩৭০ খ্রিষ্টাব্দে বড়ু চণ্ডীদাসের জন্ম এবং ১৪৩৩ খ্রিষ্টাব্দে মৃত্যুর কথা।

চণ্ডীদাস সম্পর্কে বিভিন্ন পণ্ডিতের মতামতের মধ্যে দেখা যায় ড. দীনেশচন্দ্র সেনের মতে চণ্ডীদাস অভিন্ন। এই মত সমর্থন করেন রামেন্দ্র সুন্দর ত্রিবেদী। বসন্তরঞ্জন রায় পদাবলী ও শ্রীকৃষ্ণকীর্তনের কবিকে একজন মনে করেন। মণীন্দ্রমোহন বসু ও ড. শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় চৈতন্যপূর্ব বড়ুচণ্ডীদাস ও চৈতন্য পরবর্তী দীন বা দ্বিজ একজন পদাবলীর চণ্ডীদাস মনে করেন। ড. সুকুমার সেন শ্রীকৃষ্ণকীর্তনের কবি ছাড়া অন্য কোন চণ্ডীদাসের অস্তিত্ব সম্পর্কে সন্দিহান। তিনজনের বেশি চণ্ডীদাসের কথা উল্লেখ করেছেন ড. বিমানবিহারী মজুমদার। ড. মুহম্মদ শহীদুল্লাহ শ্রীকৃষ্ণকীর্তনের কবি বড়ু চণ্ডীদাস ছাড়া পদাবলীর আরও দুজন দ্বিজ ও দীন চণ্ডীদাসের অস্তিত্ব স্বীকার করেন। বাংলা সাহিত্যে চণ্ডী সমস্যা নিয়ে পণ্ডিতদের মধ্যে এত মতবিরোধ থাকা সত্ত্বেও চৈতন্য পূর্ববর্তী পদাবলীর চণ্ডীদাসের অনন্য ও বিস্ময়কর প্রতিভার প্রশ্নে মত বিরোধের কোন সুযোগ নেই। বৈষ্ণব পদাবলীর যে সব পদের অপরূপ সৌন্দর্য ও ভাবগাম্ভীর্য বাঙালি পাঠকের মনে চিরমুদ্রিত হয়ে আছে তার বেশিরভাগ পদই রচনা করেছেন চণ্ডীদাস। চণ্ডীদাসের ভাষা সহজবোধ্য, অনাড়ম্বর, কিন্তু তা অপূর্ব ব্যঞ্জনাশক্তিসম্পন্ন। বৈষ্ণব পদকর্তাগণের কৃতিত্ব বিচারের ক্ষেত্রে একদিকে যেমন তাদের ছন্দ, অলংকার ও প্রকাশ বৈচিত্র্য বিচার্য, অন্যদিকে তেমনি তাদের অঙ্কিত রাধা চরিত্রের পরিকল্পনাও বিশেষভাবে লক্ষণীয় বিষয়। পদাবলী সাহিত্যের দুই দিকপাল চণ্ডীদাস এবং বিদ্যাপতি ছাড়া অপরাপর কবিগণ সাধারণত অনভিজ্ঞা বালিকা রাধাকে ধীরে ধীরে রসময়ী নায়িকাতে পরিণত করেছেন এবং পরিণতিতে আধ্যাত্মিকতার ভাব জাগ্রত করে তাকে অলৌকিক জগতে উন্নীত করেছেন। চণ্ডীদাসের কাব্য আধ্যাত্মিক তত্ত্বে ভারাক্রান্ত নয়। চণ্ডীদাস কোন স্তরের ভূমিকা ছাড়াই রাধাকে কৃষ্ণপ্রেমে আত্মহারা রূপে অঙ্কন করেছেন। রাধাকৃষ্ণের প্রেমলীলায় যেটুকু আধ্যাত্মিক তত্ত্বের আলোকপাত করা হয়েছে, চণ্ডীদাস সে আধ্যাত্মিক তত্ত্বকে গৌণ করে তাতে লৌকিকতার আরোপ করেছেন। চণ্ডীদাস রাধাকে আধ্যাত্মিকতায় নিমগ্ন না করে রাধা চরিত্রের মাধ্যমে বিশ্বের মানবরূপী নারী হৃদয়ের বাণীকেই অপরূপ রূপ দিয়েছেন। চণ্ডীদাস পূর্বরাগের শ্রেষ্ঠ কবি। রাধা তখনও কৃষ্ণকে দেখেনি, কিন্তু তার নাম শুনেছে। চণ্ডীদাসের পদাবলীতে তার বিস্ময়কর প্রতিভার বিচ্ছুরণ আর কবিত্ব শক্তির অভিনব প্রকাশে এ নামই রাধাকে আকুল করে তুলেছে।

'সই কেবা শুনাইল শ্যামনাম।
কানের ভিতর দিয়া মরমে পশিল গো আকুল করিল মন প্রাণ।
না জানি কতেক মধু শ্যামনামে আছে গো
বদন ছাড়িতে নাহি পারে।
জপিতে জপিতে নাম অবশ করিল গো কেমনে পাইব সই তারে।'

চণ্ডীদাস তার কাব্যে আধ্যাত্মিকতাকে প্রাধান্য দেননি। তিনি মানব হৃদয়ের বিরহের আকুতিই প্রকাশ করেছেন তার পদাবলীর নায়িকা চরিত্রের মধ্য দিয়ে। ড. মুহম্মদ শহীদুল্লাহর অনুমিত বড়ু চণ্ডীদাস (১৩৭০-১৪৩৩ খ্রিষ্টাব্দ) বাঁকুড়া জেলার ছাতনা গ্রামে জন্মগ্রহণ করেন। কারো কারো মতে তার জন্ম বীরভূম জেলার নান্নুর নামক স্থানে। 'শ্রীশ্রীপদকল্পতরু'তে বিদ্যাপতির সঙ্গে চণ্ডীদাসের সাক্ষাতের বর্ণনা দেয়া হয়েছে। 'শ্রীশ্রীপদকল্পতরু' সম্পাদক সতীশচন্দ্র রায়ের মতে বিদ্যাপতির জীবনকাল ১৩৮০ খ্রিষ্টাব্দ থেকে ১৪৮০ খ্রিষ্টাব্দের মধ্যে। ড. মুহম্মদ শহীদুল্লাহ মনে করেন বিদ্যাপতির সংগে যে চণ্ডীদাসের সাক্ষাৎ হয়েছিল তিনিই বড়ু চণ্ডীদাস। চণ্ডীদাস তার পদে কিশোরী ভজন করেছেন। আলোচ্য চণ্ডীদাসেরও কিশোরী ভজনের নিদর্শন সুস্পষ্ট। যেমন-

'রজকিনী রূপ কিশোরী স্বরূপ
কামগন্ধ নাহি তায়।
রজকিনী প্রেম নিকষিত হেম
বড়ু চণ্ডীদাস গায়'

পণ্ডিত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ আবিষ্কৃত শ্রীকৃষ্ণকীর্তন কাব্যখানি কৃষ্ণলীলা বিষয়ক কতগুলো গীতের সমন্বয়। একাব্যে বাংলা ভাষার প্রাচীনত্ব বিশেষভাবে লক্ষণীয়। এতে ঘটনাবিবৃতি, নাট্যরস ও গীতিরসের অপূর্বপূর্ব সমন্বয় ঘটেছে। রাধাকৃষ্ণের প্রণয়লীলা বর্ণনায় কবি যে ধরনের শিল্পরূপ বেছে নিয়েছেন, তা গ্রাম্যতাদোষে দুষ্ট এবং অমার্জিত হলেও সমাজ বাস্তবতার সুরে পূর্ণ বেষ্টিত। তাই কাব্যের অন্তর্নিহিত আধ্যাত্মিক তত্ত্ব বিরাজমান সমাজ বাস্তবতা এবং প্রত্যক্ষ মানবরসের কাছে পরাভূত। শ্রীকৃষ্ণকীর্তন থেকে উদ্ধৃত নিম্নের পংক্তিটির ভাষায় তা সুস্পষ্ট

'আকুল কর এ মোর নয়নের পানী।
বাঁশীর শবদে বড়ায়ি হারায়িলো পরাণী।
আকুল করিতে কিবা আম্মার মন।
বাজএ সুসর বাঁশী নন্দের নন্দন।'

চণ্ডীদাসের ভাষা সহজ, সরল, প্রাঞ্জল। তিনি ছন্দ ও অলংকারের যথাযথ প্রয়োগের মাধ্যমে অতি সাধারণ বক্তব্যকে সুনিপুণ ও হৃদয়গ্রাহী করে ফুটিয়ে তুলেছেন। শিক্ষিত বাঙালি বৈষ্ণব সাহিত্যের রস ও আনন্দের সংবাদ পেয়েছে চণ্ডীদাসের রচনা থেকে। রাধার মনের বিচিত্র অনুভূতি তিনি বিরহের বেদনায় নিমজ্জিত করে বাঙালি পাঠক হৃদয়ের কাছে চিরদিনের সমাদর লাভের উপযোগী করে উপস্থাপন করেছেন। সচেতন শিল্প সৃষ্টির চেষ্টা না করে নিরাভরণ বৈরাগ্যের মধ্যেও যে কাব্যগুণ চমৎকারভাবে প্রতিফলিত হতে পারে, তার পদে সহজেই তা অনুধাবন করা যায়। রাধাকে তিনি কৃষ্ণপ্রেমে আত্মহারা রূপে চিত্রিত করেছেন। রাধার চরিত্রে মিলনের আনন্দের চেয়ে বিচ্ছেদের বেদনা তীব্রতর রূপ নিয়ে অতি সহজ সরল ভাষা ছন্দ ও অলংকার প্রয়োগের মাধ্যমে মর্মস্পর্শী করে কাব্যে বর্ণনা করেছেন।

'এমন পিরীতি কভু নাহি দেখি শুনি।
পরাণে পরাণ বান্ধা আপনা আপনি॥
দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া।
আধ তিল না দেখিলে যায় যে মরিয়া॥
জল বিনু মীন যেন কবহুঁনা জীয়ে।
মানুষে এমন প্রেম কোথা না শুনিয়ে॥
ভানু-কমল বলি সেহো হেন নয়।
হিমে কমল মরে ভানু সুখে রয়॥
চাতক-জলদ কহি সে নহে তুলনা।
সময় নহিলে সে না দেয় এক কণা॥
কুসুমে মধুপ কহি সেহো নহে তুল।
না যাইলে ভ্রমর আপনি না দেয় ফুল॥
কি ছার চকোর চান্দ দুহুঁ সম নহে।
ত্রিভুবনে হেন নাহি চণ্ডীদাসে কহে॥'

আক্ষেপানুরাগের পদেও চণ্ডীদাসের কৃতিত্ব অনস্বীকার্য। রাধা স্থির করেছে কৃষ্ণকে ভুলে গিয়ে প্রেমাগুনের যন্ত্রণা থেকে নিষ্কৃতি পাবে। কিন্তু-

'যত নিবারিয়ে চাই নিবার না যায়রে।
আন পথে যাইতে কানু পথে ধায়রে॥
এছার রসনা মোর হইল কি বামরে।
যার নাম নাহি লই লয় তার নামরে॥'

কৃষ্ণের জন্যে সর্বস্ব ত্যাগী রাধা আক্ষেপ করে বলেছে 'ঘর কৈনু বাহির, বাহির কৈনু ঘর' তবু কৃষ্ণের প্রেম বুঝতে পারে না রাধা। না বুঝেও কৃষ্ণের নিকট জীবন যৌবন সমর্পন করেছে এবং মনে প্রাণে প্রার্থনা করেছে-

'বঁধু কি আর বলিব আমি।
মরণে জীবনে জনমে জনমে
প্রাণনাথ হৈও তুমি॥
তোমার চরণে আমার পরাণে
বাঁধিল প্রেমের ফাঁসি।
সব সমর্পিয়া এক মন হৈয়া
নিশ্চয় হইলাম দাসী॥
ভাবিয়াছিলাম এ তিন ভুবনে
আর মোর কেহ আছে।
রাধা বলি কেহ সুধাইতে নাই
দাঁড়াব কাহার কাছে॥
একুলে ওকুলে দুকুলে গোকুলে
আপনা বলিব কায়॥
শীতল বলিয়া শরণ লইনু
ও দুটি কমল পায়॥
না ঠেলহ ছলে অবলা অখলে
যে হয় উচিত তোর।
ভাবিয়া দেখিনু প্রাণনাথ বিনে
গতি যে নাহিক মোর॥
আঁখির নিমিখে যদি নাহি দেখি
তবে সে পরাণে মরি।
চণ্ডীদাস কহে পরশ রতন
গলায় গাঁথিয়া পরি॥'

চণ্ডীদাসের ভাণ্ডারে শব্দের তেমন কোন ঝংকার ছিল না। তিনি এ নিয়ে ভাবেনওনি। তাঁর ভাণ্ডারে দু'চারটি মাটির অলঙ্কার ও মাঠের ফুল ভিন্ন কোন হীরামানিক্য নেই। তার ভাষা সহজ সরল। তিনি অলঙ্কারহীন, নিরাভরণ জীবনের অকৃত্রিম বাস্তিত দৃষ্টি উপহার দিয়েছেন এবং এদিয়েই মানব হৃদয়ের গভীরে প্রভাব বিস্তার করতে সক্ষম হয়েছেন। উপরে উল্লিখিত পদটি তার উজ্জ্বল দৃষ্টান্ত।

চণ্ডীদাস কৃষ্ণপ্রেমের স্বরূপ অঙ্কন করতে গিয়ে বলেছেন:

'কানুর পিরীতি চন্দনের রীতি
ঘষিতে সৌরভময়।
ঘষিয়া আনিয়া হিয়ায় লইতে
দহন দ্বিগুণ হয়॥'

অবশেষে কৃষ্ণের সংগে তার সম্মিলন হয়। অন্তরে কৃষ্ণের মূর্তি দৃঢ়ভাবে মুদ্রিত হয়ে মনের গভীরে রাধা তাকে লাভ করেছে। কৃষ্ণ তাকে ভুলে মথুরায় ছিল। কিন্তু সেজন্যে কোন ক্ষোভ নেই। অনেক যন্ত্রণা সহ্য করেও রাধা প্রেমাস্পদের কুশল প্রার্থিনী।

'বহুদিন পরে বঁধুয়া এলে।
দেখা না হইত প্রাণ গেলে॥
এতেক সহিল অবলা বলে।
ফাটিয়া যাইত পাষাণ হলে॥
দুখিনীর দিন দুখেতে গেল।
মথুরা নগরে ছিলেত ভাল॥'

বেদনার সমুদ্র রোমন্থন করলে যে অমৃত উত্থিত হয় তাই হচ্ছে প্রেম। প্রেম বেদনার ধন। তাই সুখের আশায় চণ্ডীদাসের রাধা প্রেম চায়না। কারণ সে জানে সুখের আশায় যে প্রেম করে সে দুঃখই পায়। চণ্ডীদাসের রচনায় পাণ্ডিত্যের বাহুল্য নেই। চিরন্তন বিষয় বস্তুর উপর কবিত্ব আরোপ করেছেন তিনি। অন্তরের সম্পদকে কাব্যের বিষয়বস্তু হিসেবে নিয়েছেন। বিদ্যাপতি সুখের কবি, চণ্ডীদাস দুঃখের কবি। বিদ্যাপতি বিরহে কাতর হয়ে পড়েন, চণ্ডীদাসের মিলনেও সুখ নেই। বিদ্যাপতির অনেকস্থলে ভাষার, সৌন্দর্য বর্ণনার মাধুর্য আছে কিন্তু চণ্ডীদাসের নতুনত্ব আছে, ভাবের মহত্ত্ব আছে, আবেদনের গভীরতা আছে। ভাব, ভাষা, ছন্দ প্রভৃতি কাব্যের সকল অঙ্গই চণ্ডীদাসের সুনিপুণ লেখনীতে অসাধারণ ব্যঞ্জনাময় হয়ে উঠেছে। তার মত সহজ ভাষায় এবং নিতান্ত সাধারণ কথা এমন গভীর তাৎপর্যপূর্ণ অনুভূতি আর কোন কবি বর্ণনা করতে পারেননি। সহজ কথা সহজ করে বলা মোটেই সহজ নয়। চণ্ডীদাসের হৃদয়ানুভূতি এত প্রবল যে, রাধার বিরহক্লিষ্ট হৃদয় বেদনা তিনি নিজের অন্তর দিয়ে অনুভব করেছেন। অলংকার পড়িয়ে কবি তার ভাবকে ভাষায় পরিপাটি করেননি। অবশ্য চণ্ডীদাস অলংকারবহুল পদও বহু রচনা করেছেন। কিন্তু সেটি তার আসল পরিচয় নয়। চণ্ডীদাসের আসল পরিচয় হচ্ছে এই যে, তিনি সরল প্রাণের একজন সহজ কবি।

চণ্ডীদাসের ভাষা জাতির হৃদয়কে সিক্ত করেছিল। এই ভাষা এখন পর্যন্ত আধুনিক বাংলা ভাষার সৌন্দর্য ও ঐশ্বর্যে একটি ক্ষীণস্রোত ও নিত্য নতুন রস সঞ্চার করে চলেছে। কবি চণ্ডীদাস এক অসামান্য প্রতিভাবলে বাঙালির ব্যবহৃত সংস্কৃত-প্রাকৃত, আরবি-ফারসি ও দেশজ শব্দসমুদ্র থেকে সহজ সরল প্রাঞ্জল সেই মনি মুক্তাগুলো আহরণ করতে পেরেছেন। এই ভাষাই বৈষ্ণব সাহিত্যের সাধারণ ভাষা, কবি চণ্ডীদাসের ভাষা। চণ্ডীদাসের সঙ্গে রামীর অন্তরঙ্গ প্রেমের সম্পর্ক ও বিষাদময় পরিণতির কথা চণ্ডীদাস-রামীর প্রসঙ্গে ব্যাপক আলোচিত। রামী কেবল চণ্ডীদাসের সাধন সঙ্গিনী রূপেই খ্যাত নন। তিনি ছিলেন বাংলা ভাষা ও সাহিত্যের প্রথম মহিলা কবি। ড. দীনেশচন্দ্র সেন তার 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থে রামীর লেখা যে কটি পদ উদ্ধৃত করেছেন, সেগুলোতে চণ্ডীদাসের মৃত্যুর বিবরণ লিপিবদ্ধ হয়েছে। একটি পদে রামী লিখেছেন-

'মুক্ত কলেবর, হইল জর্জর
দারুণ সন্ধান ঘাতে।
এ দুঃখ দেখিয়া, বিদর এ হিয়া
অভাগিরে লেহ সাথে॥
কহেন যামিনী, শুন গুণ মনি
জানিলাম তোমার রীতি।
বাতুলি বচন, করিলে লঙ্ঘন
শুনহ রসিক পতি॥'

এছাড়া চণ্ডীদাস রজকিনী বা চণ্ডীদাস ও রামীর প্রেমের উপাখ্যান থেকে স্পষ্ট বোঝা যায় যে, বাঙালির হৃদয় জুড়ে আছে চণ্ডীদাস ও রামী। এ দুই প্রেমিক কবি কিংবদন্তির নায়ক-নায়িকা রূপে যুগে যুগে আমাদের বাঙালির মনের গভীরে স্বমহিমায় সুপ্রতিষ্ঠিত। বাঙালি তাই তাদের পদাবলী কীর্তন করে ভাবে বিভোর হয়ে শ্রদ্ধান্বিত হয় চণ্ডীদাস রামতারা বা রামীর প্রতি। সবশেষে বলা যায় চণ্ডীদাস এক অনন্য প্রতিভাশালী কবির পাশাপাশি বাঙালির হৃদয়ে গাঁথা বেদনা-বিধুর এক প্রেম কাহিনীর নায়ক, বিরহের বার্তাবাহক। রামীর প্রেম সম্পদ হিসেবেও বাঙালির মনে এবং বাংলা সাহিত্যের ইতিহাসে অমর হয়ে আছেন।

লেখক, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) সাবেক মহাসচিব।

## যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

৩ পৃষ্ঠার পর

স্বেচ্ছাসেবকলীগ, কৃষকলীগ ও ছাত্রলীগ অন্যান্য সংগঠন। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল হাসান আজাদের সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় আওয়ামীলীগের ত্রান ও সমাজকল্যান সম্পাদক আমিনুল ইসলাম ও বাংলাদেশের বিশিষ্ট সাংবাদিক শাবান মাহমুদ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্টেট আওয়ামী লীগের সভাপতি মজিবুর রহমান, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান, সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, সহসভাপতি সাখাওয়াত হোসেন চঞ্চল, সহসভাপতি বাবুল আহমেদ, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহসভাপতি শামসুদ্দিন আজাদ, সহসভাপতি সোলায়মান আলী, সহসভাপতি ইঞ্জিনিয়ার জহুরুল ইসলাম, যুগ্ম সম্পাদক দুরুল মিয়া রনেল, শিল্প ও বানিজ্য সম্পাদক জনি শিকদার, সাংগঠনিক সম্পাদক জাহিদ হাসান, রফিকুর রহমান দুলাল, জয় গিয়াস উদ্দিন, ব্রুকস আওয়ামী লীগের সভাপতি আব্দুল মুহিত, মহিলা আওয়ামী লীগের সভাপতি শাহনাজ মমতাজ, স্বেচ্ছাসেবকলীগের সভাপতি ইকবাল হোসেন, যুবলীগনেতা সেবুল মিয়া, আমিনুল ইসলাম, ছাত্রলীগনেতা মাহমুদ হাসান, রায়হান, হৃদয় মিয়া প্রমুখ।

সভার শুরুতে বঙ্গবন্ধুর পরিবারবর্গ ও মহান মুক্তিযুদ্ধসহ সকল শহীদদের স্মরণে মাগফেরাত কামনায় দোয়া মুনাজাত করেন সোলায়মান আলী। বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশন ও শহীদদের স্মরণে এক মিনিট দাড়িয়ে নীরবতা পালন করা হয়। সভাপতি ড. সিদ্দিকুর রহমান বলেন যে নির্বাচনে আওয়ামীলীগ অংশগ্রহণ করতে পারবেনা ব্যালেট পেপারে নৌকা প্রতীক থাকবেনা সে নির্বাচন আওয়ামী লীগের নেতা কর্মীরা বর্জন করবে এবং কোন পাতানো নির্বাচন বাংলাদেশে হতে দেওয়া হবেনা। সাবান মাহমুদ বলেন, আওয়ামী লীগকে নিষিদ্ধ করে বাংলাদেশের জনগণের মন থেকে মুছে ফেলা যাবে না। ইতিপূর্বে বারবার শত ষড়যন্ত্রের মুখাবেলা করে সাফল্য জনকভাবে ফিরে এসে আওয়ামী লীগ বাংলাদেশের মানুষের ভাগ্য উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করেছে।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


## দর্শকদের কাছে দুঃখ প্রকাশ করল বিসিবি

৫২ পৃষ্ঠার পর

মিরপুরে শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামের জায়ান্ট স্ক্রিনে একটি বার্তায় বিসিবি লিখেছে, 'বাংলাদেশ ক্রিকেট বোর্ড দুঃখের সঙ্গে জানাচ্ছে যে, আজকের চট্টগ্রাম রয়্যালস ও নোয়াখালী এক্সপ্রেস দলের মধ্যকার ম্যাচটি অনিবার্য কারণবশত বিলম্বিত হয়েছে। এতে দর্শকদের যে অসুবিধা হয়েছে, তার জন্য বাংলাদেশ ক্রিকেট বোর্ড আন্তরিকভাবে দুঃখিত। সকল দর্শককে অনুরোধ করছি ধৈর্য ধারণ করে আসনে অবস্থান করতে। কারণ ম্যাচটি যত দ্রুত সম্ভব শুরু করার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা চলছে।' এর আগে বিসিবির পরিচালক নাজমুল ইসলাম ক্রিকেটারদের পারফরম্যান্স নিয়ে মন্তব্য করেন। বিশ্বকাপে বাংলাদেশ না খেললে কতটা ক্ষতি হবে সেই প্রসঙ্গে বুধবার তিনি গণমাধ্যমে বলেন, বিসিবির হবে না, ক্রিকেটারদের ক্ষতি হবে। কারণ তারা খেললে ম্যাচ ফি পায়। ম্যাচ সেরা হলেও পায়, পারফরম্যান্স অনুযায়ী পায়। এটা শুধুই ক্রিকেটারের পাওয়া। বোর্ডের লাভ-ক্ষতি নেই। অন্তত এই বিশ্বকাপের জন্য।

সাংবাদিকদের কাছে এই পাল্টা প্রশ্ন করে নাজমুল ইসলাম বলেন, আশানুরূপ পারফর্ম না করলে ক্রিকেটারদের বেতন কাটা হয় না, তাহলে ক্ষতিপূরণ দেওয়া হবে কোন যুক্তিতে? ওরা গিয়ে যদি কিছুই না করতে পারে, আমরা যে ওদের পেছনে এত কোটি কোটি টাকা খরচ করছি, আমরা কি ঐ টাকা ফেরত চাচ্ছি না কি? চাচ্ছি? এই প্রশ্নের উত্তর দেন আমাকে। নাজমুলের এমন কথার পর রাতে ভার্চুয়াল মিটিংয়ে কোয়াব সভাপতি মোহাম্মদ মিঠুন বলেন, 'উনি যেভাবে আমাদের সব ক্রিকেটারদের নিয়ে মন্তব্য করেছেন এটা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। উনি যদি আগামীকাল ম্যাচের আগে পদত্যাগ না করেন, তাহলে আমরা সব ধরনের ক্রিকেট বয়কট করব।'




KARNAFULLY
TRAVEL INC.

বিশেষ সুবিধা:
মহিলাদের জন্য আলাদা
মহিলা গাইডের
সুব্যবস্থা রয়েছে।

# এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
## নভেম্বর ২০২৬

### ভ্রমণ তারিখ

| জেএফকে - জেদ্দা | মদিনা - জেএফকে | মোট দিন |
|---|---|---|
| ৪ নভেম্বর | ১৪ নভেম্বর | ৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়) |

### প্যাকেজে অন্তর্ভুক্ত:

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

**KARNAFULLY TRAVEL INC.**
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372

facebook Karnafully Hajj & Umrah service

Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)

karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC. B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল এল.এল.সি-এর

## উৎসবমুখর নববর্ষ-২০২৬ উদযাপন

গত ৪ঠা জানুয়ারী ২০২৬ ইং তারিখে লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল এল.এল.সি এর আয়োজনে জ্যাকসন হাইটস্-এর ৭৪ স্ট্রিটের সানাই রেষ্টুরেন্ট এন্ড পার্টি হলে গান, বাজনা, মূল্যবান আলোচনাসহ মনোমুগ্ধকর উৎস-বমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়ে গেল নববর্ষ-২০২৬, বিকেল ৫টায় অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে লিগ্যাল নেটওয়ার্কের প্রধান জনাব জ্যাকব মিল্টন অনুষ্ঠানের স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। তিনি শুরুতেই সম্প্রতি সাবেক বিএনপি চেয়ারপার্সন ৩ বারের দক্ষিন এশিয়ার প্রথম মহিলা প্রধানমন্ত্রী মরহুম বেগম খালেদা জিয়ার মৃত্যু এবং সেই সাথে জুলাই আন্দোলনের কর্ণধার ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহীদ শরীফ ওসমান হাদী'র আকস্মিক মৃত্যুতে শোক প্রকাশ করেন এবং বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত দোয়া ও মোনাজাত পরিচালনা করেন জ্যাকসন হাইটস্ ইসলামিক সেন্টার ও জামে মসজিদের ঈমাম মুহাম্মদ আব্দুস সাদিক, সেই সাথে মজাদার এপিটাইজার পরিবেশন করা হয়। আলোচনা অনুষ্ঠানের শুরুতেই ডাঃ মজিবুর রহমান মজুমদার দীর্ঘসময় ব্যাপি প্রায়ত দেশনেত্রী বেগম খালেদা জিয়া'র জীবনাদর্শ ও রাজনৈতিক দর্শণ নিয়ে স্মীতিচারণ করেন। অতঃপর জনাব জ্যাকব মিল্টন ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহীদ শরীফ ওসমান হাদী'র ভিশন, রাজনৈতিক দর্শন ও আত্মত্যাগের বর্ণনা করেন। পরে বাংলাদেশের বর্তমান পেক্ষাপট পর্যালোচনা করেন প্রফেসর এনামুল শাহীন। যাকজমকপূর্ণ এ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিনেটর - হায়রাম মনসুরাত, ডাঃ মজিবুর রহমান মজুমদার, ডাঃ জাহাঙ্গীর আলম (হার্ট স্পেশালিষ্ট), ডাঃ শাহ্নাজ লিপি, ড. শওকত আলী, গোল্ডেন এইজ গ্রুপ এর কর্ণধার ও বিশিষ্ট ব্যবসায়ী - ট্রাষ্টি বোর্ড চ্যায়ারম্যান (বাংলাদেশ সোসাইটি) ও কমিউনিটি এ্যাক্টিভিস্ট - জানাব শাহনেওয়াজ, কমিউনিটি এ্যাক্টিভিস্ট - জনাব আবু জুবায়ের দারা, বিশিষ্ট রিয়েলটর - জনাব পল খান, প্রফেসর এনামুল শাহীন, মেজর অবঃ জালাল আহমেদ, ল'য়ার স্ট্যাইন উইন ও তাঁর স্ত্রী ল'য়ার সুজান উইন, ল'য়ার মানিকা ট্রমলী, কমিউনিটি এ্যাক্টিভিস্ট - ফাহাদ সোলাইমান, জনাব জাহঙ্গীর সরওয়ার্দী, কমিউনিটি এ্যাক্টিভিস্ট - জনাব আবু সুফিয়ান, কমিউনিটি এ্যাক্টিভিস্ট - জনাব সেলিম ইব্রাহীম ও স্ত্রী সাদিয়া আফরিন, ইঞ্জিঃ আঃ খালেক, এডভোকেট সোনিয়া, রেদওয়ানা রাজ্জাক সেতু। এছাড়াও বিপুল সংখ্যাক অতিথি'র উপস্থিতিতে, মঞ্চে অনুষ্ঠিত হয় কৌতুক, আবৃত্তি ও সঙ্গীত পরিবেশনা এবং নৈশভোজ, উপস্থিতিদের মধ্যে আনন্দের এক মিলনমেলায় উপণিত করে। পরিশেষে নববর্ষ ২০২৬ইং উপলক্ষে কেক কেটে অনুষ্ঠানের সমাপনি করা হয়।




























GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gold

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.co


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
স্কুল আছে
FFICE
e Ave
432
320
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com

# নিউইয়র্ক সাইবার বিজনেস লায়ন্স ক্লাবের আত্মপ্রকাশ অনুষ্ঠানের খণ্ডচিত্র


















# নিউইয়র্ক সাইবার বিজনেস লায়ন্স ক্লাবের আত্মপ্রকাশ অনুষ্ঠানের খণ্ডচিত্র

















## জোটের রাজনীতিতে অশনিসংকেত

১০ পৃষ্ঠার পর

কেউ জামায়াত জোট ছাড়ার ইঙ্গিতও দিয়েছেন। সিলেটে জামায়াতের সঙ্গে টানাপড়েন চলছে খেলাফত মজলিসের। খেলাফত চায় দুটি আসন। তাদের দেয়া হয়েছে একটি। অন্যদিকে জামায়াত বলছে তারা জরিপ চালিয়ে দেখেছেন সিলেটের ছয়টি আসনের মধ্যে ৫টিতেই জনপ্রিয়তায় তাদের ধারে কাছে কেউ নেই। তাই তারা এ পাঁচটি আসন নিজেদের জন্য রেখে দেবেন। এ নিয়ে খেলাফত মজলিস অভিমান করে আছেন। এদিকে সিলেটে জামায়াতের কাছে এনসিপি একটি আসন চেয়েছে। কিন্তু শরিক দলের অন্য নেতারা বলেছেন সিলেটে পাস করার মতো এনসিপি'র কোনো নেতা নেই। নির্বাচনকে ঘিরে এখনো গুছিয়ে উঠতে পারেনি অনেক দল ও জোট। অবস্থাদৃষ্টে মনে হচ্ছে এবারের নির্বাচন এতটা সহজ হবে না। জোট আর সমমনাদের নিয়ে মূল দল বেকায়দায় থাকবে। শেষ পর্যন্ত কি হয় তা দেখতে আগামী ১৯শে জানুয়ারি মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন পর্যন্ত অপেক্ষা করতে হবে।

এদিকে নির্বাচন যতই ঘনিয়ে আসছে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হচ্ছে। প্রায় দিনই গুলিতে নিহত হচ্ছে কোনো না কোনো দলের নেতা। ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদির মৃত্যু গোটা দেশকে নাড়িয়ে দিয়েছে। এ হত্যাকাণ্ডের সর্বশেষ শিকার ঢাকা মহানগর উত্তর স্বেচ্ছাসেবক দলের সাবেক সাধারণ সম্পাদক আজিজুর রহমান মুসাব্বির। এসব হত্যাকাণ্ড অব্যাহত থাকলে দেশের আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকাণ্ড নিয়ে প্রশ্ন দেখা দেবে। নির্বাচন ঘনিয়ে এলে আরও সংঘাতময় হয়ে উঠবে পরিবেশ। তাই এক্ষুণি গোটা দেশকে নিরাপত্তা বলয়ে আনা জরুরি। মনে রাখতে হবে দীর্ঘদিন পর মানুষ তাদের ভোট প্রয়োগ করতে প্রস্তুতি নিচ্ছে। এ নির্বাচনকে কোনোভাবেই কলঙ্কযুক্ত করা যাবে না। এক্ষেত্রে প্রয়োজনে সরকারকে কঠোর সিদ্ধান্ত নিতে হবে।

নির্বাচন মানেই হলো ভোটের উৎসব। সব সময় দেখা গেছে, তফসিল ঘোষণার পরই এই উৎসব ছড়িয়ে পড়ে গোটা দেশে। কিন্তু এবার ভোট উৎসবের দেখা নেই এখনো। ভোটাররা অবশ্য আশা করছেন নির্বাচনী প্রচারণার দিন থেকেই সেই উৎসব শুরু হবে। এর আগে দলগুলো তাদের আসন সমঝোতা, বিদ্রোহীদের নিয়ে বসে একটা সমাধানে পৌঁছাতে চেষ্টা করবে। এবার নির্বাচনে বিএনপি ও সমমনা দলগুলোর সঙ্গে জামায়াত জোটের লড়াই হবে। এটা নিশ্চিত বলা যায়। নির্বাচনে আওয়ামী লীগ না থাকা নিয়ে কেউ কেউ প্রশ্ন তুলছেন। আবার কেউ কেউ বলছেন, দীর্ঘ ১৭ বছর আওয়ামী লীগের স্বৈরাচারী আচরণ মানুষ কখনো ভুলবে না। নির্বাচনে জাতীয় পার্টি অংশ নিচ্ছে। অনেক আসনে তাদের প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। বৈধ প্রার্থী হিসেবেও ঘোষণা করা হয়েছে। অনেকেই বলছেন, জাতীয় পার্টি কি আওয়ামী লীগ সমর্থকদের ভোট নিজেদের ঘরে তুলতে পারবেন? আসলে এসব সময়ই বলে দেবে। এখন প্রয়োজন অবাধ, সুষ্ঠু ও একটি নিরপেক্ষ নির্বাচন। যে নির্বাচনের স্বপ্ন দেখাচ্ছেন নির্বাচন কমিশন।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com

NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


## তিন তারকার মুখোমুখি

৫ পৃষ্ঠার পর

সমস্যায় পড়ে গেলাম- কীভাবে রিপোর্ট করবো। তখন তো টেলিযোগাযোগ আজকের মতো ছিল না। চট্টগ্রাম থেকে ফোনে নিউজ পাঠালাম। সংবাদে বড় শিরোনামে খবরটি ছাপা হলো। এরপর দু'একটা সংবাদ সম্মেলনে প্রেসিডেন্ট জিয়ার সঙ্গে দেখা সাক্ষাৎ হয়েছে।

প্রেসিডেন্ট জিয়া যখন ক্ষমতায়, তখন সংবাদে প্রকাশিত আমার এক রিপোর্ট নিয়ে হুলস্থুল কাণ্ড ঘটে গেল। মন্ত্রিসভার এক বৈঠকে মন্ত্রীরা কোরআন শরীফ ছুঁয়ে শপথ করেছিলেন। ঘুষ খাবেন না, তথ্য পাচার করবেন না। এই খবরটা আমি পেয়ে গিয়েছিলাম কোনো একটি সূত্রে। কিন্তু রিপোর্টটি কনফার্ম করতে পারছিলাম না। ইত্তেফাকের সহকর্মী আলমগীর হোসেন আমাকে সাহায্য করেছিলেন। রিপোর্ট প্রকাশের পর ব্যাপক প্রতিক্রিয়া। প্রেসিডেন্ট জিয়ার তথ্য উপদেষ্টা দাউদ খান মজলিস আমাকে ডেকে পাঠালেন বঙ্গভবনে। জানতে চাইলেন সূত্র। তিনি জানতেন আমি সূত্র বলবো না। শুধু বললাম, খবরটা ঠিক আছে কিনা। তিনি বললেন, খবর নিয়ে কোনো প্রশ্ন নেই। প্রেসিডেন্ট সাহেব জানতে চাচ্ছেন- কে মিডিয়ায় এই খবরটি লিক করলো। পেশাদার সাংবাদিক দাউদ খান মজলিস সূত্র জানতে পারলেন না। অনেক পীড়াপীড়ির পর বললাম, সম্পাদক ছাড়া কারও কাছে সূত্র বলা সাংবাদিকতার নীতিমালা পরিপন্থি। বললেন, তুমি যাও। আমি কবির সাহেবের সঙ্গে যোগাযোগ করবো। পরে অবশ্য আমার অ্যাক্রিডিটেশন বাতিল হয়ে গিয়েছিল। এক সপ্তাহ বাদে প্রেসিডেন্ট হাউস থেকে একটা চিঠি এলো। যে চিঠিতে আমার সাহসিকতার প্রশংসা করে বলা হলো- খবরটা যিনি লিক করেছেন তার নৈতিকতা নিয়েই আমাদের যতসব প্রশ্ন।

'৮১ সনের ৩০শে মে এক ব্যর্থ সেনা অভ্যুত্থানে চট্টগ্রামে নিহত হন প্রেসিডেন্ট জিয়া। তখন আমাকে পাঠানো হলো সে সংবাদ কাভার করতে। ওইদিন সকালে প্রেস ক্লাবে বসে খবরটা শুনছিলাম। টেলিভিশনের পর্দায় বারবার বলা হচ্ছিল, প্রেসিডেন্ট জিয়া চট্টগ্রামে নিহত। এমন সময় সংবাদ সম্পাদক আহমেদুল কবির প্রেস ক্লাবে ঢুকেই ডেকে পাঠালেন। বললেন, তুমি আর মোহাম্মদ আলম বিমানের ফ্লাইটে চট্টগ্রাম যাও। আমি অফিসকে বলে দিয়েছি- টিকিট কিনে সরাসরি ঘটনাস্থলে যেতে হবে। খবরটা কাভার করতে হবে। মোহাম্মদ আলম প্রেস ক্লাবেই ছিল। সে ছিল বঙ্গবন্ধুর ফটোগ্রাফার। ১৫ই আগস্টের পট পরিবর্তনের পর সংবাদে যোগ দেয়। সেখানে গিয়ে দেখা হলো মোল্লা গোলাম কুদ্দুসের সঙ্গে। পুলিশ কর্মকর্তা। হাটহাজারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন। পরে বিজিএমইএ'র প্রেসিডেন্ট হয়েছিলেন। কিছুদিন আগে তিনি প্রয়াত হয়েছেন। তার কাছ থেকে চাঞ্চল্যকর কিছু খবর পেলাম। স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে আরও কিছু তথ্য নিয়ে রিপোর্ট পাঠালাম সংবাদে। যেটা প্রধান শিরোনাম হয়েছিল। গোলাম কুদ্দুসের সঙ্গে আমার ছবি ছাপা হয়েছিল প্রথম পাতাতে। সেটা এখনো স্মৃতিতে ভাসে। একজন পেশাদার সাংবাদিক হিসেবে এটা আমার জন্য ছিল বড় প্রাপ্তি। ভালো অ্যাসাইনমেন্ট পাওয়া ভাগ্যের ব্যাপার।

বেগম খালেদা জিয়া লড়াই করে রাষ্ট্র ক্ষমতায় এলেন। সম্পর্ক তেমন ঘনিষ্ঠ ছিল না। তার জমানায় একবার জেলেও গেলাম। '৯৯-এর শেষের দিকে এক দুপুরে কোথায় যেন যাচ্ছিলাম গাড়িতে করে। এমন সময় একটা ফোন এলো। অপরপ্রান্ত থেকে তারেক রহমান কথা বলছেন। বললেন, আমি তারেক বলছি। আম্মা আপনার সঙ্গে কথা বলবেন। আমি তখন ভাবতেও পারিনি কেন তিনি আমার সঙ্গে কথা বলবেন। আমি তখন মানবজমিনের প্রধান সম্পাদক। প্রয়াত অর্থমন্ত্রী শাহ এএমএস কিবরিয়া এলেন পর এক মামলা দিয়ে আমাকে নাস্তানাবুদ করছেন। জীবনটা অতিষ্ঠ করে ফেলেছেন। পত্রিকার পাতায় এগুলো ছাপা হচ্ছিল। সম্ভবত এসব খবর দেখেই তিনি কিছুটা বিরক্ত ছিলেন। এরই ফলশ্রুতিতে টেলিফোনে আমাকে বললেন, মতিউর রহমান সাহেব আপনি ভয় পাবেন না। আমরা আছি আপনার সঙ্গে। আমি কিছুটা অবাকই হলাম। কারণ তিনি তো আমার সম্পর্কে খুব একটা জানেন না। বলতে দ্বিধা নেই- তখনই তার সম্পর্কে আমার ধারণা পাল্টে গেল। যোগাযোগ বাড়লো। পাশাপাশি তারেক রহমানের সঙ্গেও। আমি যেহেতু ক্ষমতা থেকে দূরে থাকি সে কারণে দূরত্ব মেনে চলি। ২০০১ এ ক্ষমতায় আসার পর বেগম জিয়া আমাকে ডেকে পাঠালেন। বললেন, অনেকে তো অনেক কিছুই চায়। আপনি তো কিছু চাইলেন না। বললাম, ম্যাডাম এটা তো আমার কাজ নয়। ভালো কাজের প্রশংসা করি, খারাপ কাজের সমালোচনা। এতে আপনারা মাঝে মধ্যেই বিরক্ত হন। তখন তার স্বভাবসুলভ জবাব- আমরা কি শুধু বিরক্তই হই, ভালোবাসি না! মানবিক গুণাবলিতে তিনি ছিলেন অনন্য। মানুষ তাকে ভালোবাসে মৃত্যুঞ্জয়ী হওয়ার জন্য। তিনি আসলেই বলেন খুব কম, শুনেন ঢের বেশি। তার মধ্যে প্রতিহিংসা ছিল না। কখনো রাগ করে কথা বলতেন না। কেউ আঘাত করলেও নীরব থাকতেন। শেখ হাসিনার শব্দযুদ্ধের মধ্যেও তিনি নিজেকে সংযত রাখেন। কোনোভাবেই জবাব দেননি। যার প্রতিদান পেয়েছেন মানুষের কাছ থেকে। মানুষের ভালোবাসা, শ্রদ্ধা তাকে ইতিহাসের চূড়ায় নিয়ে গেছে। বিএনপি নেত্রী নন, হয়ে গেছেন একজন জাতীয় নেত্রী। এটা তিনি আদায় করে নিয়েছেন। যে রেকর্ড তিনি গড়েছেন তা কেউ ছুঁতে পারবেন কিনা যথেষ্ট সংশয় রয়েছে।

২০১৭ সনের শুরুতে আমি যখন অসুস্থ হয়ে নিউ ইয়র্কের হাসপাতালে তখন তার মানবিক গুণাবলির প্রত্যক্ষ সাক্ষী হই। বাংলাদেশ সময় রাত চারটার দিকে আমার হার্টের অস্ত্রোপচার চলছিল। তিনি তখন ঢাকায় তার প্রেস উইংয়ের মাধ্যমে বারবার খবর নিচ্ছিলেন আমার ছেলের কাছে- কী অবস্থা, আমি কেমন আছি। অপারেশন হয়ে গেছে তো! একদম ভোরবেলায় যখন খবর এলো অপারেশন সাকসেসফুল, তখন তিনি ঘুমাতে গেলেন। এই ঋণ আমি কোনোদিনই শোধ করতে পারবো না।

আরেকটা স্মৃতি এখনো আমাকে আবেগে আপ্লুত করে। ২০০৩ সনের কথা। ইরাক যুদ্ধ চলছে তখন। সাদ্দাম হোসেনকে হটাতে যুক্তরাষ্ট্র একধরনের যুদ্ধ চাপিয়ে দিয়েছে। বিশ্বব্যাপী টানটান উত্তেজনা। এই পর্যায়ে আমার ইচ্ছা হলো যুদ্ধ কাভার করার। এর আগে ইরাক-কুয়েত যুদ্ধ কাভার করার সুযোগ হয়েছিল। যাই হোক ইরাকে গেলাম। বাড়িতে কান্নাকাটি। বন্ধু-বান্ধবরা বিচলিত। যুদ্ধ শেষে দেশে ফেরার পর প্রধানমন্ত্রী বেগম জিয়া তার দপ্তরে ডেকে পাঠালেন। সঙ্গে গেলেন তৎকালীন তথ্যমন্ত্রী তরিকুল ইসলাম। এ কথা সেকথার পর প্রধানমন্ত্রী বিস্ময় প্রকাশ করলেন- ভয় লাগেনি! এই গোলাবারুদ আর বোমারু বিমানের আগ্রাসী হামলার মধ্যে কেমন ছিলেন? বললাম, ফিরে আসতে পারবো- এটা ভাবতে পারিনি। এটা এক ধরনের রোমাঞ্চকর ঘটনা ছিল। বাগদাদ থেকে রিপোর্ট করেছি মানবজমিন, ভয়েস অব আমেরিকা এবং কলকাতার সংবাদ প্রতিদিনে। এখন মনে হয় ওগুলো ছিল স্বপ্ন, চাঞ্চল্যকর। ম্যাডাম প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলতে বলতে প্রায় এক ঘণ্টা হয়ে গেল। তার ব্যক্তিগত স্টাফরা পরবর্তী অ্যাপয়েন্টমেন্টের কথা স্মরণ করিয়ে দিচ্ছেন। এক পর্যায়ে আমি নিজেই বললাম আজ তাহলে উঠি। অনেক কৃতজ্ঞতা থাকার জন্য। পরদিন ঢাকার পত্রপত্রিকায় সে ছবি প্রকাশিত হয়েছিল। এরপর অনেকবার ফোনে এবং সাক্ষাতে কথা হয়েছে। অসুস্থতার মধ্যেও তার সঙ্গে আমার আলাপচারিতা হয় ফিরোজায়। এটাই ছিল মিডিয়ায় তার সর্বশেষ সাক্ষাৎ। কথা ছিল বিশ মিনিট থাকবো সেখানে। কারণ ম্যাডাম ভীষণ অসুস্থ। কারও সঙ্গেই কথা বলছেন না খুব একটা। তার ব্যক্তিগত নিরাপত্তা উপদেষ্টা জেনারেল (অব.) আকবরের মাধ্যমে সেখানে পৌঁছলাম।

তিনি একটা বিশেষ চেয়ারে বসে আছেন। তার রুমে ঢুকতেই স্বভাবসুলভ প্রশ্ন- কেমন আছেন আপনি? আমি তো ভালো আছি। আপনার শরীর কেমন? নানা প্রসঙ্গ উঠলো। বললেন কম, আমাকেই বলতে হলো বেশি। ঘড়ির কাঁটা এগিয়ে চলেছে। তার চিকিৎসায় নিয়োজিত ব্যক্তিগত চিকিৎসক এবং নার্স বারবার তাগিদ দিচ্ছিলেন। কিন্তু ম্যাডাম থামছিলেন না। আরেকটু বসেন কথা শুনি। এক ঘণ্টা দশ মিনিট বাদে আমি নিজেই বললাম, আপনি অসুস্থ। আজ এখানেই শেষ করি। 'কেমন আছেন খালেদা জিয়া' শিরোনামে এই আলাপচারিতা 'জনতার চোখে' প্রকাশিত হয়েছিল। সব কিছু লেখা যায় নি। তিনি বারণ করেননি। কিন্তু আমি নিজে থেকেই তাকে বিতর্কের ঊর্ধ্বে রাখতে চেয়েছিলাম। এই অবস্থায় একদিন বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ফোন করলেন। বললেন, ম্যাডামের বায়োগ্রাফি আপনাকে লিখতে হবে। এর জন্য অবশ্য প্রস্তুত ছিলাম না। পরে রাজি হয়ে গেলাম। দুর্ভাগ্য হলো কাজ শুরুই করা গেল না। খালেদা জিয়া গুরুতর অসুস্থ হয়ে পড়লেন। এরপর প্রতিদিন তার শরীর খারাপের খবর আসতে থাকলো। কঠিন অসুখের সঙ্গে যুদ্ধ করলেন মাসের পর মাস। ফ্যাসিবাদী শাসন তাকে তিলে তিলে মৃত্যুর মুখে ঠেলে দিয়েছে। শেষ পর্যন্ত ৩০শে ডিসেম্বর হেরে গেলেন। চলে গেলেন পরপারে। মৃত্যু হলো এক জীবন্ত ইতিহাসের।

তারেক রহমানের সঙ্গে সম্পর্ক আরও আলো আর বাস্তবতার। অসংখ্যবার কথা বলেছি দেশে এবং বিদেশে। সাক্ষাৎকার নিয়েছি। সুখ-দুঃখ শেয়ার করেছি। ২০০৩ এর ২৮শে ডিসেম্বর চ্যানেল আইতে সাক্ষাৎকার নেই। যেটা ছিল ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রথম সাক্ষাৎকার। ঘণ্টাব্যাপী এই সাক্ষাৎকারে অনেক বিব্রতকর প্রশ্নও করেছি। কিন্তু তিনি একবারের জন্যও বিরক্ত হননি। বরং সাক্ষাৎকার শেষে জড়িয়ে ধরেন। বলেন, আমি পেরেছি তো আপনার মারদাঙ্গা প্রশ্নের জবাব দিতে? বললাম, চমৎকার, ধারণাতীত। যে সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, 'প্রতিদিনের রাজনীতিতে দুই নেতাকে টেনে না আনাই ভালো'।

এই সাক্ষাৎকার প্রচারের পর তার অন্য এক ইমেজ তৈরি হয়ে গেল। কতিপয় মিডিয়া তাকে অন্যভাবে তুলে ধরেছিল। যা পরবর্তীকালে ভুল প্রমাণিত হয়েছে। তারাই এখন দুঃখ প্রকাশ করছে। মানবজমিনের সঙ্গে তার সম্পর্ক বরাবরই চমৎকার। যদিও আমরা অনেক সময় তার দল, সরকারের ব্যাপক সমালোচনা করেছি। ওয়ান/ইলেভেনের আগে তিনি প্রায়ই মানবজমিন অফিসে আসতেন। কথা বলতেন। দীর্ঘ আড্ডায় মেতে থাকতেন। রাজনীতির চেয়ে ব্যক্তিগত অনেক ঘটনা শেয়ার করতেন বেশি। তার মধ্যে মানবিক গুণাবলি দেখে বিস্মিত হয়েছি। আমাদের সহকর্মীরাও অবাক হতেন। তিনি প্রটোকল মানতেন না। একবার তো সময় বাঁচাতে আমাদের অফিসের সামনের রাস্তায় নেমে অনেকখানি জায়গা হেঁটে এসেছিলেন। নিরাপত্তা ঝুঁকি ছিল, কিন্তু তিনি তার তোয়াক্কা করেননি। ১৭ বছর বিদেশে ছিলেন। শেখ হাসিনার গোয়েন্দাদের চোখ ফাঁকি দিয়ে লন্ডনে একাধিকবার তার সঙ্গে আমার সাক্ষাৎ হয়েছে। বরাবরের মতোই তিনি ছিলেন সাবলীল। দেশের পরিস্থিতি নিয়ে চিন্তিত। বলতেন, কোথায় যাচ্ছে দেশটা। তখন ফ্যাসিবাদী শাসনে দেশটা একদম কাবু। ২০২৪-এর ৫ই আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে হাসিনার শাসন ভেঙে খান খান হয়ে গেল। সুযোগ এলো হাসিনার একতরফা কুরুচিপূর্ণ ভাষার জবাব দেয়ার। জবাব তিনি দিলেন না। সুযোগ থাকা সত্ত্বেও। দেশে ফিরলেন ২৫শে ডিসেম্বর। জনতার উপস্থিতির মধ্যেই জবাব পেলেন শেখ হাসিনা। জিয়া পরিবারের বৈশিষ্ট্যই সম্ভবত তাই। তারা কাউকে আঘাত করেন না। জনতার দরবারে ছেড়ে দেন। শেষ বিচারে জবাব দেয় জনগণ। আজকের বাস্তবতা তাই।

(জনতার চোখ'র সৌজন্যে)


আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية
SAUDIA
QATAR
AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## বুদ্ধির সাধ্য ও অসাধ্য

২৫ পৃষ্ঠার পর

বিমূর্ত অর্থ আহরণ করতে সক্ষম। ইন্দ্রিয়গত উপলব্ধি বস্তুগুলোকে তাদের সময় ও স্থানের সীমাবদ্ধতার ভেতর গ্রহণ করে এবং সীমিত অভিজ্ঞতার আলোকে সেগুলোকে শনাক্ত করে। কিন্তু বুদ্ধি এসব খণ্ডাংশ থেকে এক উচ্চতর চেতনার নকশা নির্মাণ করে, সেগুলোকে সার্বিক ধারণার রূপে বিন্যস্ত করে একটি চিন্তাগত কাঠামো গড়ে তোলে।
এই বৈশিষ্ট্যই বুদ্ধির শক্তি, আবার এটিই তার সীমারেখা নির্ধারণ করে। বুদ্ধি সক্ষম, সে সার্বিক নীতি প্রণয়ন করতে পারে, সেখান থেকে অবধারিত ফলাফল নির্ণয় করতে পারে এবং বাস্তবতার সাধারণ নিয়মাবলি চিহ্নিত করতে পারে; কিন্তু তার স্বভাবগত সীমাবদ্ধতার কারণে কোনো নির্দিষ্ট বস্তু বা ঘটনার খুঁটিনাটি ও নির্ধারিত পরিচয় প্রদান করতে পারে না। তার রায় সর্বদা সাধারণ ও বিমূর্ত। অর্থাৎ নৈতিকভাবে কী হওয়া উচিত, তা সে বলে; কিন্তু নির্দিষ্ট সময় ও স্থানে বাস্তবে কী আছে, তা নির্ধারণ করে না। বুদ্ধিবৃত্তিক উপলব্ধির সূচনা ইন্দ্রিয়গত অভিজ্ঞতা থেকেই হয়, কিন্তু তার পরিসর শুধু পর্যবেক্ষণের মধ্যেই আবদ্ধ থাকে না। বুদ্ধি ব্যক্তিগত অভিজ্ঞতাগুলোর ভেতর থেকে অভিন্ন গুণ ও বৈশিষ্ট্য আহরণ করে এবং সেগুলোর ভিত্তিতে এমন সার্বিক ধারণা নির্মাণ করে, যা প্রতিটি আংশিক ঘটনা বা বস্তুর ওপর প্রয়োগযোগ্য।

## মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন'র দায়িত্ব গ্রহণ

১ পৃষ্ঠার পর

এরপর আনুষ্ঠানিকভাবে তিনি রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের কাছে তাঁর পরিচয়পত্র জমা দিয়েছেন। বাংলাদেশ সরকার তাঁকে স্বাগত জানিয়েছে। ঢাকায় যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত ক্রিস্টেনসেন এর আগে বলেন, 'বাংলাদেশে ১৯তম রাষ্ট্রদূত হিসেবে যুক্তরাষ্ট্রের প্রতিনিধিত্ব করা আমার জন্য গৌরবের। এই অঞ্চলে শান্তি ও সমৃদ্ধি এগিয়ে নিতে আমাদের দুই দেশের সম্পর্ক আরও জোরদার করার প্রত্যাশা রাখি। আমার স্ত্রী ও আমি এমন একটি দেশে ফিরে এসে আনন্দিত, যেখানে আমাদের বহু প্রিয় স্মৃতি জড়িয়ে আছে।' তিনি সর্বশেষ ২০২৫ সালের জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত অস্ত্র নিয়ন্ত্রণ ও আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক আন্ডার সেক্রেটারি অব স্টেটের দায়িত্বপ্রাপ্ত সিনিয়র কর্মকর্তা হিসেবে কাজ করেছেন।
এ সময় তিনি বৈশ্বিক নিরাপত্তা সহযোগিতা, নিরাপত্তা সহায়তা, সন্ত্রাসবাদ দমন, মাদকবিরোধী কার্যক্রম এবং অস্ত্র বিস্তাররোধ কার্যক্রম তদারকি করেন। তিনি যুক্তরাষ্ট্রের সিনিয়র ফরেন সার্ভিসের একজন ক্যারিয়ার কর্মকর্তা। এর আগে তিনি যুক্তরাষ্ট্রের স্ট্র্যাটেজিক কমান্ডের কমান্ডারের পররাষ্ট্রনীতি বিষয়ক উপদেষ্টা হিসেবে এবং ঢাকায় অবস্থিত মার্কিন দূতাবাসে রাজনৈতিক ও অর্থনৈতিক বিষয়ক কাউন্সেলর হিসেবে দায়িত্ব পালন করেছেন। তার বিদেশি নিয়োগগুলোর মধ্যে ফিলিপাইন, এল সালভাদর ও ভিয়েতনামে যুক্তরাষ্ট্রের মিশনগুলোতে দায়িত্ব পালনও রয়েছে।
ওয়াশিংটনে তিনি রাজনৈতিক-সামরিক বিষয়ক ব্যুরোর আঞ্চলিক নিরাপত্তা ও অস্ত্র হস্তান্তর দফতরের উপপরিচালক, উত্তর কোরিয়া নীতি বিষয়ক বিশেষ প্রতিনিধির বিশেষ সহকারী, যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদের পররাষ্ট্র সম্পর্কবিষয়ক কমিটিতে ফেলো এবং দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক ব্যুরোতে বাংলাদেশের দেশ কর্মকর্তা হিসেবে কাজ করেছেন। ক্রিস্টেনসেন যুক্তরাষ্ট্রের ফেডারেল লেবার রিলেশনস অথরিটির অধীন ফরেন সার্ভিস ইমপাসেস ডিসপিউটস প্যানেলে ক্যারিয়ার ফরেন সার্ভিস সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। ন্যাশনাল ওয়ার কলেজের 'ডিস্টিংগুইশড গ্র্যাজুয়েট' ক্রিস্টেনসেন জাতীয় নিরাপত্তা কৌশল বিষয়ে মাস্টার অব সায়েন্স, টেক্সাস এঅ্যান্ডএম বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান বিষয়ে মাস্টার অব সায়েন্স এবং রাইস বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি ও ব্যবস্থাপনা বিষয়ে ব্যাচেলর অব আর্টস ডিগ্রি অর্জন করেছেন। তিনি স্প্যানিশ, জার্মান ও ভিয়েতনামি ভাষায় কথা বলতে পারেন এবং ফরাসি, জাপানি ও পর্তুগিজ ভাষা অধ্যয়ন করেছেন। ২০০২ সালে যুক্তরাষ্ট্রের ফরেন সার্ভিসে যোগ দেওয়ার আগে তিনি হিউস্টন ও নিউইয়র্কে ব্যবস্থাপনা পরামর্শক হিসেবে কাজ করেন।

## নিউইয়র্কে খালেদা জিয়া স্মরণে নাগরিক শোকসভা

১ পৃষ্ঠার পর

উল্লেখ করেন। তারা বলেন, তিনি তার কর্মগুণ, মেধা আর যোগ্যতায় গৃহবধূ থেকে একটি বৃহৎ দলের নেতা এবং সর্বশেষ দলীয় নেতা থেকে জাতীয় নেতায় পরিণত হয়েছেন। তাঁর তুলনা তিনি নিজেই।
মতভিন্ন ব্যতিক্রমী এই আয়োজনে বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনা করেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সভাপতি ও কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য আব্দুল লতিফ সম্রাট এবং পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মওলানা আবুল কালাম আজাদ। শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মওলানা আবু সাঈদ।
মাহফিলে বিভিন্ন গণমাধ্যমের সম্পাদক, রাজনৈতিক ব্যক্তিত্ব, বুদ্ধিজীবী ও কমিউনিটি অ্যাক্টিভিস্টসহ সর্বস্তরের পেশাজীবীগণ অংশগ্রহণ করেন। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিনিয়র সাংবাদিক ওয়াহেদ এ খান, মঈনুদ্দিন নাসের, আবু তাহের, রতন তালুকদার, মিজানুর রহমান। এছাড়া অধ্যাপক ড. শওকত আলী, যুক্তরাষ্ট্র বিএনপি'র প্রতিষ্ঠাতা সভাপতি ডা. মুজিবুর রহমান মজুমদার, বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য জিল্লুর রহমান, সাবেক ছাত্রনেতা আলী ইমাম শিকদার, বাংলাদেশ সোসাইটির কামরুজ্জামান কামরুল, নেকিল এ চৌধুরী, বিএনপি নেতা আব্দুল সবুর, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নুরুজ্জামান ও গোলাম হোসেন, ব্যবসায়ী হাসানুজ্জামান হাসান, যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সভাপতি জাকির এইচ চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী তোফাজ্জল চৌধুরী লিটন, কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাকসুদুল হক চৌধুরী, বিএনপি নেতা ড. জাহিদ দেওয়ান শামীম, এবাদ চৌধুরী, মহিলাদল নেত্রী সৈয়দা মাহমুদা শিরিন, যুবদল নেতা বিলাল চৌধুরী, নাঈম আহমেদ, মনিরুল ইসলাম মনির, আব্দুল মান্নান, জাহাঙ্গীর হোসাইন, নাসিম আহমেদ, আব্দুল কদ্দুসসহ আরো অনেকে। সভায় টেলিকনফারেন্সের মাধ্যমে বক্তব্য রাখেন ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের প্রেস মিনিস্টার গোলাম মর্তুজা, অধ্যাপক তাজ হাসমী ও কানাডা প্রবাসী ড. মোস্তাফিজুর রহমান। বক্তারা বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং জান্নাতের শ্রেষ্ঠ স্থানে অধিষ্ঠিত করার জন্য মহান আল্লাহর দরবারে প্রার্থনা করেন।

## মানুষকে ভালোবাসলে আল্লাহ ভালোবাসেন

২৫ পৃষ্ঠার পর

হওয়ার সৌভাগ্য লাভ করার সূত্র তিনি নিজেই আমাদের হাতে রেখেছেন, কিন্তু আমরা নিজেদের অবহেলা, অহংকার, বিদ্বেষ ও হিংসার কারণে এই অমূল্য নিয়ামত থেকে বঞ্চিত হয়ে যাচ্ছি কি না, তা খেয়াল রাখা উচিত।
মানুষের প্রতি ভালোবাসা ছাড়া ঈমান পূর্ণ হয় না : অন্যের প্রতি কল্যাণকামী হওয়া ঈমানের দাবি। হাদিস শরিফে ইরশাদ হয়েছে, আনাস (রা.) থেকে বর্ণিত, মহানবী (সা.) বলেছেন, তোমাদের মধ্যে কোনো ব্যক্তি নিজের জন্য যা পছন্দ করে সেটা তার ভাইয়ের জন্যও পছন্দ না করা পর্যন্ত ঈমানদার হতে পারবে না। (তিরমিজি, হাদিস : ২৫১৫)।
এই হাদিস দ্বারা বোঝা যায়, আত্মকেন্দ্রিকতা ঈমানকে পূর্ণ করতে পারে না, বরং প্রকৃত ও পরিপূর্ণ ঈমানদার হতে গেলে অন্য মুমিনকে ভালোবাসতে হবে, তার কল্যাণকামী হতে হবে।
আল্লাহর জন্য মানুষকে ভালোবাসলে আরশের ছায়া দানের ওয়াদা : কিয়ামতের ভয়াবহ দিনে যখন কোনো ছায়া থাকবে না, সেদিন মহান আল্লাহ কিছু বিশেষ বান্দাদের আরশের ছায়ায় আশ্রয় দানের ওয়াদা করেছেন। তার মধ্যে অন্যতম হলো যারা একমাত্র আল্লাহর জন্য একে অপরকে ভালোবাসে। মহানবী (সা.) বলেছেন, সাত রকমের লোক, যাদের আল্লাহ কিয়ামতের দিন তাঁর আরশের ছায়ায় আশ্রয় দেবেন, যেদিন তাঁর ছায়া ছাড়া অন্য কোনো ছায়া হবে না...। এমন দুই ব্যক্তি, যারা আল্লাহর সন্তুষ্টির আশায় পরস্পর ভালোবাসা রাখে...। (বুখারি, হাদিস : ৬৮০৬)।
এই হাদিস দ্বারা বোঝা যায়, মানুষকে আল্লাহর জন্য ভালোবাসলে আখিরাতে নিরাপত্তা লাভের আশা করা যায়।

## অশালীন মন্তব্য করে বিপাকে হানি সিং, ভিডিও ভাইরাল

৪৬ পৃষ্ঠার পর

হানি সিং ক্যারিয়ারের শুরুতে ভাঙড়া ও পার্টি ঘরানার গানের মাধ্যমে দ্রুতই খ্যাতি লাভ করেন। 'ককটেল', 'চেন্নাই এক্সপ্রেস'সহ একাধিক জনপ্রিয় সিনেমার গানে তার কণ্ঠ ছিল শোনা যায়। এক সময় বলিউডের সবচেয়ে বেশি পারিশ্রমিক পাওয়া শিল্পীদের মধ্যে ছিলেন তিনি। তবে মাদকাসক্তি ও মানসিক অবসাদের কারণে দীর্ঘদিন আড়ালে থাকেন। ২০২৩ সালে বিরতির পর সংগীতে ফেরার মাধ্যমে আবারও প্রকাশ্যে আসেন। বর্তমানে তার 'মাই ওয়ার্ল্ড ট্যুর' নিয়ে আন্তর্জাতিক মঞ্চে ফেরার প্রস্তুতি চলছে এবং তার নতুন অ্যালবাম সম্প্রতি মুক্তি পেয়েছে। এই ঘটনার পর সমালোচনার মুখে হানি সিং এর ভবিষ্যৎ কর্মজীবনে কী প্রভাব পড়বে তা এখন দেখার বিষয়। সূত্র: হিন্দুস্তান টাইমস

## রজব মাস ও মেরাজের তাৎপর্য

২৫ পৃষ্ঠার পর

তোলে। মেরাজ একটি অলৌকিক, গৌরবময় ও শিক্ষাপূর্ণ ঘটনা। এটি শুধু রসুল (সা.)-এর জীবনের এক বিস্ময়কর অধ্যায় নয়; বরং সমগ্র উম্মতের জন্য ঈমান, ইবাদত ও আত্মশুদ্ধির এক চিরন্তন দিকনির্দেশনা।
শারীরিক ও আত্মিক-উভয় দিক থেকেই মেরাজ ছিল আল্লাহর পক্ষ থেকে নবীজি (সা.)-এর জন্য এক বিশেষ সম্মান এবং কষ্ট জর্জরিত সময়ে সান্ত্বনার অনন্য নিদর্শন।
মানব ইতিহাসের আকাশে এমন কিছু ঘটনা আছে, যা কেবল সময়ের সীমা অতিক্রম করে না-মানব বুদ্ধি ও কল্পনার সীমাকেও অতিক্রম করে যায়। পবিত্র শবে মেরাজ তেমনি এক অলৌকিক ও আধ্যাত্মিক ঘটনা। যা মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর জীবনে যেমন অনন্য, তেমনি সমগ্র মানবজাতির জন্যও গভীর তাৎপর্যপূর্ণ। এই ঘটনা ইসলামের ইতিহাসে আল্লাহর বিশেষ অনুগ্রহ ও নবুয়তের মর্যাদার এক উজ্জ্বল নিদর্শন। মেরাজ সংঘটিত হয় হিজরতের পূর্বে, মক্কা জীবনের অত্যন্ত দুঃখভারাক্রান্ত সময়ে। প্রিয় স্ত্রী খাদিজা (রা.) ও স্নেহশীল চাচা আবু তালিবের ইন্তেকালের পর রসুল (সা.) ছিলেন গভীর শোক ও কষ্টে নিমজ্জিত। তায়েফে দাওয়াত দিতে গিয়ে তিনি অপমানিত ও নির্যাতিত হন। এমন চরম বেদনাবিধুর মুহূর্তে আল্লাহ তাঁর প্রিয় নবীকে দিলেন এক অনন্য সম্মান-আসমানের সফর। যা ইতিহাসে ইসরা ও মেরাজ নামে চিরস্মরণীয় হয়ে আছে। এক রাতে আল্লাহর কুদরতে রসুল (সা.)-কে মক্কার মসজিদুল হারাম থেকে পবিত্র বাহন বুরাক-এ আরোহণ করিয়ে নিয়ে যাওয়া হয় বায়তুল মুকাদ্দাসে মসজিদুল আকসায়। আল্লাহ ইরশাদ করেন, 'পবিত্র তিনি, যিনি তাঁর বান্দাকে এক রাতে মসজিদুল হারাম থেকে মসজিদুল আকসায় ভ্রমণ করিয়েছেন' (সুরা আল-ইসরা-১)। নবীজি (সা.)-এর এই পর্যন্ত ভ্রমণকে ইসরা বলা হয়। মসজিদুল আকসায় তিনি পূর্ববর্তী নবী-রসুলদের ইমামতি করেন। এটি ছিল নবুয়তের ধারাবাহিকতা ও নেতৃত্বের এক ঐতিহাসিক ঘোষণা। এরপর শুরু হয় প্রকৃত মেরাজ-আসমানে আরোহণ। মেরাজ শব্দের অর্থ-ঊর্ধ্বগমন। হজরত জিবরাইল (আ.)-এর সঙ্গে রসুলুল্লাহ (সা.) একে একে সাত আসমান অতিক্রম করেন। প্রতিটি আসমানে তিনি পর্যায়ক্রমে সাক্ষাৎ লাভ করেন আদম (আ.), ঈসা (আ.), ইয়াহইয়া (আ.), ইউসুফ (আ.), ইদ্রিস (আ.), হারুন (আ.), মুসা (আ.) ও ইব্রাহিম (আ.)-এর মতো মহান নবীদের। এসব সাক্ষাৎ ছিল ঈমানের উত্তরাধিকার ও আত্মিকতার এক মহাসম্মিলন। সবশেষে রসুল (সা.) পৌঁছে যান সিদরাতুল মুনতাহায়- সৃষ্টির সীমান্তে। সেখানে তিনি লাভ করেন আল্লাহর সান্নিধ্য, যা কোনো মানবের কল্পনায়ও ধরা দেয় না। এই মহিমান্বিত মুহূর্তেই উম্মতের জন্য ফরজ করা হয় পাঁচ ওয়াক্ত নামাজ-যা মেরাজের শ্রেষ্ঠ উপহার। মেরাজ শুধু একটি অলৌকিক ভ্রমণের কাহিনি নয়; এটি বিশ্বাস, ধৈর্য ও আল্লাহর প্রতি অবিচল আস্থার এক চিরন্তন শিক্ষা। দুঃখের রাতের পর যে আলোর সকাল আসে, মেরাজ তারই জীবন্ত প্রমাণ। এই ঘটনা মুসলমানদের স্মরণ করিয়ে দেয়-পৃথিবীর সব সীমাবদ্ধতার ঊর্ধ্বে রয়েছে আল্লাহর করুণা ও রহমতের অসীম আকাশ। মেরাজ আল্লাহর অসীম ক্ষমতার প্রমাণ করে, প্রমাণ করে-আল্লাহর ক্ষমতার কাছে অসম্ভব বলে কিছু নেই। সময় ও স্থানের সীমা তিনি ইচ্ছামতো অতিক্রম করাতে পারেন।
লেখক : গবেষক, ইসলামিক রিসার্চ সেন্টার বসুন্ধরা, ঢাকা।


হ্যান্ডস অন
ফিজিক্যাল থেরাপি
রিহাবিলেইশন
এ. ভূঁইয়া
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট
আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।
* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা
ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ
আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি
75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100




হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়

ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)
ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।
হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center
এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



PR Driving School
নিয়োগ বিজ্ঞপ্তি
ড্রাইভিং প্রশিক্ষক
প্রতি মাসে
$৮,০০০-$১০,০০০
ডলার
আয় করার সুযোগ..!
যোগ্যতা ও শর্তাবলী
বৈধ ড্রাইভিং লাইসেন্স (ন্যুনতম ২ বছরের অভিজ্ঞতা)
সাবলীলভাবে ইংরেজী বলতে পারদর্শী হতে হবে
হিন্দী ও স্প্যানিশ জানা থাকলে অগ্রাধিকার দেয়া হবে
APPLY NOW
-:Location:-
153-27 Hillside Ave
Jamaica, NY 11432
Call Now:
(631) 944-8334




ড্রাইভিং স্কুল বিক্রয়
:হিলসাইড এভিনিউতে অবস্থিত
একটি
স্বনামধণ্য এবং প্রতিষ্ঠিত
ড্রাইভিং স্কুল বিক্রয় হবে:
:বিস্তারিত:
মাসিক ভাড়া: ২০০০ ডলার
লিজের মেয়াদকাল: ১০ বছর
ব্যবসা চলমান এবং প্রতিষ্ঠিত
মূল্যঃ
$35,000
(ফিক্সড)
শুধুমাত্র আগ্রহী ক্রেতাদের যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
(917) 264-6008




E-2 VISA
INVESTMENT OPPORTUNITY
Live, Work, and Invest in the United States
Are you a foreign entrepreneur or investor looking to start or expand a business in the U.S.?
The E-2 Treaty Investor Visa allows eligible investors and their families to:
✓ Live and work legally in the United States
✓ Operate and manage a U.S-based business
✓ Renew indefinitely as long as the business remains active
✓ Bring spouse and children under 21
✓ Spouses may apply for work authorization
Who Qualifies?
✓ Citizens of E-2 treaty countries
✓ Substantial investment in a U.S. business
✓ Active role in business operations
We Provide:
✓ Business Setup Guidance
✓ Investment Structure Support
✓ Visa Application Assistance
Attention: Attorney Pema Lhamu Bhutia PC

## ইউএস বাংলাদেশ অ্যাডভোকেসি কাউন্সিলের আলোচনা সভা

৩ পৃষ্ঠার পর

বাংলাদেশে নিযুক্ত সাবেক মার্কিন রাষ্ট্রদূত ড্যান মজিনা। মূল বক্তা হিসেবে বক্তব্য রাখেন নিউজার্সির মনমাউথ ইউনিভার্সিটির ফিন প্রফেসর ড. গোলাম এম. মাতবর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভার্জিনিয়া স্টেট সিনেটর সাদাম সেলিম, ড. নজরুল ইসলাম, মেজর (অব.) মনজুরুল হক, ডা. আহমেদ খান সেলাল, ড. আনোয়ার করিম, রফিকুল হক, শামীম সেলিমুদ্দীন এবং শ্যাম মিয়া। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী হাসান চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে ড্যান মজিনা বলেন, বাংলাদেশের গণতন্ত্র দীর্ঘদিন ধরে একটি ব্যক্তিকেন্দ্রিক ব্যবস্থার মধ্যে বন্দী ছিল। বর্তমানে জনগণের ভোটের মাধ্যমে নিজেদের নেতা নির্বাচনের একটি গুরুত্বপূর্ণ সুযোগ সৃষ্টি হয়েছে। তাই ভয়, ভীতি বা প্রলোভনের কাছে নতি স্বীকার না করে ভোটাধিকার প্রয়োগ করতে হবে। বাংলাদেশের গণতান্ত্রিক উত্তরণে জনগণের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন তিনি। সিনেটর সাদাম সেলিম বলেন, বাংলাদেশ উন্নয়ন ও গণতন্ত্রের এক নতুন অধ্যায়ে প্রবেশ করেছে। আগামী নির্বাচন হবে একটি উৎসবমুখর ও অংশগ্রহণমূলক নির্বাচন এবং এতে গঠিত সরকার জনগণের কথা শুনবে। পাশাপাশি তিনি প্রবাসী বাংলাদেশিদের স্থানীয় রাজনীতিতে আরও সক্রিয় হওয়ার আহ্বান জানান। মূল বক্তা ড. গোলাম এম. মাতবর বলেন, সুশীল সমাজের পরিধি শুধু সাধারণ জনগণের মধ্যেই সীমাবদ্ধ নয়; এর মধ্যে এনজিও, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসহ সমাজের সব স্তরের মানুষ অন্তর্ভুক্ত। একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। অন্যথায় ভবিষ্যতে আবারও স্বৈরাচারী শাসনের আশঙ্কা থেকে যেতে পারে। মেজর (অব.) মনজুরুল হক বলেন, বর্তমানে একটি বিদেশি শক্তি বাংলাদেশের নির্বাচনকে প্রভাবিত করার চেষ্টা করছে। সুশীল সমাজের অংশ হিসেবে বাংলাদেশ সেনাবাহিনীরও একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বলে মনে করেন তিনি। ডা. আহমেদ খান সেলাল বলেন, আগামী সরকার হবে জনগণের সরকার এবং জুলাই সনদে সবার অংশগ্রহণ ও মতামত প্রতিফলিত হওয়া জরুরি। সভাপতির বক্তব্যে সামছুদ্দীন মাহমুদ বলেন, ইউএস বাংলাদেশ অ্যাডভোকেসি কাউন্সিল সরকারের অংশীদার হিসেবে কাজ করতে আগ্রহী। , একটি নিরপেক্ষ, অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। সুশীল সমাজকে প্রকৃত অর্থে একটি কার্যকর 'বার্গেনিং এজেন্ট' হিসেবে কাজ করতে হবে।

## সর্বকালের সর্বোচ্চ আয় করা কে এই অভিনেত্রী?

৪৬ পৃষ্ঠার পর

হলিউড তারকা স্কারলেট জোহানসনকে পেছনে ফেলেছেন তিনি, যার মোট আয় ছিল প্রায় ১৫.৪ বিলিয়ন ডলার। উল্লেখ্য, গত বছর 'জুরাসিক ওয়ার্ল্ড' ছবির সাফল্যের পর স্কারলেট এই তালিকার শীর্ষে উঠেছিলেন।

চমকে দেওয়ার মতো তথ্য হল, জো সালদানা পৃথিবীর ইতিহাসে সর্বকালের সর্বোচ্চ আয়কারী শীর্ষ সাতটি ছবির মধ্যে চারটিতেই অভিনয় করেছেন, যার মধ্যে শীর্ষ তিনটি ছবিতেই তিনি ছিলেন। সালদানা অভিনীত 'অ্যাভাটার' ফ্র্যাঞ্চাইজির তিনটি ছবির মোট আয় প্রায় ৬.৬ বিলিয়ন ডলার।

পাশাপাশি মার্ভেল সিনেমাটিক ইউনিভার্সে গামোরা চরিত্রে অভিনয় করে তিনি আরও বিপুল সাফল্য অর্জন করেছেন। তার অভিনীত মার্ভেল সিনেমাটিক ইউনিভার্সের ছবিগুলোর সম্মিলিত আয় ৭.৫ বিলিয়ন ডলারেরও বেশি। এছাড়াও তিনি 'স্টার ট্রেক' সিরিজের সিনেমায়ও অভিনয় করেছেন।

এদিকে, চলতি বছরের শেষের দিকে মুক্তি পেতে যাওয়া 'অ্যাভেঞ্জার্স: ডুমসডে' ছবিতেও আছেন এই হলিউড তারকা। তাই ধারণা করা হচ্ছে, ছবিটি প্রেক্ষাগৃহে আসলে জো সালদানার আয় আরও বাড়তে পারে। পাশাপাশি ভবিষ্যতে মুক্তির অপেক্ষায় থাকা বাকি দুই 'অ্যাভাটার' ছবিতেও তার উপস্থিতির জোর সম্ভাবনা রয়েছে।

রেকর্ড যাত্রায় যাদের পেছনে ফেলেছেন সালদানা : সর্বকালের সর্বোচ্চ আয়কারী অভিনেতাদের তালিকায় এক নম্বর ১৯৬০-এর দশক পর্যন্ত ক্লার্ক গেবল ও জন ওয়েন শীর্ষে ছিলেন। পরবর্তীতে ৯০-এর দশক পর্যন্ত এই স্থান দখল করে রাখেন আর্নল্ড শোয়ার্জেনেগার ও সিলভেস্টার স্ট্যালোন। মার্ভেল সিনেমাটিক ইউনিভার্সের যাত্রা শুরুর পর দীর্ঘদিন শীর্ষে ছিলেন স্যামুয়েল এল. জ্যাকসন। গত বছর তাকে পেছনে ফেলে প্রথম হন স্কারলেট জোহানসন। বর্তমানে স্যামুয়েল তৃতীয় স্থানে অবস্থান করছেন। তার পরের স্থানগুলোতে রয়েছেন মার্ভেলেরই আরেক তারকা রবার্ট ডাউনি জুনিয়র ও ক্রিস প্রাট।

শীর্ষ ১০ তালিকায় মার্ভেল সিনেমাটিক ইউনিভার্সের আরও যেসব অভিনেতা রয়েছেন তারা হলেন- ক্রিস হেমসওয়ার্থ, ভিন ডিজেল ও ক্রিস ইভান্স। তালিকার একমাত্র মার্ভেল সিনেমাটিক ইউনিভার্সের বাইরের অভিনেতা হিসেবে আছেন টম ক্রুজ (৬ নম্বরে) এবং ডোয়াইন জনসন (১০ নম্বরে)। সব মিলিয়ে, 'অ্যাভাটার: ফায়ার অ্যান্ড অ্যাশ'র সাফল্য যেমন ক্যামেরনের পাশাপাশি জো সালদানাকেও নতুন এক ঐতিহাসিক উচ্চতায় নিয়ে গেছে।


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২



REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING



জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
184-02 Hillside Ave, 1st Fl, Jamaica, NY 11432
Jackson Heights Office
37-18 74th St, Suit 200, Jackson Heights, NY 11372

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

## এক বছরে ১ লাখের বেশি ভিসা বাতিল যুক্তরাষ্ট্রে

৬২ পৃষ্ঠার পর

বিশেষায়িত ভিসা রয়েছে। এসব ভিসাধারীর মধ্যে অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত হয়ে মার্কিন আইন প্রয়োগকারী সংস্থার মুখোমুখি হওয়া ব্যক্তিদের ভিসাও রয়েছে।' মার্কিন স্টেট ডিপার্টমেন্টের প্রিন্সিপাল ডেপুটি স্পোকসপার্সন টমি পিগট বলেন, এক বছরের কম সময়ে ট্রাম্প প্রশাসন ১ লাখের বেশি ভিসা বাতিল করেছে।

টমি পিগট আরও বলেন, 'হাজার হাজার বিদেশী নাগরিকের ভিসা বাতিল হয়েছে, যাদের বিরুদ্ধে হামলা, চুরি এবং মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর মতো অপরাধের অভিযোগ বা দণ্ড রয়েছে।'

কন্স নিউজের এক প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৫ সালে বাতিল হওয়া ভিসার সংখ্যা ২০২৪ সালের তুলনায় দ্বিগুণের বেশি। সাবেক প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসনের শেষ বছর ২০২৪ সালে প্রায় ৪০ হাজার ভিসা বাতিল করা হয়েছিল।

প্রতিবেদনে আরও বলা হয়, ২০২৫ সালে বাতিল হওয়া ভিসার বড় অংশই ছিল ব্যবসা ও পর্যটন ভিসা, যাদের বিরুদ্ধে ভিসার মেয়াদ অতিক্রম হয়ে যাওয়ার পরও যুক্তরাষ্ট্রে অবস্থান করার অভিযোগ ছিল। তবে তবে আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে অপরাধমূলক সংঘাতের অভিযোগ তুলে ৮ হাজার শিক্ষার্থী এবং বিশেষায়িত ভিসায় থাকা ২ হাজার ৫০০ ব্যক্তির ভিসাও বাতিল করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়, বিশেষায়িত ভিসাধারী কর্মীদের ক্ষেত্রে বাতিল হওয়া ভিসার অর্ধেকই মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর (ড্রাঙ্কেন ড্রাইভিং) অভিযোগের ভিত্তিতে। এ ছাড়া ৩০ শতাংশ ভিসা বাতিল করা হয়েছে হামলা, মারধর বা বেআইনিভাবে আটকে রাখার অভিযোগে। বাকি ২০ শতাংশ ভিসা বাতিলের কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে চুরি, শিশু নির্যাতন, মাদক সেবন ও সরবরাহ, প্রতারণা এবং অর্থ আত্মসাতের অভিযোগ।

প্রতিবেদন অনুযায়ী, মাদক বহন ও বিতরণের অভিযোগে প্রায় ৫০০ শিক্ষার্থীর ভিসা বাতিল করা হয়েছে। একই সঙ্গে শিশু নির্যাতনের সঙ্গে জড়িত বলে সন্দেহ করা হওয়ায় শত শত বিদেশি কর্মীর ভিসাও বাতিল হয়েছে।

প্রতিবেদনে টমি পিগটের উদ্ধৃতি দিয়ে বলা হয়, নতুন 'কন্টিনিউয়াস ভেটিং সেন্টার'-এর মাধ্যমে প্রশাসন তাদের এই নীতি অব্যাহত রাখবে। তিনি বলেন, ট্রাম্প প্রশাসন আমেরিকানদের "সবার আগে রাখার নীতি" ধরে রাখবে এবং এমন বিদেশি নাগরিকদের কাছ থেকে আমাদের দেশকে রক্ষা করবে, যারা জনদিরাপত্তা বা জাতীয় নিরাপত্তার জন্য ঝুঁকি সৃষ্টি করতে পারে।' ট্রাম্প প্রশাসন বৈধ ও অবৈধ উভয় ধরনের অভিবাসনের ওপর দমনপীড়ন জোরদার করেছে এবং যাঁরা কাজ বা পড়াশোনার জন্য যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে চান, তাঁদের জন্য নিয়ম আরও কঠোর করেছে। গত ১৫ ডিসেম্বর থেকে স্টেট ডিপার্টমেন্ট এইচ-১বি এবং এর ওপর নির্ভরশীল এইচ-৪ ভিসা আবেদনকারীদের সোশ্যাল মিডিয়া প্রোফাইল পরীক্ষাসহ আরও উন্নত স্ক্রিনিং প্রক্রিয়া শুরু করেছে। স্টেট ডিপার্টমেন্ট বারবার জোর দিয়ে বলেছে, মার্কিন ভিসা একটি বিশেষ সুযোগ, কোনো অধিকার নয়। জাতীয় নিরাপত্তা বা জনদিরাপত্তার জন্য হুমকি হতে পারে, এমন আবেদনকারীদের শনাক্ত করতে তারা স্ক্রিনিং এবং যাচাইকরণের সময় সব তথ্য পরীক্ষা করে দেখবে।

## তারেক রহমানের আচরণে রাজনীতির নতুন বার্তা

৭ পৃষ্ঠার পর

ধারাবাহিকতা। খালেদা জিয়ার রাজনৈতিক জীবনের শেষ পর্যায়ে যে সহনশীলতা, সংযম ও আপসহীন গণতান্ত্রিক অবস্থান দেখা গেছে, তারেক রহমান যেন সেখান থেকেই নতুন অধ্যায় শুরু করতে চাইছেন।

তবে বাস্তবতা হলো-বাংলাদেশের রাজনীতিতে মানুষ এখন বক্তৃতার চেয়ে আচরণে বেশি বিশ্বাস করে। জনগণ বহুবার দেখেছে, বিরোধী দলে থাকা নেতারা ক্ষমতায় গিয়ে কীভাবে বদলে যান। তাই তারেক রহমানের এই নতুন রূপকে সময়ের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিনয় যদি কেবল ব্যক্তিগত পর্যায়ে সীমাবদ্ধ থাকে, দলীয় সংস্কৃতিতে রূপ না নেয়, তবে এর স্থায়িত্ব নিয়ে প্রশ্ন থেকেই যাবে। কিন্তু এটুকু অস্বীকার করার উপায় নেই-রাজনীতির এই রূঢ় সময়ে, অহংকার আর ব্যক্তিপূজার ভিড়ে তারেক রহমানের সাম্প্রতিক আচরণ স্বস্তির বাতাস বইয়েছে। এটি মনে করিয়ে দেয়, রাজনীতি চাইলে মানবিকও হতে পারে। রাজকীয় চেয়ার ছেড়ে সাধারণ চেয়ারে বসার দৃশ্যটি হয়তো ইতিহাসের পাতায় বড় কোনো ঘটনার শিরোনাম হবে না, কিন্তু এটি একটি গুরুত্বপূর্ণ বার্তা রেখে যায়-নেতা বড় হন মানুষকে সম্মান দিয়ে, মানুষকে ছোট করে নয়। শেষ পর্যন্ত রাজনীতি মানুষের জন্যই। আর যে নেতা এই সত্যটি মনে রাখতে পারেন, তিনিই সময়ের পরীক্ষায় টিকে যান।

## অবশেষে সমঝোতার পর ফের শুরু হচ্ছে বিপিএল

৫২ পৃষ্ঠার পর

নির্দেশনা না দেওয়া পর্যন্ত বিসিবি সভাপতি আমিনুল ইসলাম অর্থ কমিটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন। বিবৃতিতে বিসিবি বলেছে, ক্রিকেটারদের স্বার্থই তাদের সর্বোচ্চ অগ্রাধিকার। বোর্ড তাদের অধিকারসমূহ সকল খেলোয়াড়ের সম্মান ও মর্যাদা রক্ষায় সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ। বিসিবি আশা করছে এই চ্যালেঞ্জিং সময়ে সকল ক্রিকেটার পেশাদারিত্ব ও নিষ্ঠার সর্বোচ্চ মান বজায় রেখে বাংলাদেশ ক্রিকেটের উন্নয়নে অবদান রাখবেন এবং বিপিএল খেলবেন।

গত বছরে জাতীয় দলের সাবেক অধিনায়ক তামিম ইকবালকে নিয়ে বাজে মন্তব্য করেন পরিচালক নাজমুল। তখন কোয়াব কড়া সমালোচনা করেছিল। পরে নাজমুল ক্রিকেটারদের অবদান নিয়ে প্রশ্ন তোলেন। এই ঘটনায় ক্রিকেটাররা ম্যাচ বর্জনের হুমকি দেন। গত বৃহস্পতিবার বাংলাদেশ প্রিমিয়ার লিগের ঢাকা পর্ব শুরু হওয়ার কথা ছিল। তবে তা শুরুর আগেই বড় অনিশ্চয়তায় পড়ে। পরে বিপিএলের ম্যাচও শুরু হয়নি ঠিক সময়ে। বৃহস্পতিবার জরুরি অনলাইন সভা শেষে বিসিবি জানায়, খেলোয়াড়েরা মাঠে না ফিরলে অনির্দিষ্টকালের জন্য বন্ধ হবে বিপিএল।

## 'কালা কুত্তার ঈমান চৌদ্দ আনা'

১০ পৃষ্ঠার পর

চিকিৎসাসেবা নিশ্চিত করতে। ঢাকা ও জেলা পর্যায়ের অনেকগুলো বেসরকারি ক্লিনিক, হাসপাতাল, ও ডায়াগনস্টিক সেন্টার তখন এ কাজে সংযুক্ত হয়েছিলো। বিএনপিপন্থী বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষকরা আহতদের হাসপাতালে নিয়ে যাওয়ার দায়িত্ব নিয়েছিলেন।

(৭) ৩ আগস্ট রাতে তারেক রহমান জেলা পর্যায়ের নেতাদের সাথে একাধিক টেলিফোন মিটিং করেন। নির্দেশ দেন, যেকোনো মূল্যে সর্বোচ্চ মানুষ নিয়ে ঢাকায় প্রবেশ করতে হবে। ৪ আগস্ট ভোর থেকেই নারায়ণগঞ্জ, চিটাগাং রোড, গাজীপুর, সাভার, দোহার, বিক্রমপুর, এসব এলাকায় লাখ লাখ বিএনপি ও ছাত্রদলকর্মী জড়ো হতে থাকে। বেসরকারি বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষার্থীদের সাথে সমন্বয়ের দায়িত্বে থাকে ছাত্রদল ও বিএনপির আলাদা একটি দল। ঢাকায় তাদের থাকা-খাওয়ার ব্যবস্থা করেন মির্জা আব্বাস পরিবার। ঢাকার শাহজাহানপুর, উত্তরা, যাত্রাবাড়ি, আব্দুল্লাহপুর, ও দোহারের হাজার হাজার বাসাবাড়িতে তখন বিএনপির কর্মীরা রাত কাটিয়েছে।

(৮) ছাত্র সমন্বয়কদের সাথে ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সাথে যোগাযোগ রক্ষা করেন ছাত্রদল সভাপতি রাকিব, সাধারণ সম্পাদক নাসির ও আমান উল্লাহ আমান। এই পুরো প্রক্রিয়ায় শিবির বা জামাতের কাউকে সামনে খুঁজে পাওয়া যায়নি। বরং তাদের অনেকেই ছাত্রলীগ সেজে ছাত্রদের পেটাচ্ছিলো। কেবল সরকার পতন নিশ্চিত হওয়ার পর তারা সামনে আসে, এখন পুলিশ হত্যা, থানা পোড়ানো, থানার অস্ত্র লুটপাট- এগুলো করতে থাকে। এক পর্যায়ে থানাগুলো বাঁচাতে তারেক রহমান নিজে সক্রিয় হন। ৫ আগস্ট রাতে ছাত্রদল, যুবদল, বিএনপি সংঘবদ্ধ হয়ে থানা পাহারা দিতে শুরু করে। বহু দারোগা, কনস্টেবল, ম্যাজি সেদিন বিএনপি কর্মীদের বাড়িতে আশ্রয় নিয়েছিলো।

আপাতত এই অধ্যায়গুলোই পাবলিকলি প্রকাশ করলাম। আরও অনেক বিষয় জানি, সময় হলে বলবো।'

লেখক : মহিউদ্দিন মোহাম্মদ, ১০ জানুয়ারি ২০২৫, ঢাকা।

## বাংলাদেশে যাচ্ছে আইসিসির প্রতিনিধি দল

৫২ পৃষ্ঠার পর

সাবেক জানিয়েছে যে, আইসিসির একটা টিম হয়ত আসছে বাংলাদেশে কথা বলার জন্য।'

বিশ্বকাপ খেলা নিয়ে বাংলাদেশের অবস্থান স্পষ্ট করে ক্রীড়া উপদেষ্টা জানান, 'আমরা আমাদের অবস্থান থেকে সরার কোনো সুযোগ নাই। আমরা প্রস্তুতভাবে বিশ্বকাপ ক্রিকেট খেলতে চাই এবং সেটা আমরা আমাদের দেশেই খেলতে চাই। এবং এটা আয়োজন করা অসম্ভব না বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।'

পরে সাম্প্রতিক সময়ে ক্রিকেট অঙ্গনে তৈরি হওয়া পরিস্থিতি নিয়ে আসিফ নজরুল বলেন,'আপনাকে ক্রিকেটের কথাটা একটু বলি। খুব অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির কারণে হয়েছে। এখানে আপনারা লক্ষ্য করেছেন, আমরা একজন ক্রিকেটার মুক্তিযোদ্ধের অসম্মানে হয়েছে দেখে পুরো বাংলাদেশ রুখে দাঁড়িয়েছে। তো সেখানে আপনার বাংলাদেশ ক্রিকেট বোর্ডের একজন পরিচালক পুরো বাংলাদেশের সমস্ত ক্রিকেটারদেরকে অপমানজনক যে মন্তব্য করেছেন, অপমানজনক যে মন্তব্য করেছেন আমি একজন ক্রিকেট ভক্ত হিসেবে বলি আমার কাছে খুবই দায়িত্বহীন মনে হয়েছে এটা।'যোগ করেন তিনি। দেশের ভাবমূর্তি ও সম্মানের প্রশ্নে সবাইকে এক থাকতে হবে আসিফ নজরুল জানান, আমাদের এখন বিশ্বকে এই বার্তা দেওয়া প্রয়োজন যে আমরা সবাই ঐক্যবদ্ধ একটা জাতি। ক্রিকেট বোর্ড, ক্রিকেটার, ক্রিকেট ভক্ত- আমরা সবাই ঐক্যবদ্ধ একটা জাতি। আমরা দেশের মর্যাদার প্রশ্নে ঐক্যবদ্ধ রয়েছি।

সবশেষে দায়িত্বশীল জায়গা থেকে এমন মন্তব্য আসায় হতাশা প্রকাশ আসিফ নজরুলের, এরকম একটা সময়ে একটা দায়িত্বশীল পদে থেকে সমস্ত ক্রিকেটারদেরকে অপমান করে কথাবার্তা বলা এটা... এটা কীভাবে একজন মানে... এটা কীভাবে সম্ভব হলো আমি বুঝতে পারছি না আর কি। খুব দুঃখজনক, খুবই দুঃখজনক। যাই হোক, এটা ক্রিকেট বোর্ডের অভ্যন্তরীণ ব্যাপার তারা ব্যবস্থা নিবে।

## মার্কিন নাগরিকদের অবিলম্বে ইরান ত্যাগের নির্দেশ

৬২ পৃষ্ঠার পর

যোগাযোগ ব্যবস্থার প্রস্তুতি রাখার পরামর্শ দেয়া হয়েছে। নিরাপদ হলে স্থলপথে আর্মেনিয়া বা তুরস্ক হয়ে ইরান ত্যাগ করার কথাও বলা হয়েছে। সতর্কবার্তায় আরও জানানো হয়, যুক্তরাষ্ট্র-ইরান দ্বৈত নাগরিকদের অবশ্যই ইরানি পাসপোর্ট ব্যবহার করে দেশ ছাড়তে হবে। ইরান সরকার দ্বৈত নাগরিকত্ব স্বীকার করে না এবং দ্বৈত নাগরিকদের শুধুমাত্র ইরানি নাগরিক হিসেবেই বিবেচনা করে। মার্কিন পাসপোর্ট প্রদর্শন বা যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো ধরনের সম্পৃক্ততা প্রকাশ পেলেই ইরানি কর্তৃপক্ষ কাউকে আটক করতে পারে বলেও সতর্ক করা হয়েছে।

এদিকে সোমবার মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প ঘোষণা দেন, ইরানের সঙ্গে ব্যবসা করা যেকোনো দেশের ওপর ২৫ শতাংশ শুল্ক আরোপ করা হবে। ইরানে সরকারবিরোধী আন্দোলন দমনে কঠোর দমন-পীড়নের প্রেক্ষাপটেই এই ঘোষণা আসে। ট্রাম্প আগেও সতর্ক করে বলেছেন, বিক্ষোভ দমনে ইরানি কর্তৃপক্ষ প্রাণঘাতী শক্তি ব্যবহার করলে যুক্তরাষ্ট্র হামলা চালাতে পারে। তবে একই সঙ্গে তিনি তেহরানের সঙ্গে কূটনৈতিক সমাধানের সম্ভাবনাও উড়িয়ে দেননি।

মার্কিন গণমাধ্যমের খবরে বলা হয়েছে, সোমবার ট্রাম্পকে ইরানের বিরুদ্ধে সামরিক বিমান হামলার বাইরে আরও বিভিন্ন বিকল্প নিয়ে ব্রিফ করা হয়েছে। সিবিএস নিউজের প্রতিবেদনে পেন্টাগনের দুই কর্মকর্তার বরাতে জানানো হয়, এসব বিকল্পের মধ্যে সাইবার হামলা ও মনস্তাত্ত্বিক অভিযান অন্তর্ভুক্ত থাকতে পারে, যার মাধ্যমে ইরানের কমান্ড কাঠামো, যোগাযোগ ব্যবস্থা ও রাষ্ট্রনিয়ন্ত্রিত গণমাধ্যমে বিঘ্ন সৃষ্টি করা হবে।

## বাংলাদেশিদের প্রবেশে ৯ বিমানবন্দর

১ পৃষ্ঠার পর

চলার পাশাপাশি আগমন ও প্রস্থানের উপর নজরদারি উন্নত করা। এর আগে, ভিসা বন্ডধারীদের শুধুমাত্র বোস্টন লোগান আন্তর্জাতিক বিমানবন্দর, নিউ ইয়র্কের জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর বা ওয়াশিংটন ডুলস আন্তর্জাতিক বিমানবন্দরের মাধ্যমে যুক্তরাষ্ট্রে প্রবেশ ও প্রস্থান করার অনুমতি ছিল। হালনাগাদ নির্দেশিকা অনুযায়ী, এই তালিকায় আরও ছয়টি প্রধান বিমানবন্দর যুক্ত করা হয়েছে। ফলে মোট বিমানবন্দরের সংখ্যা নয়টিতে দাঁড়িয়েছে।

নতুন নির্ধারিত প্রবেশ বন্দরগুলো হলো নিউয়ার্ক লিবার্টি আন্তর্জাতিক বিমানবন্দর, হার্টসফিল্ড-জ্যাকসন আটলান্টা আন্তর্জাতিক বিমানবন্দর, শিকাগো ও'হেয়ার আন্তর্জাতিক বিমানবন্দর, লস অ্যাঞ্জেলেস আন্তর্জাতিক বিমানবন্দর, টরন্টো পিয়ারসন আন্তর্জাতিক বিমানবন্দর এবং মন্ট্রিয়ল-পিয়ের এলিয়ট ট্রুডো আন্তর্জাতিক বিমানবন্দর। পররাষ্ট্র দপ্তর জানিয়েছে, পর্যায়ক্রমে আরও বন্দর যুক্ত করা হতে পারে।

প্রবেশ বিমানবন্দর সম্প্রসারণের এই নিয়মটি সেইসব ভ্রমণকারীদের জন্য প্রযোজ্য, যাদের বি১/বি২ ভিজিটর ভিসা পাওয়ার শর্ত হিসেবে ৫,০০০, ১০,০০০ বা ১৫,০০০ ডলারের ফেরতযোগ্য ভিসা বন্ড জমা দিতে হয়। বন্ডের পরিমাণ ভিসার সাক্ষাৎকারের সময় আবেদনকারীর পরিস্থিতি বিবেচনা করে ব্যক্তিগতভাবে নির্ধারণ করা হয়।

বর্তমানে ৩৮টি দেশের নাগরিকরা এই বন্ডের শর্তের অধীন। এই তালিকাটি আগস্ট ২০১৫ থেকে পর্যায়ক্রমে প্রসারিত হয়েছে এবং এখন এতে নেপাল, বাংলাদেশ, নাইজেরিয়া, ভেনিজুয়েলা, সেনেগাল এবং উগান্ডাসহ আরও অনেক দেশ অন্তর্ভুক্ত রয়েছে। ২০২৬ সালের ২১শে জানুয়ারি থেকে নেপাল এবং আরও ২৪টি দেশকে এই কর্মসূচিতে যুক্ত করার কথা রয়েছে।

যেসব আবেদনকারী বি১/বি২ ভিসার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন, তাদের অবশ্যই ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি-র ফর্ম আই-৩৫২ পূরণ করতে হবে এবং একজন মার্কিন কনস্যুলার কর্মকর্তার নির্দেশ পাওয়ার পরেই বন্ড জমা দিতে হবে। অর্থপ্রদান অবশ্যই শুধুমাত্র মার্কিন ট্রেজারির অফিসিয়াল পেমেন্ট সিস্টেম, পে.গভ-এর মাধ্যমে করতে হবে। স্টেট ডিপার্টমেন্ট আবেদনকারীদের তৃতীয় পক্ষের ওয়েবসাইট ব্যবহার না করার জন্য সতর্ক করেছে এবং উল্লেখ করেছে যে অনুমোদিত চ্যানেলের বাইরে জমা দেওয়া তহবিলের জন্য মার্কিন সরকার দায়ী থাকবে না।

কর্মকর্তারা জোর দিয়ে বলেছেন যে বন্ড জমা দেওয়া ভিসার নিশ্চয়তা দেয় না এবং একজন কনস্যুলার কর্মকর্তার সুস্পষ্ট নির্দেশনা ছাড়া করা কোনো অর্থপ্রদান ফেরত দেওয়া হবে না। বন্ডের একটি শর্ত হিসেবে, ভ্রমণকারীদের অবশ্যই নির্ধারিত নির্ধারিত বন্দর সংক্রান্ত নিয়ম কঠোরভাবে মেনে চলতে হবে। অনুমোদিত বিমানবন্দরগুলোর যেকোনো একটি দিয়ে প্রবেশ বা প্রস্থান করতে ব্যর্থ হলে প্রবেশে বাধা বা বিলম্ব হতে পারে, অথবা প্রস্থান সঠিকভাবে রেকর্ড নাও হতে পারে-যা ভবিষ্যতে ভিসার যোগ্যতাকে প্রভাবিত করতে পারে। ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি নিয়মকানুন মেনে চলার বিষয়টি পর্যবেক্ষণ করে এবং বন্ডের শর্ত লঙ্ঘনের সন্দেহজনক ঘটনাগুলো আরও পর্যালোচনার জন্য ইউ.এস. সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস-এর কাছে পাঠায়। লঙ্ঘনের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে অনুমোদিত সময়ের বেশি অবস্থান করা, সময়মতো দেশত্যাগ করতে ব্যর্থ হওয়া, অথবা মার্কিন যুক্তরাষ্ট্রে থাকাকালীন অভিবাসন অবস্থার পরিবর্তন বা সমন্বয় করার চেষ্টা করা, যার মধ্যে রাজনৈতিক আশ্রয় প্রার্থনাও অন্তর্ভুক্ত।

প্রতিবছর গড়ে ৪ হাজার ২শত বাংলাদেশি যুক্তরাষ্ট্র থেকে ফেরত যান না। যাকে ওভারস্টে বলা হয়। এদের সবগুলেই ভ্রমণ,স্টুডেন্ট কিংবা বিজনেস ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন। হোমল্যান্ড সিকিউরিটির প্রকাশিত ডাটায় দেখা যায়, ২০২৪ সালে বাংলাদেশ থেকে ভ্রমণ কিংবা বিজনেস ভিসায় প্রবেশ করেছেন ৩৮ হাজার ৫৯০ জন। এরমধ্যে ২ হাজার ২১৩ জন ভিসার মেয়াদ শেষ হলেও যুক্তরাষ্ট্র ত্যাগ করেননি। যার হার শতকরা ৫.৭৩। এই ওভারস্টে করা নন-ইমিগ্রেন্টদেরও অধিকাংশই এসাইলাম প্রার্থনা করেছেন। স্টুডেন্ট ভিসায় এসে ওভারস্টে করার সংখ্যা ব্যাপক বলে উল্লেখ করেছে হোমল্যান্ড সিকিউরিটি। তার সংখ্যাও ২০২৪ সালে (স্টুডেন্ট ভিসার মেয়াদ এক্সপায়ার্ড) ২ হাজার। হোমল্যান্ড সিকিউরিটির এন্ট্রি/এক্সিট ওভারস্টে রিপোর্ট অনুসারে সারা বিশ্ব থেকে আসা ৫ লাখ ভিজিটর ও ব্যবসায়ী আর ফেরত যায় নি। তবে যা ভিসা নিয়ে প্রবেশ করা মোট বিদেশির মাত্র শতকরা ১.১৫ ভাগ। শতকরা ৯৮.৮৫ ভাগ ভিজিটর/ব্যবসায়ী যুক্তরাষ্ট্রে প্রবেশ ও প্রস্থানের শর্ত মেনে চলেছেন।

## নির্বাচনী ব্যালট জেএফকে'র গুদামে বস্তাবন্দি

১ পৃষ্ঠার পর

প্রতিবেদককে বলেন, যুক্তরাষ্ট্রে চিঠি বিলি হয় জিপ কোডের ভিত্তিতে। কিন্তু কিছু ব্যালটের চিঠির ঠিকানায় পিও বক্স লেখা ছিল। এই ধরনের চিঠিগুলো ডেলিভারি না হয়ে পোস্টাল ডিপার্টমেন্টের স্টোরেজে জমা ছিল। বিষয়টি নজরে আনার পর বাংলাদেশ নির্বাচন কমিশন , দূতাবাস ও ইউএস পোস্টাল ডিপার্টমেন্টের কর্মকর্তাদের সাথে জুম মিটিং অনুষ্ঠিত হয়। তারা আমাদের সুপারিশ সাপেক্ষে তা সঠিকভাবে বিতরণের ব্যবস্থা করবে বলে আশ্বস্ত করেছেন। আশা করছি প্রবাসী ভোটাররা তা সময় মতো হাতে পাবেন। জেএফকে থেকে মিসিং হওয়া ব্যালটের একজন ভোটার আবু জায়েদ ভূঁইয়া। বসবাস করেন নিউইয়র্কের বাফেলোতে। সাপ্তাহিক আজকালের পক্ষ থেকে তার সাথে যোগাযোগ করা হয়। তিনি বলেন, ব্যালট পেপার পাইনি। আমার ব্যালট পেপার যদি গার্বেজে ফেলে দেয়া হয় তা দুঃখজনক। অনেক আশা নিয়ে ভোটার হয়েছিলাম। দেশটি আর ভালো হবে না।

## গ্রেসি ম্যানসনে মামদানি

১ পৃষ্ঠার পর

জোর দিয়ে বলেছেন, বাসস্থান বদলালেও তাঁর নিজের অবস্থান ও জীবনধারায় কোনো পরিবর্তন আসবে না। নতুন বাড়ির বারান্দায় দাঁড়িয়ে মেয়র মামদানি ও তাঁর স্ত্রী রামাকে কিছুটা আবেগাপ্লুত ও অভিভূত মনে হয়েছিলো। মেয়র মামদানি বলেন,'কাতুন্টি লেডি এবং আমার পক্ষ থেকে গ্রেসি ম্যানশনে আপনাদের স্বাগতম।'

সাংবাদিকদের উদ্দেশে কথা বলতে গিয়ে মেয়রের কণ্ঠে ছিল আত্মবিশ্বাস, আবার একই সঙ্গে ছিলো বিস্ময়, যেন তিনি নিজেকেও সেই কথাগুলো স্মরণ করিয়ে দিচ্ছিলেন।

মামদানি বলেন, 'প্রতিদিন সন্ধ্যায় আমি যেখানে মাথা রাখবো, সেই জায়গা হয়তো বদলাচ্ছে। কিন্তু অসাধারণ নিউইয়র্কবাসীর সঙ্গে আমি যেভাবে যোগাযোগ করি, তার কোনো পরিবর্তন হবে না। এই শহরকে যারা নিজেদের বাড়ি বলে জানেন, তাদের সেবার মাঝেই আমি থাকব। আমি রাস্তায় থাকব, মানুষের মাঝেই থাকব। আমি সাবওয়েতে থাকব, বাসে উঠব, সিটি বাইকে চড়ব এবং নিউইয়র্কবাসীর উদ্বেগ ও মতামতের ব্যাপারে কখনোই আমার কান বন্ধ করব না।'

আপার ইস্ট সাইডে অবস্থিত গ্রেসি ম্যানসন নিউইয়র্ক সিটির মেয়রের সরকারি বাসভবন। ১৯৪২ সালে প্রথম সেখানে ওঠেন মেয়র ফিওরেলো লাগার্ডিয়া। এরপর সময়ে সময়ে সব মেয়রই অন্তত আংশিকভাবে সেখানে বসবাস করেছেন। মেয়র বিল ডি ব্লাজিও ও মেয়র এরিক অ্যাডামস-উভয়েই গ্রেসি ম্যানসনে পূর্ণকালীন থাকতেন। তবে মেয়র মাইকেল ব্লুমবার্গ নিজের টাউনহাউজে থাকতেন এবং গ্রেসি ম্যানসনকে ব্যবহার করতেন বিভিন্ন আনুষ্ঠানিক অনুষ্ঠানের জন্য। মামদানি কুইন্সের অ্যাস্টোরিয়ায় তার ৮০০-বর্গফুটের ভাড়া-নিয়ন্ত্রিত অ্যাপার্টমেন্টটি ছেড়ে এসেছেন। যেখানে তিনি অ্যাসেম্বলিম্যান থাকাকালীন মাসে ২৩০০ ডলার ভাড়া দিতেন। ১৭৯৯ সালে নির্মিত গ্রেসি ম্যানসন নিয়ে নানা জনশ্রুতিও রয়েছে। ভূতের উপস্থিতির গল্প এই ভবনের সঙ্গে জড়িয়ে আছে। তবে মেয়র মামদানি জানান, এসব গল্প তিনি শুনেছেন ঠিকই, কিন্তু এখনো কোনো ভূতের দেখা পাননি। তিনি মজা করে বলেন, 'মানুষ কেন এত ভূতের কথা বলে? আমি এখনো কোনো ভূতের সঙ্গে দেখা করিনি, ভূতের কাছ থেকে কিছু শুনিওনি।'

## টনসিল অপারেশনের পর যেসব বিষয়ে সতর্ক থাকা জরুরি

২০ পৃষ্ঠার পর

কাজ করতে পারবেন রোগী।

* অপারেশন পরবর্তী ব্যথা : টনসিল অপারেশনের পর মুখের ভেতরে ক্ষতস্থান যেহেতু বিশ্রাম পায় না তাই নাক-কান-গলার অন্যান্য অপারেশনের তুলনায় টনসিল অপারেশনে ব্যথা বেশি হয়। এ ব্যথা বয়সভেদে ১০-১৪ দিন থাকতে পারে। ব্যথার জন্য স্বাভাবিক ভালো মানের ব্যথার ওষুধ দেওয়া হয়, তারপরও অতি তীব্র বা সহ্যের বাইরে ব্যথা হলে পায়ুপথে ব্যবহারের জন্য সাপোজিটরি দিয়ে থাকেন চিকিৎসকরা। তাই খুব বেশি ব্যথা হলে প্রয়োজনে মুখের ওষুধের সঙ্গে সাপোজিটরি ব্যবহার করা যাবে। টনসিল অপারেশনের জায়গা দেখতে সাদা থাকে, এতে চিন্তিত হওয়ার কিছু নেই।

## হাড়ে ব্যথার কারণ ও প্রতিকার

২০ পৃষ্ঠার পর

থাইরয়েড, কিডনি ও প্রোস্টেটের ক্যানসার সাধারণত হাড়ে ছড়িয়ে পড়ে। এর ফলে হাড়ে ব্যথা হয়।

হাড়ের ক্যানসার : হাড়ের ক্যানসার হাড়েই উৎপন্ন হয়। হাড়ের স্বাভাবিক গঠন ধ্বংসের মাধ্যমে এটা ব্যথা সৃষ্টি করতে পারে। হাড়ে রক্ত সরবরাহ প্রতিবন্ধকতা সৃষ্টিকারী রোগ : কিছু রোগ যেমন সিকেল সেল এনিমিয়া হাড়ে রক্ত সরবরাহে বাধা দেয়। রক্ত সরবরাহ বন্ধ হয়ে গেলে হাড়ের টিস্যু মারা যেতে শুরু করে। এর ফলে হাড়ে মারাত্মক ব্যথা হয় ও হাড় দুর্বল হয়ে পড়ে।

ইনফেকশন : হাড়ে ইনফেকশন হলে যে মারাত্মক অবস্থা সৃষ্টি হয় তার নাম অস্টিওমাইলাইটিস। হাড়ের এ ইনফেকশন এর কোষগুলোকে মেরে ফেলতে পারে ও হাড়ের ব্যথা ঘটাতে পারে।

লিউকেমিয়া : লিউকেমিয়া হলো অস্থিমজ্জার ক্যানসার। অধিকাংশ হাড়ে অস্থিমজ্জা থাকে এবং এটা হাড়ের কোষ তৈরি করে। লিউকেমিয়ার রোগীদের হাড়ে বিশেষ করে পায়ে ব্যথা হয়ে থাকে।

## দীর্ঘমেয়াদি হাঁটু ব্যথার চিকিৎসায় প্লাটিলেট রিচ প্লাজমা

২০ পৃষ্ঠার পর

গঠিত। আঘাত বা ইনজুরির কারণে আমাদের এই অংশগুলো ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্ত অংশ থেকে ব্যথা উদ্রেককারী বিভিন্ন রাসায়নিক পদার্থ নিঃসরণ হয়। এমনকি ব্যথা উদ্রেককারী স্নায়ুগুলো ক্ষতিগ্রস্ত হয়ে ব্যথার উদ্রেক করে। সঠিক সময়ে চিকিৎসা না করানোর কারণে তাৎক্ষণিক ব্যথাগুলো ধীরে ধীরে দীর্ঘস্থায়ী ব্যথায় পরিণত হয়।

পিআরপি বা প্লাটিলেট রিচ প্লাজমায় যে বিভিন্ন ধরনের গ্রোথ ফ্যাক্টর বা বৃদ্ধিকারক পদার্থ থাকে, তা ওপরে উল্লিখিত সব কটি উপাদানের বৃদ্ধিতে এবং এগুলোর ক্ষত পূরণে খুবই উল্লেখযোগ্যভাবে সহায়তা করে। ফলে ক্ষতস্থান পূরণ হয়, ক্ষতস্থানের রক্ত চলাচল স্বাভাবিক হয়, ক্ষতস্থানের স্নায়ু পুনর্গঠিত হয় এবং তা স্বাভাবিক অবস্থায় ফিরে আসে। এই অবস্থাকে বলা হয় রিজেনারেশন। এই রিজেনারেশনের মাধ্যমে পিআরপি আমাদের দীর্ঘস্থায়ী ব্যথা নিরাময়ে ভূমিকা রাখে। এই তথ্যগুলো বিভিন্ন গবেষণায় বিভিন্নভাবে প্রমাণিত হয়েছে এবং চলছে আরো গবেষণা।

## শিশু কি কিছুই খেতে চায় না?

২০ পৃষ্ঠার পর

আপনার শিশু যদি ক্ষুধার্ত না হয় বা খেতে না চায়, তাহলে প্রতি দুই ঘণ্টা পর তাকে ছোট স্ন্যাকস খাওয়ান। তিন বেলার বড় খাবার ওদের সাধ্যে না-ও কুলাতে পারে। তাই তাদের ক্ষুধা উদ্দীপিত করতে বা বাড়াতে প্রতি দুই ঘণ্টায় তাদের ছোট আকারে স্ন্যাকস দিন। হালকা নাশতা হিসেবে বাদাম দিতে পারেন। চিনাবাদাম শিশুদের ক্ষুধা বাড়ায় এবং একই সঙ্গে প্রোটিন তৈরিতেও সাহায্য করে। এই মৌলিক নিয়মগুলো মেনে চললে ধীরে ধীরে আপনার শিশু স্বাস্থ্যকর, পর্যাপ্ত খাবার এবং সঠিক সময়ে খেতে শিখবে।

লেখক: পুষ্টিবিদ, আল-রাজী হাসপাতাল, ফার্মগেট, ঢাকা।


জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি
আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561


Starling Car Service LLC
Best Choice for your trip
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
* 24 Hours Service
* Experienced & Professional Driver
* Affordable Price
* Airport Service
* Long Distance - Short Distance Hourly Service
* Special Occasions Service
* Wheelchair Available
* Corporate Transporation
Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825
2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com
We arrange
Base Letter & Base Affiliate


Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IN ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com


প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR
Photography
শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**



ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER





KAZI N JALAL
Licensed Sale Agent

## ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th Drive Jamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156



# CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

tax refund

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

# LIBERTY REAL ESTATE SCHOOL

NYS Approved Real Estate School

রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন

বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে কল করুন **+1 (929) 393-8620**

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

YOU LEARN :

The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
Buying and selling a home as an investment
The market price of house goes up and down
Buy for profit, sell for profit (fix-flip)
What to do to buy your own house
Rules of buying and selling properties
Different types of mortgage loans

Jackson Heights Office: 37-22 73rd Street, Suite 2A
Jamaica Office: 167-16 Hillside Avenue
917 781 0647, 929 399 9352
libertyrealestateschool@gmail.com

# জব জব হেল্প জব

Job Help Application Processing Service

**917-500-3937**

- * পোষ্টাল জব
- * ফেডারেল জব
- * স্টেট জব
- * এম. টি. এ জব
- * সিটি জব
- * রেজুমী তৈরী
- * কভার লেটার
- * সিটিজেনশীপ এপ্লিঃ প্রঃ
- * নিউ পাসপোর্ট/রিনুয়েল
- * ডুয়েল সিটিজেনশীপ
- * ফুড স্ট্যাম্প
- * ডিজএবিলিটি (SSI)
- * সসিয়াল সিকিউরিটি (SS)
- * রিটারম্যান্ট বেনিফিড



**Md. Ali**
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

148-45, Hillside Ave, 2nd Fl, Suite 204
Jamica, NY 11435

**Phone/Fax: 917-300-6160**

# বিউটি সেলুনে বেসমেন্ট স্পেস ভাড়া
# বিউটি সেলুনে অভিজ্ঞ লোক নিয়োগ

জামাইকা এভিনিউ-এর উপর অবস্থিত একটি বিউটি সেলুনে বেসমেন্ট স্পেস ভাড়া দেওয়া হবে। এই জায়গাটি অফিস, নেইলস বা যেকোনো ধরনের সার্ভিস কার্যক্রমের জন্য উপযুক্ত। এছাড়াও, ফার্স্ট ফ্লোরে আমরা হেয়ার কাটিং স্টেশনের বুথ ও নেইল স্টেশন ভাড়া দেব এবং বিউটি সেলুনের কাজ জানা অভিজ্ঞ লোক এবং বিউটি সেলুনের কাজ শিখতে আগ্রহী নতুন লোককেও নিয়োগ করা হবে।

আগ্রহীরা যোগাযোগ করুন:
929-570-0314
917-373-6931

# A basement space is available for rent and Help wanted

A basement space is available for rent in a beauty salon located on Jamaica Avenue.

This space is suitable for an office, nails, or any type of service-related business.

Additionally, hair-cutting station booths on the first floor are available for rent, and we are also hiring both experienced individuals who know beauty salon work and new learners who are interested in learning beauty salon skills.

Interested persons, please contact:

**929-570-0314, 917-373-6931**

# ফের একসঙ্গে বলিউডের তিন খান!

আজকাল বিনোদন



দীর্ঘদিন পর আবার এক বিন্দুতে মিলিত হচ্ছেন বলিউডের মেরুদণ্ড হিসেবে পরিচিত শাহরুখ, সালমান ও আমির। অবশ্য এক সিনেমায় কাজ করছেন না তারা! ২০১৮ সালের পর ফের ২০২৬ সালে তিন খানই বলিউডের রুপালি পর্দায় তাদের সিনেমা নিয়ে হাজির হবেন।
তিন জনই ষাটের কোটায় পা রাখলেও তাদের নিয়ে দর্শকের উন্মাদনা যেন এখনো সেই আগের মতোই আছে। যদিও শেষবার যখন একই বছরে তিনজনের সিনেমা মুক্তি পায়, সেই স্মৃতি কারো জন্যই সুখকর ছিল না। সেবছর মুক্তি পাওয়া সালমানের 'রেস ৩', শাহরুখের বহুল আলোচিত 'জিরো' আর আমিরের 'থাগস অব হিন্দুস্তান' বক্স অফিসে মুখ থুবড়ে পড়েছিল।
এরপরই যেন বলিউডে রীতিমতো হায় হায় রব পড়ে যায়। তারপর সিনেমা হলে করোনার ধাক্কার সঙ্গে দক্ষিণী সিনেমার দাপটে খানদের রাজত্ব যেন হুমকির মুখেই পড়ে যায়। সঙ্গে দর্শকের ওটিটিমুখী হওয়ার প্রভাব তো ছিলই। সেখান থেকে ধীরে ধীরে আবারও নিজেদের অবস্থান জানান দিতে শুরু করেছে হিন্দি চলচ্চিত্রজগত।

২০১৮ সালের সেই ক্ষতি শাহরুখ খান ঠিকই সুদে-আসলে পুষিয়ে দিয়েছে ২০২৩ সালে। সেবছর বলিউড বাদশাহর মুক্তি পাওয়া 'পাঠান', 'জওয়ান' ও 'ডাংকি' ২০০০ কোটি রুপির বেশি আয় করে তার স্টারডমকে নতুনভাবে সংজ্ঞায়িত করে। এখন কেবলই নিজেকে ছাড়িয়ে যাওয়ার যাত্রায় আছেন এ অভিনেতা। বিভিন্ন সময়ে তো তিনি বলেছেনই, এখন আর তার প্রমাণ করার কিছু নেই বরং সময়ের সঙ্গে তাল মিলিয়ে এগোনোটাই আসল চ্যালেঞ্জ। এ বছরই অভিনেতার বহুল প্রতীক্ষিত ছবি 'কিং' মুক্তির কথা রয়েছে।
অন্যদিকে, চলতি বছরে সালমান ফিরছেন আরেক আলোচিত ছবি 'ব্যাটল অব গালওয়ান' নিয়ে। এই সিনেমায় চেনা সালমানকে দেখা যাবে না। কারণ এখানে ভাইজানের সিনেমার সেই চিরচেনা স্টান্ট নেই, নেই দর্শকের হাততালি দেওয়ার মতো সংলাপ। আছে বরফে ঢাকা সীমান্ত, আছে নিঃশব্দ লড়াই। সিনেমা নিয়ে এক সাক্ষাৎকারে এই অভিনেতা বলেছিলেন, এখন তিনি এমন গল্প করতে চান, যেগুলো তার মনের ভেতর থেকে তাকে চ্যালেঞ্জ করে। অনেকের ধারণা 'ব্যাটল অব গালওয়ান' হয়তো তার সেই চ্যালেঞ্জেরই প্রতিফলন।

এরপর ২৬ পৃষ্ঠায়



## 'সবাইকে খুশি করা যাবে না'

আজকাল বিনোদন

ছোট পর্দার বর্তমান সময়ের অন্যতম ব্যস্ত ও জনপ্রিয় অভিনেত্রী জান্নাতুল সুমাইয়া হিমি। অভিনয়ের ব্যস্ততার ফাঁকেও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভক্তদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখেন তিনি। এবার নিজের সাজগোজ নিয়ে ভক্তের নেতিবাচক মন্তব্যের সপাটে জবাব দিয়ে আলোচনায়

এরপর ১৪ পৃষ্ঠায়



## অশালীন মন্তব্য করে বিপাকে হানি সিং, ভিডিও ভাইরাল

আজকাল বিনোদন

বলিউডের জনপ্রিয় র‌্যাপার ইয়ো ইয়ো হানি সিং আবারও বিতর্কের মুখে পড়েছেন। দিল্লিতে এক লাইভ কনসার্টে দর্শকদের উদ্দেশ্যে অশালীন ও আপত্তিকর মন্তব্য করার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে দ্রুত ছড়িয়ে পড়ার পর তিনি প্রবল সমালোচনার মুখে পড়েছেন।
এই ঘটনা ঘটে দিল্লিতে নানকু ও করণের কনসার্টে, যেখানে হানি সিং পারফর্ম করছিলেন। ভিডিওতে দেখা গেছে, শীতের প্রসঙ্গ টেনে হানি সিং রুচিহীন এবং অশ্রাব্য মন্তব্য করেছেন, যা অনেক দর্শক ও অনলাইনে থাকা ব্যবহারকারীদের কাছে অগ্রহণযোগ্য ও অসভ্য মনে হয়েছে।
ভিডিও ভাইরাল হতেই নেটিজেনরা তার এই আচরণকে 'সস্তা', 'সমস্যাজনক' এবং 'হতাশাজনক' হিসেবে কটাক্ষ করেছেন। অনেকেই প্রশ্ন তুলেছেন, কীভাবে একজন জনপ্রিয় শিল্পী এমন বক্তব্য দিয়ে বড় মঞ্চে পারফর্ম করতে পারেন। কেউ কেউ মনে করছেন, হানি সিং ইচ্ছাকৃতভাবেই বিতর্ক সৃষ্টি করে আলোচনায় থাকার চেষ্টা করছেন। কিছু মন্তব্যকারীর ভাষায়, সব থেরাপি আর বিরতি কি এই রকম মানুষের ক্ষেত্রে কাজ করে না? আবার কেউ বলেছেন, এমন ভিডিও পরিবারের সামনে দেখানো সম্ভব নয়।

এরপর ৩৮ পৃষ্ঠায়



## রোজার সঙ্গে বিচ্ছেদ ইস্যুতে মুখ খুললেন তাহসান

আজকাল বিনোদন

জনপ্রিয় সংগীতশিল্পী তাহসান খান ও আমেরিকান মেকআপ আর্টিস্ট রোজা আহমেদের বিবাহবন্ধন মাত্র এক বছর পূর্ণ হতে না হতেই শেষ হয়ে যাচ্ছে। বিষয়টি বেশ চমকে দিয়েছে দুজনের অনুরাগী ও শোবিজের মানুষদের।
গত বছরের ৪ জানুয়ারি তারা বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছিলেন। তবে এই বিশেষ দিনটিকে ঘিরে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া 'উদযাপন'-এর নানা খবর ও ছবি নিয়ে বিব্রতকর পরিস্থিতিতে পড়েছেন এই তারকা। অবশেষে সেই বিভ্রান্তি দূর করতে এবং নিজের বর্তমান দাম্পত্য জীবন নিয়ে মুখ খুললেন তাহসান।
তাহসান-রোজার ঘর ভাঙার খবর প্রকাশ্যে আসার পর থেকেই অনুরাগীদের মনে একটাই প্রশ্ন, তাদের বিচ্ছেদের কারণ কী? বিচ্ছেদের বিষয়ে বেশিকিছু প্রকাশ করেননি গায়ক। অন্যদিকে রোজা একবারেই নীরব। নাম প্রকাশ না করার শর্তে তাহসান ও রোজার ঘনিষ্ঠজনেরা গণমাধ্যমকে জানিয়েছেন, বিয়ের পর দুজনের জীবনদর্শন ও প্রত্যাশার জায়গায় কিছু পার্থক্য স্পষ্ট হয়ে ওঠে। তাহসান চেয়েছিলেন আগের চেয়ে অনেক বেশি ব্যক্তিগত ও নিরিবিলি জীবনযাপন করতে। সে কারণেই বিনোদন অঙ্গন থেকে নিজেকে গুটিয়ে নেওয়া, সামাজিক যোগাযোগমাধ্যম নিষ্ক্রিয় করাড় এমন সিদ্ধান্ত নেন তিনি। সংসারকেই দিতে চেয়েছিলেন অগ্রাধিকার।

এরপর ৫৩ পৃষ্ঠায়

## জল্পনা-কল্পনার অবসান বিয়ে করলেন রাফসান-জেফার

আজকাল বিনোদন



দীর্ঘদিনের গুঞ্জন আর ভক্তদের জল্পনা-কল্পনার অবসান ঘটলো। অবশেষে এক ছাদের নিচে বসবাসের আনুষ্ঠানিক ঘোষণা দিলেন জনপ্রিয় উপস্থাপক ও কনটেন্ট ক্রিয়েটর রাফসান সাবাব এবং আলোচিত সংগীতশিল্পী জেফার রহমান। 'ওপেন সিক্রেট' হিসেবে পরিচিত এই তারকা জুটির প্রেম এবার পরিণয়ে রূপ নিলো।
সামাজিক যোগাযোগ মাধ্যমে বিয়ের খবরটি নিশ্চিত করেছেন রাফসান সাবাব নিজেই। ছবি শেয়ার করে তিনি লেখেন, 'পরিবার ও ভালোবাসার মানুষদের পাশে নিয়ে আমাদের নতুন যাত্রা শুরু করতে যাচ্ছি; আপনাদের দোয়া ও আশীর্বাদ আমাদের কাম্য। আজ আমাদের দুই জীবন এক হলো, শুরু হলো একসাথে পথ চলার এক সুন্দর গল্প।'
রাফসান ও জেফারের ঘনিষ্ঠতা নিয়ে শোবিজ পাড়ায় চর্চা অনেক দিনের। বিভিন্ন অনুষ্ঠান কিংবা ঘরোয়া আড্ডায় তাদের একসঙ্গে উপস্থিতি ভক্তদের মনে বরাবরই কৌতূহল জাগাতো। তবে সব সময় বিষয়টি ব্যক্তিগত পর্যায়েই রেখেছিলেন তারা। বিয়ের এই ঘোষণার মাধ্যমে সেই রহস্যের ইতি টানলেন এই তারকা দম্পতি।
এদিকে সামাজিক যোগাযোগ মাধ্যমে খবরটি প্রকাশ্যে আসার পর থেকেই অভিনন্দনের বন্যায় ভাসছেন নবদম্পতি। সহকর্মী, পরিচিত মুখ এবং সাধারণ নেটিজেনরা তাদের নতুন জীবনের জন্য ভালোবাসা ও শুভকামনা জানিয়েছেন।
রাফসান সাবাব দীর্ঘ দিন ধরে

এরপর ৫৩ পৃষ্ঠায়



## সর্বকালের সর্বোচ্চ আয় করা কে এই অভিনেত্রী?

আজকাল বিনোদন

জেমস ক্যামেরনের নতুন ছবি 'অ্যাভাটার: ফায়ার অ্যান্ড অ্যাশ' শুধু বক্স অফিসে ঝড়ই তোলেনি, বরং হলিউডের ইতিহাসে সর্বোচ্চ আয় করা অভিনয়শিল্পীদের তালিকায় বড় পরিবর্তন এনেছে। ছবিটির বিপুল সাফল্যের সুবাদে অভিনেত্রী জো সালদানা এখন বৈশ্বিক সিনেমার ইতিহাসে সর্বোচ্চ আয় করা অভিনেত্রীতে পরিণত হয়েছেন। বিশ্বব্যাপী বক্স অফিসে এক বিলিয়ন ডলারেরও বেশি আয় করা 'অ্যাভাটার: ফায়ার অ্যান্ড অ্যাশ'র মাধ্যমে জো সালদানার মোট বক্স অফিস আয় পৌঁছেছে প্রায় ১৫.৫ বিলিয়ন ডলারে। এর ফলে আয়ের দিক থেকে এতদিন শীর্ষে থাকা

এরপর ৪০ পৃষ্ঠায়



## বৃহত্তর ময়মনসিংহবাসী ইউএসএ'র অভিষেক অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

বিদায়ী সভাপতি এম এ বারী। সভা পরিচালনা করেন আলাউদ্দিন ও ফয়সাল মনি। সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ডাঃ সায়েরা হক, গেস্ট অব অনার ছিলেন মোঃ আলী ( জেনারেল সেক্রেটারি , বাংলাদেশ সোসাইটি ), বিশেষ অতিথি বৃন্দদের মধ্যে ছিলেন ডাঃ শেখ আল মামুন , ডাঃ শিপার , কুইন্স ৩৬ ডিস্ট্রিক্ট এসেম্বলিম্যান প্রার্থী মেরি জোবাইদা , ডাঃ নাহিদ খান , এন ওয়াই পি ডির সাবেক ডিটেকটিভ অফিসার মোর্শেদ মামুন , সাইদুর খান ডিউক , আমিরুল ইসলাম











কামাল, বদরুল খান, শাহিয়ার আহমেদসহ পরিচালনা কমিটির আহবায়ক ইঞ্জিনিয়ার ফজলুল হক ও প্রধান উপদেষ্টা হাফিজুর রহমান প্রমুখ। নতুন কমিটির সবাইকে শপথ বাক্য পাঠ করান ইঞ্জি ফজলুল হক। দ্বিতীয় অধিবেশনের সভাপতিত্ব করেন নব নির্বাচিত সভাপতি মো নাসির উদ্দিন। এসময় উপস্থিত ছিলেন নব নির্বাচিত সাধারণ সম্পাদক মো শামীম সোহেল ও অন্যান্য নেতৃবৃন্দ। আগামী ২০২৬ -২০২৭ সালের জন্য ৪২ সদস্য বিশিষ্ট একটি বিশাল কমিটি গঠন করা হয়েছে। অনুষ্ঠানে নতুন কমিটিকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন যথাক্রমে মশিউর রহমান, মোঃ আলাউদ্দিন , মোঃ হিমেল, সাঈদ অলিউল্লাহ, জুয়েল, আনোয়ার হোসেন, রূপক, আকরাম হোসেন, ও আরো অনেকে। সব শেষে পরিবেশিত হয় মনোজ্ঞ সংস্কৃতিক অনুষ্ঠান এতে সকলকে গানে গানে মুগ্ধ করে তোলেন মোঃ সজীব। রাতের ডিনার পরিবেশনের মাধ্যমে সভার পরিসমাপ্তি ঘটে।




## সাদেক আলী ফাউন্ডেশন'র দরিদ্রদের মাঝে কম্বল বিতরণ

৬২ পৃষ্ঠার পর

সহকারী পোস্ট মাস্টার জেনারেল শেখ ফরিদ, স্থানীয় ওয়ার্ডের মেম্বার মোহাম্মদ জাবেদ আলী, খুনুয়া মৌলভীনগর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মোঃ সাইফুল ইসলাম, সমাজকর্মী শামীম হোসেন ও চর জংগলদীর মধ্য পাড়া জামে মসজিদের সভাপতি মোহাম্মদ সোহাগ মিয়া প্রমুখ। বিশেষ অতিথি উপস্থিত থেকে স্থানীয় ইউপি সদস্য জাবেদ আলী তাঁর বক্তব্যে বলেন, সাংবাদিক আবুল কাশেম সেন্টু একজন উদার সমাজসেবী নরম মনের ও পরোপকারী একজন মানুষ। তাঁর কাছে সাহায্য চেয়ে কেউ খালি হাতে ফিরেছেন এমন তথ্য আমার জানা নেই। আমাদের সমাজে অনেক ধনী মানুষ রয়েছে কিন্তু, তাঁদের দান করার মত উদার মন মানসিকতা নেই। আবুল কাশেম সেন্টু তাঁদের ব্যতিক্রম একজন মানুষ। এ জন্য তিনি প্রশংসা পাবার দাবিদার। তিনি বলেন, আবুল কাশেমের সাংস্কৃতিক সেবী, শিক্ষানুরাগী বিদ্যুৎসাহী মরহুম বাবা সাদেক আলীর নামে ফাউন্ডেশন করে প্রতি বছর শিক্ষা বৃত্তি, দরিদ্র মানুষের মাঝে অর্থ, বস্ত্র ও খাদ্যসামগ্রী বিতরণ করছেন তা আমাদের কাছে শিক্ষনীয়। প্রবাসী ভাইয়েরা ও সমাজের ধনী মানুষেরা যদি এ ভাবে সাহায্যের হাত প্রসারিত করে তাহলে আমাদের সমাজের দরিদ্র মানুষের অনেক উপকারে আসবে। অন্যান্য দের মধ্য বক্তব্য রাখেন সাদেক আলী ফাউন্ডেশনের পরিচালক পরিচালক রেজাউল করিম রিফাত, আইনুল ইসলাম, আনিসুর রহমান ও জাহাংগীর আলম প্রমুখ।

উল্লেখ্য, নিউ ইয়র্ক প্রবাসী সাংবাদিক আবুল কাশেম ২০১৬ সালে তাঁর বাবা মরহুম সাদেক আলীর নামে এ ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। নিয়মিত শেরপুর জেলার সদর উপজেলাধীন চর জংগলদী রাবেয়া নেছা উচ্চ বিদ্যালয়ে প্রতি বছর পাঁচটি ক্লাসে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীদেরকে মেধা বৃত্তি দিয়ে আসছেন।

## অভিযান ও ভিসা স্থগিতের ঘোষণায় কমিউনিটিতে স্থবিরতা

৬৪ পৃষ্ঠার পর




নামকরণ করা আছে। বাংলাদেশি অনেক ব্যবসায়ি রয়েছেন যাদের প্রতিষ্ঠানে এদেশের কয়েক হাজার ইঞ্জিনিয়ার বর্তমানে চাকরি করছেন। যুক্তরাষ্ট্রের অনেক স্টেইটের উন্নয়ন অবকাঠামো সম্পূর্ণ বদলে দিয়েছেন বাংলাদেশিরা ইঞ্জিনিয়াররা। সিমাহীন প্রতিযোগিতা ও প্রতিকূল পরিবেশ ডিঙিয়ে বাংলাদেশিদের শীর্ষ পদে কাজ করতে হয়েছে। অনেক ল' ফার্ম রয়েছে যেখানে এদেশের এটর্নীরা কাজ করছেন। এসব খ্যাতি ছাড়িয়ে ফুড স্ট্যাম্প, হাউজিংসহ কিছু সরকারী সুবিধা নেয়ার চাপ এখন কমিউনিটির মানুষের ঘাড়ে পড়েছে। অভিযোগে জানা যায়, বৃহৎ অন্যান্য জনগোষ্ঠি বিপুল সরকারী আর্থিক সুবিধা নিয়ে থাকে কিন্তু তারা মোটেও আলোচিত হয় না। দেশভিত্তিক নিষেধাজ্ঞা না দিয়ে প্রবাসে যারা সরকারী সুবিধা ভোগ করেছেন (বিভিন্ন জনগোষ্ঠি) তাদেরকে তালিকাভুক্ত করলে নিজনিজ দেশে অপেক্ষমান মানুষ এই জোগাড়ি থেকে রেহাই পেতেন বলে ভুক্তভোগি পরিবারগুলো থেকে জানানো হয়েছে।




## পাবলিক লাইব্রেরি সংক্রান্ত গবেষণা

- আপনি কি বাংলাদেশি?
- আপনার বয়স কি ৬০ বছর বা তদূর্ধ্ব?
- আপনি কি নিউ ইয়র্কের বাসিন্দা?
- আপনি কি কখনও নিউ ইয়র্ক সিটির পাবলিক লাইব্রেরি (যেমনঃ কুইন্স পাবলিক লাইব্রেরি, নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি) ব্যবহার করেছেন বা বর্তমানে ব্যবহার করছেন?
- আপনি কি বাংলা এবং ইংরেজিতে দক্ষ?

যদি এই সমস্ত প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তাহলে কুইন্স কলেজ, সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের একজন বাংলাদেশি অধ্যাপককে "Public library usage and reading practices among older immigrant adults in Canada and the U.S." শীর্ষক গবেষণার ইন্টারভিউতে অংশগ্রহণ করে সহযোগিতা করুন (৬০-৯০ মিনিট; মুখোমুখি/টেলিফোন/জুম)। আপনার সময়ের জন্য আপনি নগদ $৫০ (মুখোমুখি ইন্টারভিউ) অথবা $৫০ ই-গিফট কার্ড পাবেন (টেলিফোন/জুম) ইন্টারভিউর জন্য।

**ইন্টারভিউতে অংশগ্রহণ করতে কল করুন**
**৭১৮-৯৯৭-৩৭৬৯ অথবা ইমেইল করুন**
**NAFIZ.SHUVA@QC.CUNY.EDU।**



# OFFICE RENT
1ST FL - 3 OFFICE.
2ND FL - 3 OFFICE.
BASEMENT - 1 OFFICE.
(GOOD CREDIT WITH W2 ONLY)
347-969-7895, 347-617-0476
(CALL/TEXT 1PM-8PM ONLY - MONDAY TO FRIDAY)
73ST & 37TH AVE - NEXT TO DUANE READE.
35-50 73RD ST JACKSON HTS, NY 11372


First Time in NY
COMMUNITY
CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
300 ROAD
AIRPORT
Dakhinkhan
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K
TO 200K
PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us


UB
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এর্টনি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

DFC TV
DREAM FRAME CREATIVE

Video & Photo
PRODUCTION
SERVICES

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার?
আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও
–সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :
- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে
বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ফ্রি এপ্রোভাল
- ইন্টারেষ্ট রেট কম
- ফাষ্ট ক্লোজিং
- ইনভেষ্টমেন্ট
- দ্রুত এবং বিশ্বস্ত



139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain



# ভারতীয় কনস্যুলেটের সামনে প্রেট্রিয়টস'র প্রতিবাদ

৬৪ পৃষ্ঠার পর

ভারতীয় সংখ্যালঘুদের ওপর নির্যাতনের বন্ধের দাবীতে নিউইয়র্ক ইন্ডিয়ান কনস্যুলেট এর সম্মুখে গত শুক্রবার জুম্মার নামাজ আদায় ও এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। এক প্রেস বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে। এ আয়োজনে খুতবা প্রদান ও ইমামতি করেন বিশিষ্ট লেখক ও গবেষক ফয়সল আহমেদ জালালী। প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন এর সেক্রেটারি শাহানা মাসুদ, মীর কাসেম, আজাদী কাশ্মীরে অরগানাইজেশনের শরিক এ ওসমান হায়দার, নিউ কাশ্মীর অরগানাইজেশনের আহবায়ক আলতাফ মাহমুদ কাসেম, এক্টিভিস্ট জ্যাকব মিল্টন, নীরা রাব্বানি, প্রফেসর শওকত আলী ও ড. আবু জাফর মাহমুদ। আরো বক্তব্য রাখেন পেট্রিয়টস অব বাংলাদেশের অন্যতম সদস্য আব্দুল কাদের, লায়ন সোহেল আহমেদ, মশিউর লিটন, দীপন গাজী, মামুন মিয়া, মনির হোসেন, আদনান মিয়া, জুয়েল জাকির, রাসেল শওকত।

# প্রবাসীদের ঋণ দেবে প্রবাসী কল্যাণ ব্যাংক




৬৪ পৃষ্ঠার পর

হচ্ছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ নজরুল। মঙ্গলবার ১৩ জানুয়ারি প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের সঙ্গে কথা বলার পর ফেসবুকে এক পোস্টে এ তথ্য জানান তিনি।
পোস্টে অন্তর্বর্তী সরকারের এ উপদেষ্টা লিখেছেন, 'প্রবাসী ভাইদের জন্য সুসংবাদ। প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে অচিরেই চালু হচ্ছে শরিয়াভিত্তিক ঋণ প্রদানের কার্যক্রম। ১৩ জানুয়ারি ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালকের সঙ্গে কথা হয়েছে। তিনি জানিয়েছেন জানুয়ারিতেই এ কার্যক্রম চালু করা সম্ভব হবে।'

# অ্যাসাইলাম আবেদনকারীদের দুঃসময়

৬৪ পৃষ্ঠার পর

যারা অপেক্ষা করছেন তারা আর আবেদনের ধারে কাছেও যাচ্ছেন না। অনেকেই খণ্ডপ্রজ্ঞ নিয়ে দেশে ফিরে যাচ্ছেন। দ্বিতীয় মেয়াদে দায়িত্ব গ্রহণের পর প্রথম এক বছরে যুক্তরাষ্ট্রে অ্যাসাইলাম আবেদন প্রক্রিয়া বর্তমানে জটিল ও কঠিন হয়ে পড়েছে। বিশাল আবেদন ব্যাকলগ, ঘনঘন নীতিমালার পরিবর্তন, আবেদন বাতিলের হার বৃদ্ধি এবং ওয়ার্ক পারমিট পেতে দীর্ঘসূত্রিতার কারণে আবেদনকারীরা গভীর অনিশ্চয়তার মুখে পড়েছেন।
এদিকে, আবেদন গৃহীত হওয়ার পর যারা গ্রিনকার্ড পেয়েছেন তারাও নানান ঝুঁকির মধ্যে পড়ছেন। বিশেষ করে যারা গ্রিনকার্ড পেয়ে নিজ দেশে সফর করেছেন তাদের জন্য এক ধরনের 'বিপদ' তৈরি হয়েছে। নিজ দেশ থেকে ফেরার সময় যুক্তরাষ্ট্রের বিমানবন্দরে ইমিগ্রেশন কর্মকর্তারা তাদের ব্যাপক জিজ্ঞাসাবাদ করছেন।
ট্রাম্প প্রশাসনের অধীনে সীমান্ত নিরাপত্তা জোরদার, দ্রুত প্রত্যাবাসন এবং সীমান্তে 'কঠোর স্ক্রিনিং' নীতি কার্যকর হয়েছে। এর ফলে অনেক আবেদনকারী প্রাথমিক যাচাই পর্যায়েই বাদ পড়ছেন। আবেদনের যোগ্যতা নির্ধারণে 'বিশ্বাসযোগ্য ভয়', সাক্ষাৎকারে মানদণ্ড আরও কঠোর হওয়ায় অনুমোদনের হার কমেছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।
বিচারিক প্রক্রিয়ায় দীর্ঘসূত্রতাও বেড়েছে যে কোনো সময়ের চেয়ে বেশী। ইমিগ্রেশন কোর্টে শুনানির তারিখ পেতে দীর্ঘ অপেক্ষা, প্রমাণপত্রের বাড়তি শর্ত এবং আইনগত সহায়তা না পেলে আবেদনকারীদের পক্ষে মামলা এগিয়ে নেওয়া কঠিন হয়ে পড়ছে। অনেক ক্ষেত্রেই আবেদনকারীরা কাজের অনুমতি পেতে বিলম্বের মুখে পড়ছেন।
অ্যাসাইলাম আবেদনকারীদের ওয়ার্ক পারমিট পাওয়ার সময়সীমা আগে যেখানে সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত ছিল, সেখানে তা কমিয়ে দেড় বছর করা হয়েছে। এতে আবেদনকারীদের জীবিকা নির্বাহ ও পারিবারিক স্থিতিশীলতা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।
২০২৫ সালের শেষের দিকে ট্রাম্প প্রশাসন অ্যাসাইলাম সিদ্ধান্ত প্রক্রিয়া সাময়িকভাবে স্থগিত করার ঘোষণা দিয়েছে। এর ফলে বহু আবেদনকারীর সাক্ষাৎকার ও শুনানির তারিখ বাতিল বা অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে গেছে।

# নিউইয়র্ক সাইবার বিজনেস লায়ন্স ক্লাবের আত্মপ্রকাশ

৬৪ পৃষ্ঠার পর

জনপ্রিয় সাপ্তাহিক আজকালের সম্পাদক। জ্যামাইকা বাংলাদেশি এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি। গোল্ডেন এজ হোম কেয়ার ও নিউইয়র্ক ইন্স্যুরেন্সের প্রেসিডেন্ট। ইমিগ্রেন্ট বাংলাদেশি কমিউনিটির প্রাণপুরুষ তিনি। তার হাত ধরেই যাত্রা শুরু করলো লায়ন ডিস্ট্রিক্ট ২০-আর ২ এর আরেকটি সংগঠন নিউইয়র্ক সাইবার বিজনেস এন্ড ইন্ডাস্ট্রিজ লায়ন্স ক্লাব। গতানুগতিক ধারার নেতৃত্বের বাইরে তিনি এই ক্লাবে স্থান করে দিয়েছেন নতুনদের। এর সাথে সংযোজিত হয়েছে অভিজ্ঞ ও প্রবীন লায়ন নেতৃত্ব। গঠিত হয়েছে নতুন ও পুরাতনের মিশ্রনে আলোকিত একটি এক্সিকিউটিভ কমিটি। যার প্রধান ইয়ং বাংলাদেশি আমেরিকান সাদমান নেওয়াজ। তিনি আর কেউ নন। যুক্তরাষ্ট্রে সফল বাংলাদেশি ব্যবসায়ী ও সিআইপি লায়ন শাহ নেওয়াজের সন্তান। আর সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন সজ্জন ও কমিউনিটি একটিভিস্ট নিশান রহিম। গত ১০ জানুয়ারি রোববার কুইন্সের লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলে সাদমান ও নিশানের নেতৃত্বাধীন এই লায়ন্স ক্লাবের কর্মকর্তারা অভিসিক্ত হন।
কমিটির অন্যান্য কর্মকর্তারা হলেন ট্রেজারার-রাকিব সৈয়দ,মেম্বার চেয়ার-সাদিয়া নেওয়াজ, লায়ন টামার-আনিকা তাসনিম ও টেইল টুইস্টার সায়েম আহমেদ।
কমিটিতে চার্টার মেম্বার হিসেবে রয়েছেন সামসুন নাহার,আমাতুন্নিন আহমেদ,মিরাজুল হক,রোজিনা আকতার, তৌফায়েল আহমেদ,মোহাম্মদ এম রহমান,আনজাম সিদ্দিক,মোহাম্মদ শফি,রিপা সিদ্দিক ও কাজি আশিকুর রহমান। ডাইরেক্টর হিসেবে কমিটিতে রয়েছেন অনিক রাজ, জে আলম নমি, বদরুদ্দোজা সাগর, ফখরুল ইসলাম দেলোয়ার, শাহাবুদ্দিন সাগর, জাহিদ আলম, আতিকুর রহমান, আহসান হাবিব ও ওয়াকিল পাটোয়ারি। এসোসিয়েটরা হচ্ছেন আহসান হাবিব, আতাউর রহমান সেলিম, নুরুল আজিম, মোহাম্মদ আলী, হারুন ভূঁইয়া, মহিউদ্দীন দেওয়ান ও কামরুজ্জামান। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আহসান হাবিব ও শারমিন সোনিয়া।
উদ্বোধনী অনুষ্ঠানে গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন লায়ন্স ইন্টারন্যাশনাল এর সাবেক প্রেসিডেন্ট ভগদান আলেকজান্ডার। বক্তব্য রাখেন লায়ন ডিস্ট্রিক্ট ২০-আর২ এর সেকেন্ড ভাইস গভর্নর লায়ন শাহ নেওয়াজ, ফার্স্ট ভাইস গভর্নর নীনা স্মিথ, অভিষেক অনুষ্ঠানের আহবায়ক আহসান হাবিব,মেম্বার সেক্রেটারি অনিক রাজ, মূলধারা রাজনীতিক এসেম্বলিম্যান জেনিফার রাজ কুমার, সেটট সিনেটর জন লু, যাহরান মুমদানি, এসেম্বলিম্যান স্টিভেন রাগা,আতাউর রহমান সেলিম, মোহাম্মদ আলী, নুরুল আজিম,গুলজার হাই কবির,আনোয়ার হোসেন মহিউদ্দীন দেওয়ান,মমনুজ্জামান চৌধুরী,এম এন মজুমদার,ফখরুল ইসলাম দেলোয়ার,ফখরুল আলম, মোহাম্মদ সাইফিন, লায়ন মামুন রানা তপন,কেবিনেট ট্রেজারার কাজী হোসেন, লায়ন মশিউর রহমান, লায়ন হাসান জিলানী, লায়ন রুহুল আমিন, লায়ন জাহাঙ্গীর সোহরাওয়ার্দী, লায়ন শাহ জে চৌধুরী, উদযাপন কমিটির যুগ্ম সদস্য সচিব বদরুদ্দোজা সাগর, এএফএম জামান ও ফাহাদ সোলায়মান।
অনুষ্ঠানে লায়ন শাহ নেওয়াজের সিআইপি পদক প্রাপ্তি ও সাইবার বিজনেস ক্লাবের শুভ যাত্রা উপলক্ষে কেক কাটা হয়। মনোজ্ঞ সংগীত পরিবেশন করেন রানো নেওয়াজ, অনিক রাজ ও অঞ্জন সানমিন।

# নিউইয়র্ক ডেমোক্রেটিক ক্লাবের বার্ষিক ডিনার

৬৪ পৃষ্ঠার পর

কমারি ও জন লু, অ্যাসেম্বলি মেম্বার জেনিফা গঞ্জালেস রোহান, স্টিভেন রাগা ও ক্যাটালিনা ক্রুজ, নিউইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার লিন্ডা লি, সান্দ্রা ঋং ও শেখর কৃষ্ণন, নিউজার্সির ফ্রাংকলিন টাউনশিপের ডেপুটি মেয়র ও কাউন্সিল মেম্বার শিপা উদ্দিন, নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি মোরশেদ আলম, বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মেরাজ, মূলধারার রাজনীতিক মাফ মিসবাহ উদ্দীন, কমিউনিটি লিডার নাসির আলী খান পল, প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহ, ডেমোক্রেটিক পার্টির কুইন্স ডিস্ট্রিক্ট লিডার অ্যাট লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী, সাপ্তাহিক প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, মূলধারার রাজনীতিক ও ব্যবসায়ী নেতা ফাহাদ সোলায়মান, ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার ড. দিলীপ নাথ, প্রেস্টন বেকার ও জামিলা বস্তি, ডেমোক্রেটিক পার্টির স্টেট কমিটি মেম্বার (নারী) জামিলা উদ্দীন প্রমুখ।
অনুষ্ঠানে মূলধারার জনপ্রতিনিধিরা বাংলাদেশি আমেরিকানদের কমিউনিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার বিষয়টি তুলে ধরেন। তারা বাংলাদেশি কমিউনিটির ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসাবে ১০ জনকে সম্মাননা প্রদান করা হয়। তারা হলেন- নিউইয়র্ক সিটির পাবলিক অ্যাডভোকেট জুমানি উইলিয়ামস, অ্যাসেম্বলি মেম্বার জেনিফা গঞ্জালেস রাহোন, আয়েশা সিদ্দিকা সওজিন, দুলাল বেপেদু, মিয়া বাশার, মো. জয়নাল আবেদীন, মোহাম্মদ জাহাঙ্গীর আলম, আমিন মেহেদী, মেলিনা শারমিন ও বীর মুক্তিযোদ্ধা ফারুক হোসাইন।
এছাড়া স্পেশাল সার্টিফিকেট প্রদান করা হয় মো. আহসান উদ্দিন (এহসান জুয়েল) এবং অটিজম সোসাইটি হ্যাবিলিটেশন অর্গানাইজেশনকে (আসো)। অনুষ্ঠানের শুরুতে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করেন আশফাক চৌধুরী। এসময় সবাই দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নিউ আমেরিকান ইয়ুথ ফোরামের সভাপতি নুসরাত আলম। অনুষ্ঠান সফল হওয়ায় সবাইকে ধন্যবাদ জানান নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাবের প্রতিষ্ঠাতা ও নির্বাহী প্রধান মোরশেদ আলম, নতুন সভাপতি আহসান আলম, নিউ আমেরিকান ওমেন্স ফোরামের সভাপতি অ্যাডভোকেট রুবাইয়া রহমান ও নির্বাহী উপদেষ্টা অধ্যাপিকা হুসনে আরা, কর্মকর্তা রাকিব সৈয়দ, আনজাম সিদ্দিকী রাফি, জে মোল্লা সানি, জ্যাপনিত সিং, ইয়ুথ ফোরামের ভাইস প্রেসিডেন্ট নুসরাত শাহীন অনুভা, শাহ ফারুক প্রমুখ।




# Empire Care Agency

**LHCSA Licensed Home Health Care**



## PCA / HHA SERVICE

**WHY CHOOSE US?**

**We Pay The Highest Rate**

Our Experienced Nurse Will Advocate for your more Hours

**হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন**

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

**OUR SERVICES**

- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping

**$23** Per Hour Giver to **PCA & HHA** Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH



**NURUL AZIM**
CEO
516-451-3748

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com



ঈদ উপলক্ষে **10% DISCOUNT**

# DUO NEST
**REAL ESTATE TUTORING CENTER**

**নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন**

**কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!**

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

**কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?**

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

**শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?**
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

**আমাদের সুযোগ ও সুবিধা**

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ আইসিসির

## নিজেদের অবস্থানে অনড় বিসিবি

আজকাল স্পোর্টস

নিরাপত্তাজনিত শঙ্কার কারণে টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলতে ভারতে যেতে চায় না বাংলাদেশ। এজন্য দাবি জানিয়েছে ভেন্যু পরিবর্তনের।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) এমন সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য অনুরোধ জানিয়েছে আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা- আইসিসি। যদিও নিজেদের অবস্থানে অনড় বিসিবি।

গত মঙ্গলবার ভার্চুয়াল এক বৈঠকে বাংলাদেশের টি-টোয়েন্টি বিশ্বকাপে অংশগ্রহণ নিয়ে আলোচনায় বসেছিল বিসিবি ও আইসিসি। বৈঠকে বিসিবির পক্ষে উপস্থিত ছিলেন বোর্ড সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম, সহসভাপতি মোহাম্মদ সাখাওয়াত হোসেন ও ফারুক আহমেদ, ক্রিকেট অপারেশনস কমিটির চেয়ারম্যান ও পরিচালক নাজমুল আবেদীন এবং প্রধান নির্বাহী কর্মকর্তা নিজামউদ্দিন চৌধুরী। আলোচনায় বিসিবি স্পষ্টভাবে জানায়, নিরাপত্তাজনিত উদ্বেগের কারণে ভারত সফরে না যাওয়ার সিদ্ধান্তে তারা অনড়। একই সঙ্গে আইসিসির কাছে বাংলাদেশের ম্যাচগুলো ভারতের বাইরে আয়োজনের অনুরোধ পুনর্ব্যক্ত করে বোর্ড।

বিসিবির সহসভাপতি সাখাওয়াত হোসেন বলেন, 'আমরা আমাদের অবস্থানেই আছি।অবশ্যই আমরা পজিটিভি আছি, আমরা আমাদের অবস্থান থেকে এক ইঞ্চিও নড়ব না,বিকল্প খুঁজছে আইসিসি, আলোচনার পথ খোলা আছে।'

এদিকে আইসিসি জানায়, বিশ্বকাপের সূচি ইতিমধ্যে ঘোষণা করা হয়েছে এবং বিসিবিকে নিজেদের অবস্থান পুনর্বিবেচনার আহ্বান জানায় সংস্থাটি। তবে বৈঠক শেষে বিসিবি জানায়, এ বিষয়ে তাদের অবস্থানে কোনো পরিবর্তন হয়নি। দুই পক্ষই আলোচনার দরজা খোলা রাখার বিষয়ে একমত হয়েছে এবং সম্ভাব্য সমাধান খুঁজতে আলোচনা অব্যাহত থাকবে বলে জানানো হয়। বিসিবি এক বিবৃতিতে জানিয়েছে, খেলোয়াড়, কর্মকর্তা ও সংশ্লিষ্ট সবার নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করাই বোর্ডের সর্বোচ্চ অগ্রাধিকার। একই সঙ্গে বিষয়টির গ্রহণযোগ্য সমাধানে আইসিসির সঙ্গে গঠনমূলক আলোচনায় অংশ নেওয়ার প্রতিশ্রুতিও পুনর্ব্যক্ত করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড।




## বাংলাদেশে যাচ্ছে আইসিসির প্রতিনিধি দল

আজকাল স্পোর্টস

টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের ভেন্যু নিয়ে চলছে দোটানা। আইসিসিকে সরাসরি বিসিবি জানিয়েছে ভারতের মাটিতে না খেলার কথা। তবে আইসিসি বাংলাদেশকে অনুরোধ করেছে সিদ্ধান্ত পুনঃবিবেচনা করার। সবশেষ এই ইস্যুতে কথা বললেন যুব ও ক্রীড়া উপদেষ্টা ড. আসিফ নজরুল।

গত বৃহস্পতিবার গণমাধ্যমের মুখোমুখি হয়ে আসিফ নজরুল বলেন, 'আমি সর্বশেষ অবস্থা শুধু এইটুকুই জানি, আমাকে আমিনুল ইসলাম বুলবুল এরপর ৪১ পৃষ্ঠায়



## বিশ্বকাপের টিকিট পেতে ফিফায় ৫০ কোটির বেশি আবেদন

আজকাল স্পোর্টস

যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় ফিফা ২০২৬ ফুটবল বিশ্বকাপের আসর বসবে আগামী জুন-জুলাইয়ে। টিকিটের মাত্রাতিরিক্ত দাম নিয়ে তীব্র সমালোচনা এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিবাসী নীতিমালাকে কেন্দ্র করে আসন্ন মেগা ইভেন্টে কেমন দর্শক হতে পারে সেই প্রশ্ন ওঠে। সেসবের মাঝেই ৫০ কোটিরও বেশি মানুষ টিকিটের জন্য আবেদন করেছেন ফিফার কাছে।

ফুটবলের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থাটি জানিয়েছে, টিকিট পেতে স্বাগতিক যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডার বাইরে সবচেয়ে বেশি আবেদন এসেছে জার্মানি, ইংল্যান্ড, ব্রাজিল, স্পেন, পর্তুগাল, আর্জেন্টিনা ও কলম্বিয়ায় বসবাসকারী সমর্থকদের কাছ থেকে। এর আগে টিকিটের সর্বোচ্চ মূল্য ৮৬৮০ ডলার (১০ লাখ ৬২ হাজার) পর্যন্ত নির্ধারণ করে ফিফা।

মাত্রাতিরিক্ত দাম নির্ধারণ নিয়ে ব্যাপক সমালোচনার মুখে সংস্থাটি গত মাসে নিজেদের অবস্থান পাল্টায়। তখন ফিফা জানায়, টুর্নামেন্টে অংশ নেওয়া ৪৮টি জাতীয় ফুটবল ফেডারেশনের জন্য প্রতিটি এরপর ১৪ পৃষ্ঠায়



## ভারতকে হারিয়ে আসর শুরু বাংলাদেশের

আজকাল স্পোর্টস

প্রথমবার কোনো ফুটসাল টুর্নামেন্ট খেলতে নেমেই দাপট দেখালো বাংলাদেশের মেয়েরা। ভারতের বিপক্ষে জয় তুলে নিলো আধিপত্য দেখিয়ে। থাইল্যান্ডের ব্যাংককের ননথাবুরি হলে বৃহস্পতিবার সাফ নারী ফুটসাল চ্যাম্পিয়নশিপে ভারতের বিপক্ষে ৩-১ গোলে জিতেছে বাংলাদেশ।

মালদ্বীপকে ১১-১ ব্যবধানে উড়িয়ে আসর শুরু করেছিল ভারত। সে দলটাকেই কিনা পাত্তা দিলো না বাংলাদেশের মেয়েরা। প্রথমার্ধেই ২-০ ব্যবধানে এগিয়ে গিয়েছিল সাবিনা-কৃষ্ণারা। গোছালো আক্রমণ থেকে সপ্তম মিনিটেই দলকে এগিয়ে দেন সাবিনা খাতুন। প্রতিপক্ষের একজনের কাছ থেকে বল কেড়ে নিয়ে কৃষ্ণা রানী সরকারকে পাস বাড়িয়ে ডান দিক দিয়ে সার্কেলে ঢুকে পড়েন বাংলাদেশ অধিনায়ক। কৃষ্ণার ফিরতি পাস নিখুঁত টোকায় জালে জড়িয়ে দেন তিনি। এরপর ত্রয়োদশ মিনিটেও দুজনের বোঝাপড়ায় ব্যবধান দ্বিগুণ করে বাংলাদেশ। ডান দিক থেকে কৃষ্ণার কোনাকুণি পাস টোকায় জালে জড়িয়ে দেন গোলমুখে থাকা সাবিনা। দ্বিতীয়ার্ধেও নিজেদের দাপট ধরে রাখে বাংলাদেশ। ৩১তম মিনিটে পাল্টা আক্রমণ থেকে লক্ষ্যভেদ করেন মাতসুশিমা সুমাইয়া। শেষদিকে একটি গোল করে ব্যবধান কমায় ভারত। রাউন্ড রবিন লিগ পদ্ধতিতে প্রতিযোগিতায় অংশ নিয়েছে মোট ৭ দল। প্রতিটি দল একে অপরের সঙ্গে মোকাবিলা শেষে টেবিলের সর্বোচ্চ পয়েন্টধারী দল চ্যাম্পিয়নের খেতাব পাবে। প্রতিযোগিতায় শনিবার ভুটানের মুখোমুখি হবে সাবিনারা।

আগের দিন সাফ পুরুষ ফুটসাল চ্যাম্পিয়নশিপে নিজেদের প্রথম ম্যাচে ভারতের বিপক্ষে হাড্ডাহাড্ডি লড়াইয়ে ৪-৪ গোলে ড্র করেছিল বাংলাদেশ। আজ মালদ্বীপের বিপক্ষে নিজেদের দ্বিতীয় ম্যাচে মাঠে নামবে ছেলেরা।

## অবশেষে সমঝোতার পর ফের শুরু হচ্ছে বিপিএল

আজকাল স্পোর্টস

রাতের বৈঠকে সমঝোতার পর কাল থেকে আবার শুরু হচ্ছে বিপিএল। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালক এম নাজমুল ইসলামের বিতর্কিত মন্তব্যের কারণে তার পদত্যাগের দাবিতে আজ বিপিএলের দুটি ম্যাচ বয়কট করেন ক্রিকেটাররা।

এই দুটি ম্যাচ শুক্রবার অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন বিপিএল গভর্নিং কাউন্সিলের সদস্যসচিব ইফতেখার রহমান।

রাতে গুলশানের নাভানা টাওয়ারে বিসিবি কার্যালয়ে কোয়াবের সভাপতি মোহাম্মদ মিঠুনকে সঙ্গে নিয়ে সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন তিনি।

বিসিবির পরিচালক নাজমুল ইসলাম ক্রিকেটারদের পারফরম্যান্স নিয়ে বাজে মন্তব্য করেন।বিশ্বকাপে বাংলাদেশ না খেললে কতটা ক্ষতি হবে সেই প্রসঙ্গে বুধবার তিনি গণমাধ্যমে বলেন, বিসিবির হবে না, ক্রিকেটারদের ক্ষতি হবে। কারণ তারা খেললে ম্যাচ ফি পায়। ম্যাচ সেরা হলেও পায়, পারফরম্যান্স অনুযায়ী পায়। এটা শুধুই ক্রিকেটারের পাওয়া। বোর্ডের লাভ-ক্ষতি নেই। অন্তত এই বিশ্বকাপের জন্য। সাংবাদিকদের কাছে এই পাল্টা প্রশ্ন করে নাজমুল ইসলাম বলেন, আশানুরূপ পারফর্ম না করলে ক্রিকেটারদের বেতন কাটা হয় না, তাহলে ক্ষতিপূরণ দেওয়া হবে কোন যুক্তিতে? ওরা গিয়ে যদি কিছুই না করতে পারে, আমরা যে ওদের পেছনে এত কোটি কোটি টাকা খরচ করছি, আমরা কি ঐ টাকা ফেরত চাচ্ছি না কি? চাচ্ছি? এই প্রশ্নের উত্তর দেন আমাকে।



পরিচালক নাজমুলকে অব্যাহতি অর্থ কমিটির দায়িত্বে আমিনুল : ক্রিকেটারদের অনড় দাবির প্রেক্ষিতে সাম্প্রতিক পরিস্থিতি বিবেচনায় তাৎক্ষণিকভাবে অর্থ কমিটির চেয়ারম্যান পদ থেকে নাজমুল ইসলামকে অব্যাহতি দিয়েছে বিসিবি।

বৃহস্পতিবার এক বিবৃতিতে বিসিবি জানিয়েছে, সংবিধানের অনুচ্ছেদ ৩১ অনুযায়ী বিসিবি সভাপতির অর্পিত ক্ষমতাবলে এই সিদ্ধান্ত নিয়েছে বোর্ড। পরবর্তী এরপর ৪১ পৃষ্ঠায়

## দর্শকদের কাছে দুঃখ প্রকাশ করল বিসিবি

আজকাল স্পোর্টস

বাংলাদেশ প্রিমিয়ার লীগের (বিপিএল) নোয়াখালী এক্সপ্রেস ও চট্টগ্রাম রয়্যালসের মধ্যকার দিনের প্রথম ম্যাচ নির্ধারিত সময়ের দেড় ঘণ্টা পেরিয়ে গেলেও এখনও শুরু হয়নি। ক্রিকেটার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের (কোয়াব) ডাকা বৃহস্পতিবারের বিপিএলের ম্যাচ বয়কটের কারণে মাঠে কোনো ক্রিকেটার না থাকলেও দর্শকরা মাঠে এসেছেন। খেলা শুরু হতে দেরি হওয়ায় দর্শকদের কাছে দুঃখ প্রকাশ করেছে বিসিবি। এরপর ২৮ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 13" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:

CELL: +1 (347) 294-9697


# ২৬ জানুয়ারি থেকে শুরু ট্যাক্স ফাইলিং

১ পৃষ্ঠার পর

হার, করছাড় ও কর কর্তনে পরিবর্তন আনতে পারে। যা অনেক করদাতার ক্ষেত্রে করের বোঝা কমাতে এবং রিফান্ড বাড়াতে সহায়ক হতে পারে। আইআরএস এর মধ্যেই এসব নতুন বিধান নিয়ে বিস্তারিত তথ্য ও দিকনির্দেশনা প্রকাশ করেছে। আইআরএস জানিয়েছে, এ বছর ফ্রি ফাইল প্রোগ্রাম আগেভাগেই চালু করা হচ্ছে। যেসব করদাতার অ্যাডজাস্টেড গ্রস ইনকাম (এজিআই) ৮৪ হাজার ডলার বা তার কম, তারা ৯ জানুয়ারি থেকে বিনামূল্যে এই প্রোগ্রামের মাধ্যমে রিটার্ন জমা দিতে পারবেন। এছাড়া যারা নিজেরা কর প্রস্তুত করতে চান, তারা ২৬ জানুয়ারি থেকে আইআরএস ফ্রি ফাইল ফিলেবল ফর্মস ব্যবহার করতে পারবেন। এ ফ্রি ফাইল ফিলেবল ফর্মস আয়ের পরিমাণ নির্বিশেষে সবার জন্য উন্মুক্ত থাকবে। ২০২৫ কর বছরে কোনো যোগ্য সন্তান না থাকলে একজন করদাতা সর্বোচ্চ প্রায় ৬৪৯ ডলার পর্যন্ত আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট (ইআইটিসি) পেতে পারেন। একজন যোগ্য সন্তান থাকলে এই পরিমাণ বেড়ে সর্বোচ্চ ৪ হাজার ৩২৮ ডলার, দুইজন সন্তানের ক্ষেত্রে ৭ হাজার ১৫২ ডলার এবং তিন বা ততোধিক যোগ্য সন্তান থাকলে সর্বোচ্চ প্রায় ৮ হাজার ৪৬ ডলার পর্যন্ত কর রিফান্ড পাওয়ার সুযোগ রয়েছে। এ অর্থ কর বিলশূন্য হলেও রিফান্ড হিসাবে পাবেন। এটি একটি গুরুত্বপূর্ণ ফেরতযোগ্য কর ক্রেডিট, যার মাধ্যমে স্বল্প ও মধ্যম আয়ের কর্মজীবী ব্যক্তি ও পরিবার করের দায় কমাতে বা সরাসরি রিফান্ড পেতে পারেন। করদাতার আয়, দাখিলের স্ট্যাটাস এবং যোগ্য সন্তানের সংখ্যার ওপর ভিত্তি করে এই ক্রেডিটের পরিমাণ নির্ধারিত হয়। আইআরএস জানিয়েছে, যারা আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট দাবি করবেন তাদের রিফান্ড সাধারণত ফেব্রুয়ারির মাঝামাঝি সময় থেকে পাওয়া শুরু হতে পারে, কারণ নিরাপত্তা যাচাই ও প্রতারণা প্রতিরোধমূলক অতিরিক্ত প্রক্রিয়া সম্পন্ন করা হয়। বিশেষজ্ঞদের মতে, আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট নিম্ন আয়ের কর্মজীবী পরিবারগুলোর জন্য বড় ধরনের আর্থিক সহায়তা হিসেবে কাজ করে এবং নিত্যপ্রয়োজনীয় ব্যয়, সঞ্চয় ও পরিবারের আর্থিক স্থিতিশীলতা বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

# শবে মেরাজের গুরুত্ব

২৫ পৃষ্ঠার পর

মেরাজের ঘটনার মাধ্যমে রসুল (সা.)-এর প্রতি রব্বুল আলামিনের শাশ্বত ভালোবাসার এক অনুপম নিদর্শন প্রকাশ পায়। মেরাজ সংঘটিত হওয়ার আগে রসুল (সা.)-এর শ্রদ্ধেয় চাচা হজরত আবু তালেব (রা.) এবং প্রাণপ্রিয় স্ত্রী হজরত খাদিজা (রা.) একই বছরে ইন্তেকাল করেন। এ বছরকে ইসলামের ইতিহাসে 'আমুল হুজন' অর্থাৎ শোকের বছর বলে আখ্যায়িত করা হয়। তাঁদের দুজনকে হারিয়ে আল্লাহর রসুল (সা.) শোকে মুহ্যমান হয়ে পড়েন। তাঁর প্রতি কাফেরদের অত্যাচারের মাত্রাও বৃদ্ধি পায়। ফলে মক্কায় ইসলাম প্রচার করা দুঃসাধ্য হয়ে পড়ে। তিনি তায়েফে ইসলাম প্রচার করতে যান। কিন্তু সেখানেও কোনো সাড়া পাননি, বরং চরম নির্যাতনের শিকার হন। তিনি অত্যন্ত ব্যথিত হয়ে পড়েন। তাই মহান আল্লাহ তাঁর সর্বশ্রেষ্ঠ বন্ধুকে মেরাজের মাধ্যমে নিজের কাছে নিয়ে বন্ধুর ব্যথিত অন্তরকে প্রশান্ত করে দেন। মেরাজের রজনিতে মহান আল্লাহ এবং রসুল (সা.) দুজনই খুব নিকটবর্তী হন, যেখানে তাঁর গন্তব্যের সঙ্গে মিশে যায়।

# রোজার সঙ্গে বিচ্ছেদ ইস্যুতে মুখ খুললেন তাহসান

৪৬ পৃষ্ঠার পর

অন্যদিকে, বিয়ের পর রোজার পরিচিতি ও সামাজিক পরিসর বেড়েছে। নতুন এই বাস্তবতাকে তিনি উপভোগ করছিলেন বলেও জানিয়েছেন সংশ্লিষ্টরা। এই ভিন্ন ভিন্ন মানসিক অবস্থান ও জীবনযাপনের ধারা ধীরে ধীরে দুজনের মধ্যে দূরত্ব তৈরি করে। সম্প্রতি তাহসান দেশের একটি সংবাদ মাধ্যমে রোজা আহমেদের সঙ্গে বিচ্ছেদের ব্যাপারে কথা বলেছেন। জানিয়েছেন, যে গুজব ছড়িয়েছে তা সত্য। একসঙ্গে থাকছেন না তারা। কয়েক মাস ধরেই আলাদা থাকছেন। শিগগিরই আনুষ্ঠানিকভাবে এ ব্যাপারে ঘোষণা দেবেন। এ ব্যাপারে গায়ক জানিয়েছেন, এ ধরনের খবর ও ফোনকলে অতিষ্ঠ হয়ে যাচ্ছেন তিনি। নিজেকে আড়াল করার চেষ্টা করেও পারছেন না। এসব থেকে কিছুটা শান্তি চান। তাহসান বলেন, অনেক সংবাদ হচ্ছে। অনেক ফোন আসছে। আমি একটু শান্তি চাই।

প্রসঙ্গত, তাহসান সংগীতশিল্পী হলেও নাটকে অভিনয়ের মাধ্যমে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেন। সংগীত ও অভিনয়, উভয় মাধ্যমেই দুর্দান্ত তিনি। ওপার বাংলা কলকাতার অভিনেত্রী শ্রাবন্তীর সঙ্গে জুটি হয়ে বড়পর্দায়ও অভিনয় করেছেন।

২০২৫ সালের ৪ জানুয়ারি মাত্র চার মাসের পরিচয়ে রোজা আহমেদকে বিয়ে করেন তাহসান খান। রোজা একজন পেশাদার মেকআপ আর্টিস্ট। এক দশকেরও বেশি সময় ধরে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রে ব্রাইডাল মেকআপ আর্টিস্ট হিসেবে কাজ করছেন। নিউইয়র্কে একটি মেকআপ প্রতিষ্ঠানও রয়েছে রোজার।

এদিকে এর আগে ২০০৬ সালের ৭ আগস্ট অভিনেত্রী ও সংগীতশিল্পী মিথিলার সঙ্গে বিয়ে হয়েছিল তার। তাদের ঘর আলো করে আসে কন্যাসন্তান আইরা তাহরিম খান। ২০১৭ সালে বিচ্ছেদ হয় মিথিলা ও তাহসানের।

# জল্পনা-কল্পনার অবসান বিয়ে করলেন রাফসান-জেফার

৪৬ পৃষ্ঠার পর

দেশের শীর্ষস্থানীয় সব ইভেন্ট এবং শো উপস্থাপনা করে নিজের শক্ত অবস্থান তৈরি করেছেন। অন্যদিকে, জেফার রহমান তার গায়কী এবং ফ্যাশন সেন্স দিয়ে জয় করেছেন তরুণ প্রজন্মের মন। দুই ভুবনের দুই সফল মানুষের এই নতুন পথচলা বিনোদন জগতে এক নতুন মাত্রা যোগ করলো।

জেফার-রাফসান কেন আলোচনায়? : সংগীতাঙ্গনের প্রিয় মুখ জেফার রহমান এবং জনপ্রিয় উপস্থাপক রাফসান সাবাব বিয়ে করেছেন। যে সম্পর্ককে একদিন কেবল 'গুজব' বলে উড়িয়ে দেওয়া হয়েছে, সেই প্রেমই এবার পেয়েছে পরিণয়। দীর্ঘদিনের লুকোচুরি, সামাজিক যোগাযোগ মাধ্যমে চর্চা আর ভক্তদের হাজারো প্রশ্নের অবসান হয়েছে। অবশেষে গুঞ্জনই বাস্তবে রূপ নিয়েছে। ২০২৩ সালের ৯ নভেম্বর রাফসান সাবাব হুট করেই নিজের ফেসবুক হ্যান্ডেলে স্ত্রী সানিয়া এশার সঙ্গে বিচ্ছেদের খবর জানান। তিন বছরের দাম্পত্য জীবনের ইতি টানার ঘোষণা দিলেও সেই সময় স্ত্রী এশা পাল্টা দাবি করেছিলেন- তিনি বিচ্ছেদ চাননি। এরপর থেকেই নেটিজেনদের আঙুল ওঠে সংগীতশিল্পী জেফার রহমানের দিকে। গুঞ্জন রটে, জেফারের সঙ্গে ঘনিষ্ঠতার কারণেই ভাঙন ধরেছে রাফসানের সাজানো সংসারে। বিচ্ছেদের ঘোষণা আসার পর থেকেই রাফসান ও জেফারকে প্রায়ই দেশের বাইরে একসঙ্গে দেখা গেছে। বিশেষ করে গত বছরের মাঝামাঝিতে থাইল্যান্ডের ব্যাংককের নিয়াম প্যারাগন শপিংমলে পেরি পেরি কুকশপের ভেতরে তাদের একান্ত সময়ের কিছু ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়। যদিও সেই সময় এই জুটির কেউ-ই মুখ খোলেননি; বরং বিষয়টি নিয়ে রীতিমতো 'মুখে কুলুপ' এঁটেছিলেন তারা। ভক্ত-অনুরাগীদের রসিকতা হোক কিংবা সমালোচনা রাফসান-জেফারকে নিয়ে আলোচনার রসদ কখনও ফুরোয়নি। দুই বছর ধরে চলা নানা বিতর্ক আর ব্যাখ্যার পর অবশেষে বিষয়টি স্পষ্ট হয়েছে।


BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

Real Estate Productivity Coaching





Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY






•Residential •Commercial •Investment
•Foreclosures •Auctions •Co-Op & Condo
•Short Sale •Hud •Rentals
•Bank Owned/ REO Properties

List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation





Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245

ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।






যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১

Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR

## ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, স্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite#5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনসুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com

# MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

## Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* স্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666



# ডাঃ গোবিন্দ পাল

মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

## Gobinda Paul M.D., F.A.C.P.

Board Certified in Internal Medicine

